চালু হল
‘দুরন্ত বার্তা’
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 233 Sunday, 23 July, 2023 ❋ ২৮ বর্ষ, ২৩৩ সংখ্যা ❋ ৬ শ্রাবণ, ১৪৩০, রবিবার, ২৩ জুলাই, ২০২৩ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য- ৩ টাকা

হাওড়ার চ্যাটার্জিহাট থানা এলাকায় রহস্যজনকভাবে মৃত্যু হয়েছে এক ব্যবসায়ীর। শনিবার সকাল ১১টা নাগাদ ফ্ল্যাট থেকে তাঁর দেহ মেলে। ...বিস্তারিত পাতা ৩

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী নিশীথ প্রামাণিক ঘনিষ্ঠ দিনহাটার বিজেপি নেতা অজয় রায়কে শুক্রবার রাতে গ্রেফতার করেছে পুলিশ। ...বিস্তারিত পাতা ৫

বাংলাদেশের ঝালকাঠিতে একটি যাত্রীবাহী বাস পুকুরে পড়ে নিহত হয়েছেন ১৭ জন যাত্রী। এই ঘটনায় আহত হয়েছেন আরও ২৫-৩০ জন। ...বিস্তারিত পাতা ৬

ম্যাচের ৯৪ মিনিট। সবাই তখন প্রস্তুতি নিচ্ছিলেন মাঠ ছাড়ার। গোল না পেলেও যুক্তরাষ্ট্রের ফুটবলে মেসির অভিষেক দেখার স্বাদ তো মিটেছে। ...বিস্তারিত পাতা ৮

একুশে জুলাই মিটতেই অভিষেকের নামে আরও ২টি এফআইআর

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাইঃ তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে রবীন্দ্র সরোবর ও হেয়ার স্ট্রিট থানায় অভিযোগ দায়ের। একুশে জুলাইয়ের মঞ্চ থেকে অভিষেক বন্দ্যোপাধ্যায় ৫ আগস্ট ব্লক থেকে বুথ স্তরে বিজেপি নেতা কর্মীদের বাড়ি ঘেরাওয়ের ডাক দিয়েছিলেন। এবার সেই বক্তব্যকে সামনে রেখে বিজেপি নেতা রাজশ্রী লাহিড়ী রবীন্দ্র সরোবর থানায় অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নামে অভিযোগ দায়ের করলেন। তাঁর বক্তব্য, ঘেরাও করা বেআইনি, তাই এই ধরনের কাজ করা যায় না। তাই অভিযোগ দায়ের করলেন বিজেপি নেতা। অন্যদিকে, একুশে জুলাইয়ের সভাতে অভিষেক বন্দ্যোপাধ্যায় ‘ইন্ডিয়া’ শব্দের ভুল ব্যবহার নিয়ে হেয়ার স্ট্রিট থানায় অভিযোগ দায়ের হয়। একুশে জুলাইয়ের মঞ্চ থেকেই অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, ‘‘ব্লক থেকে শুরু করে বুথ, সব স্তরে যত বিজেপি নেতা আছে আপনাদের এলাকায়, একটা তালিকা তৈরি করুন। আগামী ৫ অগাস্ট শনিবার শান্তিপূর্ণভাবে বিজেপি নেতাদের বাড়ি ঘেরাও করুন। সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত বাড়ি ঘেরাও করুন।’’ তবে তিনি এটা স্পষ্ট করে দিয়েছিলেন, বাড়িতে বয়স্ক কেউ থাকলে তাঁদের ছেড়ে দিতে হবে। যদিও তার পরই একুশের মঞ্চে বক্তৃতা রাখতে উঠেন তৃণমূল সুপ্রিমো তথা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। অভিষেকের বক্তব্য কিছুটা শুধরে দেন তিনি। মমতা

বলেন, ‘‘বিজেপি নেতাদের বাড়ি ঘেরাও করবে। বাড়ি থেকে ১০০ মিটার দূরে করবে। ইলেকশনে যেমন ১০০ মিটার দূরে ক্যাম্প হয়। যাতে কেউ বলতে পারবে না অবরুদ্ধ করা হয়েছে।’’ মূলত একশো দিনের কাজের টাকা না দেওয়ার প্রতিবাদে এই কর্মসূচির ডাক। কিন্তু অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বলা প্রথম কথার ভিত্তিতেই ময়দানে নেমে পড়েন বিজেপি কর্মীরা। শুরু হয় রাজনৈতিক বিতর্কও। ইতিমধ্যেই সেই কথার ভিত্তিতে অভিষেকের বিরুদ্ধে এফআইআর দায়ের হয়। অভিযোগকারীদের বক্তব্য, অভিষেক যা বলেছেন, তা আইন বিরুদ্ধে। আর তার ভুল বার্তা নীচু তলার কর্মীদের মধ্যে পৌঁছবে। এতে রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হবে। অন্যদিকে, একুশের মঞ্চে ‘ইন্ডিয়া’ শব্দের ভুল ব্যবহার নিয়েও হেয়ার স্ট্রিট থানায় অভিযোগ দায়ের হয়।

ফোনে কাটল জট, অনুমতি দিলেন রাজ্যপাল

২৪ জুলাই থেকে শুরু বাদল অধিবেশন

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাইঃ অবশেষে বিধানসভার বাদল অধিবেশনের অনুমতি দিলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। ফলে ২৪ জুলাই সোমবার থেকে রাজ্য বিধানসভা অধিবেশন শুরু হচ্ছে। সূত্রের খবর, সোমবার ফোনে পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়ের সঙ্গে কথা হয় রাজ্যপালের। সেখানে অভিবেশ শুরু করা বিষয়ে দু’পক্ষই সম্মত হন। এর ফলে অধিবেশন শুরু করা নিয়ে রাজ্য-রাজ্যপাল যে টানাপোড়েন ছিল তা মিটে গেল। সূত্রের খবর, শুক্রবার একুশে জুলাইয়ের সভার পর রাজ্যপালকে ফোন করেন শোভনদেব চট্টোপাধ্যায়। দীর্ঘক্ষণ তাঁদের মধ্যে অধিবেশন শুরু করার বিষয়ে আলোচনা চলে। এর পরই রাজ্যপাল বিধানসভার বাদল অধিবেশন শুরু করার বিষয়ে অনুমতি দেন। সে ফোনালাপের পরেই পরিষদীয় মন্ত্রীর দফতর থেকে পাঠানো হয় বাদল অধিবেশনের ফাইল। সেই ফাইলে সই করেন রাজ্যপাল। সরকারি ভাবে শনিবার ছুটির দিন। যেহেতু বাদল অধিবেশন সোমবার থেকে শুরু হবে। তাই ছুটির দিন থেকে কাজ শুরু হয়ে গিয়েছে বিধানসভায়। শনিবার বাদল অধিবেশনে নিয়ে একটি বৈঠক করেন পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় ও স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়। এই বৈঠকের পর শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, ‘‘বাজেট অধিবেশন শুরু করা নিয়ে রাজ্যপালের সঙ্গে আমার অনেক ক্ষণ কথা হয়েছে। ২৪ জুলাই থেকে বিধানসভার বাদল অধিবেশন শুরু হচ্ছে।’’ এদিন বিধানসভার বাদল অধিবেশন নিয়ে সাংবাদিক বৈঠকে করে দিনক্ষণ ঘোষণা করলেন বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়। তিনি বললেন, শুরু হচ্ছে আগামী ২৪ জুলাই। খুব দ্রুত করা হচ্ছে এই অধিবেশন। বিধানসভার যাঁরা আধিকারিক আছেন তাঁরা আগামিকাল অফিস খোলা রাখবেন। সোমবার বেলা ১২’টায় বর্ষাকালীন অধিবেশন হবে। সকাল ১১’টায় সর্বদলীয় বৈঠক হবে। বিলের ব্যাপারে আইনমন্ত্রীর সঙ্গে কথা হবে। তিনি আরও বলেন, ‘‘কেরলের প্রাক্তন মুখ্যমন্ত্রী মারা যাওয়ায় রাজ্যপাল সেখানে গিয়েছিলেন। তাই অধিবেশনের সমন দিতে দেরি হয়েছিল। আগামিকাল থেকে বিধায়করা প্রশ্ন দেবেন। অনেকদিন বিধানসভা চলার প্রস্তাব রয়েছে। এটা বাদল অধিবেশনে সিদ্ধান্ত নেব। সরকার ও বিরোধী পক্ষ সকলেই হাজির থাকবেন এই প্রত্যাশা করি। বিধানসভার অফিস থেকে বিরোধী দলকেও জানাব।’’ মণিপুর বিষয়ে ও বিরোধীদের অংশগ্রহণ প্রসঙ্গে তাঁর মন্তব্য, ‘‘বিজনেস অ্যাডভাইজারি কমিটির বৈঠকে মণিপুর নিয়ে আলোচনা হবে কিনা তা নিয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। আশা করব বিরোধীরা অংশগ্রহণ করবেন সব আলোচনায়। কেন বিএ কমিটি বা সর্বদলীয় বৈঠকে থাকেন না তা জানি না। ওয়াক আউট যেন না করেন এটা আমি চাই। এটা পলিটিক্যাল এজেন্ডা। স্পিকার হিসাবে আমি সকলকে বলার সুযোগ দিই। এক-তৃতীয়াংশ বিধায়ক থাকা সত্ত্বেও পঞ্চাশ শতাংশ সময় বরাদ্দ থাকে। লোকসভায় দেওয়া হয় না। বিধানসভা বিরোধীদের বেশি সুযোগ দেয়। সেটা স্পিকার হিসাবে আমি দিই। বিরোধীদের অভিযোগের অর্থ নেই।’’ বিধানসভার শৃঙ্খলা নিয়ে তিনি বলেন, ‘‘অত্যন্ত দূর্ভাগ্যজনক যে মুখ্যমন্ত্রী বলতে উঠলেও ওনারা বেরিয়ে যান। লোকসভায় প্রধানমন্ত্রী বলতে থাকলে কই বিরোধীরা তো চলে যায় না।’’ প্রসঙ্গত, গত

বুধবার পরিদীয় দফতর থেকে বাদল অধিবেশন শুরু করার সম্মতি চেয়ে ফাইল রাজভবনে পাঠানো হয়। কিন্তু রাজ্যপাল সেই ফাইলে সই না করে ফেরত পাঠিয়ে দেন। তিনি মন্ত্রীকেই রাজভবনে ডাকেন। মন্ত্রী না থাকায়, তাঁর কোনও আধিকারিককে রাজভবে পাঠানোর কথা জানানো হয়। কিন্তু রাজভবন থেকে বলা হয়, মুখ্যসচিব রাজ্যপালের সঙ্গে দেখা করুন। কিন্তু মুখ্যসচিব যাননি। ফলে সোমবার অধিবেশন শুরু করা নিয়ে জটিলতা তৈরি হয়। শুক্রবার রাজ্যপালকে ফোন করেন পরিষদীয় মন্ত্রী। তাতেই জটিলতা কাটে। এর ফলে ২৪ জুলাই সোমবার বিধানসভার বাদল অধিবেশন শুরু হচ্ছে। তবে গত বুধবার মন্ত্রিসভার বৈঠকে সোমবার নবান্নে আরও একটি বৈঠক করার কথা জানানো হয়। সোমবার বিধানসভার অধিবেশন থাকায় মন্ত্রিসভার বৈঠকটি নবান্নের বদলে বিধানসভায় হতে পারে।

গাড়িতে আরও অস্ত্র, মমতার বাড়ির সামনে কেন গিয়েছিল নুর আমিন? বাড়ছে রহস্য

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাইঃ গতকালই গাড়ির ভিতর থেকে উদ্ধার হয়েছিল ভোজালি, আগ্নেয়াস্ত্র এবং মাদক। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বাড়ির কাছ থেকে ধৃত নুর আমিনকে জেরা করে ফের তার গাড়ি থেকে একটি বড়সড় কুকরি উদ্ধার হল। ফলে এত অস্ত্র গাড়িতে নিয়ে কেন ওই ব্যক্তি কালীঘাটে মমতা বন্দ্যোপাধ্যায়ের বাড়ির কাছে অপেক্ষা করছিলেন, তা নিয়ে পুলিশ আধিকারিকদের মনে সন্দেহ আরও দৃঢ় হয়েছে। গতকালই কালীঘাটে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বাড়ির অদূরে গাড়ি নিয়ে অপেক্ষা করছিল নুর আমিন নামে ওই ব্যক্তি। তাঁর গাড়িতে পুলিশের স্টিকারও লাগানো ছিল। সন্দেহ হওয়ায় পুলিশ জিজ্ঞাসাবাদ করতে নিজেকে বিএসএফ কর্তা বলে পরিচয় দেয় অভিযুক্ত। মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে চায় বলে জানায় সে। যদিও বিএসএফ-এর যে পরিচয়পত্র নুর আমিন পুলিশকে দেখায়, তা ভুয়ো বলে বুঝতে পারেন পুলিশ আধিকারিকরা। এর পরেই অভিযুক্তকে আটক করে কালীঘাট থানার পুলিশ। পরে তাকে গ্রেফতার করা হয়। ধৃতের গাড়িতে তল্লাশি চালিয়ে একটি ভোজালি, নাইন এমএম-এর মতো দেখতে আগ্নেয়াস্ত্র ও মাদক উদ্ধার করে পুলিশ। এর পরে নুর আমিনকে গ্রেফতার করা হয়। কালীঘাট থানায় নিয়ে গিয়ে নুর আমিনকে রাতভর জিজ্ঞাসাবাদ করে পুলিশ। কেন সে গাড়িতে এত অস্ত্র নিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে চাইছিল, তা জানতে চান পুলিশকর্তারা। সূত্রের খবর, জবাবে নুর আমিন পুলিশের কাছে দাবি করে, মুখ্যমন্ত্রীর নিরাপত্তা বিঘ্নিত হওয়ার খবর ছিল তার কাছে। মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে সেই খবরই মমতা বন্দ্যোপাধ্যায়কেই জানাতে চেয়েছিল সে। যদিও নুর আমিনের এই দাবিকে মানতে চাইছে না পুলিশ। বরং অভিযুক্তকে জেরা করে তাঁর গাড়ির ফ্লোর ম্যাটের নীচ থেকে একটি ১৫ ইঞ্চির লম্বা কুকরির মতো দেখতে অস্ত্র উদ্ধার কর হয়। এ ছাড়াও গাড়ি থেকে উদ্ধার হয় একটি বেস বল ব্যাট। প্রাথমিক তদন্তে পুলিশ জানতে পেরেছে, নুর আমিনের আসল বাড়ি পশ্চিম মেদিনীপুরে। যদিও বাড়ি ভাড়া নিয়ে কলকাতার আনন্দপুর থাকত সে। কলকাতায় এক ইন্টেরিয়র ডেকরেশনের ব্যবসা রয়েছে। নুর আমিনের এক তরুণী পার্টনারেরও খোঁজ পেয়েছে পুলিশ। নুর আমিনের মোবাইলের কল ডিটেলসও খতিয়ে দেখা হচ্ছে। পুলিশ জানতে পেরেছে প্রায় ৬ মাস ধরে নিজেকে পুলিশ বলে পরিচয় দিয়ে ঘুরছিল নুর আমিন। যদিও জেরায় নুর আমিন দাবি করেছে, টোল ট্যাক্স ফাঁকি দিতেই গাড়িতে পুলিশের স্টিকার লাগিয়েছিল সে।

প্রাথমিকের মেধাতালিকা প্রকাশে ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাইঃ নিয়োগ দুর্নীতি থেকে শিক্ষা নিয়ে এবার সতঃপ্রণোদিতভাবেই চেকিং ব্যবস্থাকে আরও নিখুঁত করছে প্রাথমিক শিক্ষা পর্ষদ। তার জন্যই এবার ত্রিস্তরীয় চেকিং ব্যবস্থা। গত ডিসেম্বর মাস থেকে প্রাথমিক শিক্ষা পর্ষদ এগারো হাজারেরও বেশি শূন্যপদে নিয়োগের জন্য ইন্টারভিউ প্রক্রিয়া শুরু করেছে। সেই ইন্টারভিউ প্রক্রিয়া একেবারেই শেষ পর্যায়ে। এবার প্যানেল বা মেধাতালিকা প্রকাশের তৎপরতা প্রাথমিক শিক্ষা পর্ষদের। এবারের প্যানেল প্রকাশ নিয়ে ফের কোনও অভিযোগ যাতে না ওঠে, তার জন্য বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ করছে প্রাথমিক শিক্ষা পর্ষদ। পর্ষদ সূত্রের খবর, প্রার্থীদের তরফে দেওয়া টেটের নম্বরের সঙ্গে সার্ভারে থাকা টেটের প্রাপ্ত নম্বরের মিল রয়েছে নাকি ফারাক রয়েছে তা খতিয়ে দেখা হচ্ছে। সাম্প্রতিক সময় প্রাথমিক শিক্ষক নিয়োগের দুর্নীতি কাণ্ডে ইডি, সিবিআই মতো কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাগুলির তদন্তে টেটের নম্বর বাড়ানোর অভিযোগ উঠেছিল। তাই এবার প্রার্থীদের তরফে দেওয়া টেটের নম্বরের সঙ্গে সার্ভারে থাকা নম্বরের মিল রয়েছে নাকি তা আগেভাগেই খতিয়ে দেখছে পর্ষদ। শুধু তাই নয়, প্রার্থীদের তরফে দেওয়া বিভিন্ন তথ্য যাচাইয়ের জন্য বিশেষজ্ঞ কমিটি ও গঠন করা হয়েছে। এরই সঙ্গে প্রার্থীদের তরফে বিভিন্ন যে ট্রেনিং সার্টিফিকেট জমা দেওয়া হয়েছে তা বৈধ নাকি নকল তাও যাচাইয়ের জন্য বিভিন্ন কলেজের সঙ্গে যোগাযোগ করছে পর্ষদ। সেক্ষেত্রে মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিকের জমা দেওয়া সার্টিফিকেট বা রেজাল্ট নিয়ে কোনও সন্দেহ হলে পর্ষদ মধ্যশিক্ষা পর্ষদ ও উচ্চ মাধ্যমিক সংসদের থেকেও সেই প্রার্থী সম্পর্কে বিস্তারিত তথ্য চেয়ে নিচ্ছে। একাংশের মতে প্রাথমিক শিক্ষক নিয়োগ দুর্নীতিকে কেন্দ্র করে যে মনোভাব পর্ষদ সম্পর্কে তৈরি হয়েছে সেই ভাবনাকে বদল করার জন্য এবার প্যানেল বা মেধাতালিকা প্রকাশের আগে একাধিক পদক্ষেপ করছে প্রাথমিক শিক্ষা পর্ষদ। প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি গৌতম পাল জানান, গোটা প্রক্রিয়াটি শেষ হলেই আমরা প্রাথমিক শিক্ষক নিয়োগের প্যানেল প্রকাশ করব। প্যানেল বা মেধা তালিকা নিয়ে যাতে কোনওরকম অভিযোগ না ওঠে তার জন্য সব রকমের পদক্ষেপ করা হচ্ছে। সম্প্রতি স্কুল সার্ভিস কমিশনের তরফেও উচ্চ প্রাথমিকের নিয়োগ নিয়ে বিতর্ক তৈরি হয়। পর্ষদের আধিকারিকদের দাবি প্যানেল তালিকাপ্রকাশের পর যাতে এই অভিযোগ গুলি না ওঠে তার জন্য আগেভাগেই পদক্ষেপ করতে চাইছে প্রাথমিক শিক্ষা পর্ষদ। সূত্রের খবর, গোটা প্রক্রিয়াটি শেষ হতে আরও খানিকটা সময় লাগবে। সে ক্ষেত্রে অগাস্ট মাসের মধ্যে প্যানেল বা মেধাতালিকা প্রকাশ করতে চায় প্রাথমিক শিক্ষা পর্ষদ।

কংগ্রেস নিয়ে মমতা ‘চুপ’ হলেও তৃণমূলের বিরুদ্ধে সরব অধীর

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাইঃ ২০২৪-এ বিজেপি সরকারকে ক্ষমতাচ্যুত করার লক্ষ্যে ২৬ বিরোধীদল মিলে তৈরি করেছে ‘ইন্ডিয়া’। জোটের শর্ত মেনে একুশে জুলাইয়ের সভা থেকে কংগ্রেসের বিরুদ্ধে এ শব্দও উচ্চারণ করেনি মমতা বন্দ্যোপাধ্যায়। তবে থামছেন না অধীর, শনিবার এ নিয়ে প্রতিক্রিয়া দিতে গিয়ে ফের সরব হলেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরী। তাঁর দাবি, তিনি এনেক আগেই জানিয়েছিলেন মমতাকে কংগ্রেসের হাত ধরতে হবেই। শনিবার এক সাংবাদিক বৈঠকে অধীর বলেন, ‘‘২০১১ সালে রাজ্য মমতা বন্দ্যোপাধ্যায় ক্ষমতা এসেছিলেন কংগ্রেস ঘাড়ে ভর করে। তাঁর প্রতি রাজ্যবাসীর মোহমুক্তি ঘটেছে। এবার তাঁর মনে হয়েছে কংগ্রেসের হাত ধরতে হবে।’’ ২৬ দলের নতুন জোটের নাম দেওয়া হয়েছে ‘ইন্ডিয়া’। জোট গঠন হওয়ার বিভিন্ন মহল থেকে দাবি করা হচ্ছিল এই নাম মমতারই মতিষ্কপ্রসূত। তা মানতে নারাজ অধীর চৌধুরী। তিনি বলেন, ‘‘ভারত জোড়ো কর্মসূচি গোটা দেশকে ঐক্যবদ্ধ করেছে। রাহুল গান্ধির নেতৃত্বে সারা দেশের পরিবর্তনের ইঙ্গিত স্পষ্ট। তাই ভাবনার সঙ্গে যোগ না দিলে বিচ্ছিন্ন হয়ে যাবে, তা বুঝতে পেরে বিরোধী জোটে যোগ দিয়েছে তৃণমূল কংগ্রেস।’’ তাঁর মতে, কংগ্রেসের যতটা তৃণমূলকে দরকার তার চেয়ে বেশি তৃণমূলের কংগ্রেসকে দরকার। প্রসঙ্গত একুশে জুলাইয়ের মঞ্চ থেকে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, ‘‘আমরা চেয়ারের কেয়ারের করি না। আমাদের কোন চেয়ারের দরকার নেই। আমরা চাই বিজেপি দেশ থেকে রাজনৈতিক ভাবে বিদায় নিক। বিজেপিকে আর সহ্য করা যাচ্ছে না।’’ তিনি আরও বলেন, ‘‘ইন্ডিয়া লড়বে। তৃণমূল কংগ্রেস পাশে ঝান্ডা নিয়ে সৈনিকের মতো দাঁড়িয়ে থাকবে।’’ বিরোধী জোট প্রক্রিয়া শুরু হওয়ার সময় থেকে অধীর চৌধুরী বলে আসছেন, কেন্দ্রে তৃণমূলের সঙ্গে তাঁর দল জোট করলেও রাজ্যে ঘাসফুল সরকারের বিরুদ্ধেই লড়াই জারি রাখবে। তাঁর বক্তব্যের প্রেক্ষিতে মমতা বন্দ্যোপাধ্যায় পঞ্চায়েত ভোট প্রচারের সময় বলেন, কেন্দ্র জোট হলে রাজ্যে কংগ্রেস সহযোগিতা চাইবে তা হবে না। তবে অনুষ্ঠানিক ভাবে জোট গঠনের প্রাক পর্বের কথা। জোটের নাম ঘোষণার পর একুশে জুলাই হল মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রথম জনসভা। সেখানে তিনি পঞ্চায়েতে মৃত্যু প্রসঙ্গে বাম জমানার উল্লেখ করলেও কংগ্রেসকে নিয়ে একটি কথাও বলেননি। তবে অধীর চৌধুরী যে তাঁর অবস্থান এখনও বদলাননি তা শনিবার স্পষ্ট করলেন। একুশে জুলাইয়ের সভামঞ্চ থেকে বাংলার নিজস্ব একশ দিনের প্রকল্প চালু করার কথা ঘোষণা করেছেন। যার নাম দিয়েছেন ‘খেলা হবে’। এ প্রসঙ্গে অধীরের প্রশ্ন রাজনৈতিক একটি স্লোগানের সঙ্গে কেন সরকারি প্রকল্পকে যুক্ত করা হচ্ছে। তিনি কটাক্ষ করে বলেন, ‘‘২০২৪ সালের ভোট আসছে বলে কী আবার মানুষকে প্রলুব্ধ করার চেষ্টা নয় তো?’’ তাঁর কথায়, এই প্রকল্প আসলে সরকারি টাকায় ভোটের প্রচার।

সঙ্গীতশিল্পী কৌশিকী চক্রবর্তী প্রতারণার শিকার

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাইঃ প্রতারণার শিকার সঙ্গীত শিল্পী কৌশিকী চক্রবর্তী। পুলিশ সূত্রে খবর, প্রায় দুলক্ষ টাকা প্রতারণার অভিযোগ তাঁরই সঙ্গীত স্কুলের এক কর্মীর বিরুদ্ধে। আকাশ ভাণ্ডারী নামের ওই যুবককে গ্রেফতার করেছে পুলিশ। অভিযোগ, দক্ষিণ ২৪ পরগনার বাসিন্দা আকাশ বেশ কিছুদিন ধরে কৌশিকী চক্রবর্তীর স্কুলে দেখভালের পাশাপাশি শিক্ষার্থীদের থেকে মাসিক ফি নেওয়ার কাজ করতেন। পুলিশ সূত্রে জানা যায়, কৌশিকী লক্ষ্য করেন, গত কয়েক মাসে শিক্ষার্থীদের থেকে প্রাপ্ত টাকা থেকে যে আয় হয় তা আচমকা কমে গিয়েছে। সন্দেহ হয় আকাশের ওপর। কৌশিকী অভিভাবকদের সাথে কথা বলে জানতে পারেন, আকাশ একটি অ্যাকাউন্ট নম্বর দিয়ে সেখানে টাকা দিতে বলেছেন। ১৮ জুলাই লেক থানায় অভিযোগ দায়ের হয়। তদন্ত শুরু করে পুলিশ। দেখা যায়, আকাশের ব্যক্তিগত ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা জমা পড়েছে। তিনি ওই টাকা দিয়ে একটি ল্যাপটপ ও দুটি মোবাইল কিনেছেন। মোবাইল উদ্ধার হয়েছে। এর পরই গ্রেফতার করা হয় আকাশকে। তাঁকে নিজেদের হেফাতজতে নিয়েছে পুলিশ।

মালদহে যাচ্ছে রাজ্য মহিলা কমিশন, সবটা দেখেও কেন চুপ ছিল সিভিক ভলান্টিয়াররা?

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাইঃ মালদহে দুই মহিলাকে নগ্ন করে মারধরের ঘটনায় এবার মাঠে নামল রাজ্য মহিলা কমিশন। শীঘ্রই মহিলা কমিশনের সদস্যরা মালদহে যাবেন বলে জানিয়ে দিলেন চেয়ারপার্সন লীনা গঙ্গোপাধ্যায়। এদিকে এ ঘটনাকে কেন্দ্র করে ইতিমধ্যেই তীব্র শোরগোল শুরু হয়ে গিয়েছে রাজনৈতিক মহলেও। বাংলার সরকারকে কাঠগড়ায় তুলে তোপ দেগেছেন কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ ঠাকুর। রাজনৈতিক রং না দেখে দোষীদের শাস্তির দাবিতে সরব হয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরী। এদিকে এ ঘটনায় ইতিমধ্যেই স্বতঃপ্রণোদিত মামলা দায়ের করেছে রাজ্য মহিলা কমিশন। পুলিশের কাছ থেকে ঘটনার ফুটেজও চাওয়া হয়েছে বলে খবর। এদিয়ে যে ভিডিয়ো ভাইরাল হয়েছে তাতে দেখা যাচ্ছে যে সময় মহিলাদের উপর নির্যাতন চলেছে সেই সময় পাশেই দাঁড়িয়ে ছিল সিভিক ভলান্টিয়াররা। কিন্তু, সবটা দেখেও কেন সিভিক ভলান্টিয়াররা কোনও দায়িত্ব নিল না সেই প্রশ্ন তোলা হয়েছে কমিশনের তরফে। সূত্রের



খবর, মালদহের বামোনগোলা থানার পাকুয়াহাটে ঘটেছে এই ঘটনা। সেখানেই ভরা বাজারে পকেটমার সন্দেহে দুই মহিলাকে নগ্ন করে রাস্তায় বেধড়ক মারধর করা হয়েছে বলে অভিযোগ। মারা হয়েছে জুতো দিয়েও। যদিও আদৌও ওই মহিলা কোনও চুরি বা ছিনতাইয়ের সঙ্গে যুক্ত ছিলেন কিনা সেই প্রশ্নের উত্তর খুঁজছে মহিলা কমিশন। অভিযোগের সত্যতা যাচাইয়ে তথ্য চেয়ে করা হয়েছে ই-মেল। মহিলারা চুরির ঘটনায় অভিযুক্ত হলে ফুটেজ দিন। ইতিমধ্যেই পুলিশকে এ কথা বলা হয়েছে রাজ্য মহিলা কমিশনের তরফে।

মণিপুরের পুনরাবৃত্তি মালদায়? ‘ওরা চুরি করছিল’, নির্যাতিতাদের নিয়ে বললেন মন্ত্রী

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাইঃ মালদায় দুই আদিবাসী মহিলাকে নগ্ন করে মারধরের ঘটনা নিয়ে সরব হয়েছিলেন বিজেপি আইটি সেলের প্রধান অমিত মালব্য। এই ঘটনার ভিডিয়ো পোস্ট করে মতা বন্দ্যোপাধ্যায়কে আক্রমণ শানিয়েছিলেন অমিত। এই আবহে এবার মুখ খুললেন পশ্চিমবঙ্গের মন্ত্রী তথা তৃণমূল নেত্রী শশী পাঁজা। তিনি বলেন, ‘‘এই ঘটনায় রাজনৈতিক রং চড়ানোর কোনও মানে হয় ন’’ তাঁর কথায়, ‘‘এটা একটা চুরির ঘটনা।’’ এদিকে ঘটনায় অন্যতম এক নির্যাতিতার মেয়ে দাবি করেন, তাঁর মা ও কাকিমা বাজারে লেবু বিক্রি করতে গিয়েছিলেন। মিথ্যা ভাবে চোর অপবাদ দিয়ে তাঁদের সঙ্গে এই আচরণ করা হয়েছে। এর আগে গত পরশু রাতে হাওড়ার পাঁচলা নিয়ে বিস্ফোরক অভিযোগ তুলেছিলেন বিজেপির অমিত মালব্য। তবে গতকাল সেই ঘটনার সত্যতা খণ্ডন করেন রাজ্য পুলিশের ডিজি মনোজ মালব্য। আর আজ একেবারে ভিডিয়ো পোস্ট করে দীর্ঘ টুইটে মালদার এই ঘটনা তুলে ধরেন অমিত মালব্য। আজ শশী পাঁজা সাংবাদিক সম্মেলনে বলেন, ‘‘মালদার ঘটনাকে নিয়ে রাজনীতি করার কোনও মানে হয় না। এটি একটি চুরির ঘটনা, যেখানে দুই মহিলা বাজার থেকে কিছু চুরি করার চেষ্টা করেছিল। একদল মহিলা আইন নিজেদের হাতে তুলে নেওয়ার চেষ্টা করে। এরপরই তাদের মারধর শুরু করে। তবে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে যায়। একটি মামলা দায়ের করা হয়েছে এবং পুলিশ বিষয়টি তদন্ত করছে।’’ এদিকে এই ঘটনার প্রেক্ষিতে সকালেই মমতা বন্দ্যোপাধ্যায়কে আক্রমণ শানিয়ে টুইট করেছিলেন বিজেপির আইটি সেলের প্রধান। টুইট বার্তায় অমিত মালব্য লেখেন,

‘‘পশ্চিমবঙ্গে আতঙ্ক অব্যাহত রয়েছে। মালদার বামনগোলা থানার পাকুয়া হাট এলাকায় দুই আদিবাসী মহিলাকে নগ্ন করে, নির্মমভাবে নির্যাতন চালানো হয় এবং তাঁদের মারধর করা হয়। এই ঘটনার সময় পুলিশ নীরব দর্শক হয়ে দাঁড়িয়েছিল। মর্মান্তিক এই ঘটনাটি ঘটে গত ১৯ জুলাই সকালে। এই নির্যাতিত মহিলারা সামাজিকভাবে প্রান্তিক সম্প্রদায়ের। তাঁদের রক্তের জন্য উন্মত্ত হয়ে উঠেছিল জনতা এই ঘটনা খুবই দুঃখজনক। এই ঘটনায় মমতা বন্দ্যোপাধ্যায়ের হৃদয় ‘ভেঙে’ যাওয়া উচিত ছিল। তিনি নিছক অভিনয়ও করতে পারতেন। যেহেতু তিনি বাংলার স্বরাষ্ট্রমন্ত্রীও... কিন্তু তিনি কিছুই করেননি। তিনি এই বর্বরতার নিন্দা করেননি। তিনি এতে ব্যথা ও যন্ত্রণাও প্রকাশ করেননি। কারণ এটি মুখ্যমন্ত্রী হিসেবে তাঁর নিজের ব্যর্থতা প্রকাশ করছে।’’

প্রকাশ্যে আরও এক মণিপুরি বিভীষিকা, ২ বোনকে গণধর্ষণ করে খুন ইম্ফলে, ধৃত ০!

ইম্ফল, ২২ জুলাইঃ বিগত প্রায় তিন মাস ধরে জাতিগত হিংসায় উত্তপ্ত মণিপুর। দুই জাতির সংঘর্ষে একাধিক ধর্ষণের ঘটনাও ঘটেছে বলে অভিযোগ। সম্প্রতি তারই এক নিদর্শন সামনে এসেছিল। সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছিল একটি ভিডিয়ো। যাতে দেখা গিয়েছিল, দুই মহিলাকে নগ্ন করিয়ে ঘোরানো হচ্ছে রাস্তায়। পরে তাঁদের মাঠে নিয়ে যাওয়া হচ্ছে। অভিযোগ, তাঁদের গণধর্ষণ করা হয়েছিল। সেই ঘটনা ঘটেছিল গত ৪ মে। ঘটনার ৭৭ দিন পর পরশু এই মামলায় প্রথম গ্রেফতারি হয়। আর সেই একই দিনে, অর্থাৎ, ৪ মে মণিপুরের রাজধানীতে দুই যুবতীকে গণধর্ষণ করে খুন করা হয় বলে অভিযোগ। আর সেই মামলায় আজও কাউকে গ্রেফতার করেনি পুলিশ। উল্লেখ্য, মণিপুরে মহিলাদের বিবস্ত্র করে রাস্তায় ঘোরানোর ঘটনায় নির্যাতিতারা ছিল কুকি সম্প্রদায়ের। আর ইম্ফলে খুন হওয়া দুই যুবতীও কুকি সম্প্রদায়েরই। এই ক্ষেত্রেও অভিযোগ উঠেছে মৈতেদের বিরুদ্ধে। মৃত দুই তরুণীর বাবার দায়ের করা এফআইআর অনুযায়ী, তাদের বয়স ২১ এবং ২৪ বছর। ইম্ফলে ঘর ভাড়া নিয়ে থাকতেন দুই বোন। ৪ মে তাঁদের ঘরের দরজা ভেঙে ঢুকে পড়ে দুষ্কৃতীরা। এরপর চলে তাণ্ডবলীলা। শেষে খুন করা হয় দু’জনকেই। এদিকে অভিযোগকারী এক সংবাদমাধ্যমকে জানিয়েছেন, তাঁর মৃত মেয়েদের এক মৈতে বন্ধুই তাঁকে ঘটনার বিবরণ দেন। এরপরই তিনি বিস্তারিত জানিয়ে পুলিশে অভিযোগ দায়ের করেছিলেন। তবে পুলিশ এই মামলায় নিষ্ক্রিয়ই থেকেছে। তবে তদন্তের স্বার্থে

দুই মেয়ের দেহ এখনও সংরক্ষণ করে রাখা হয়েছে বলে জানিয়েছেন অভিযোগকারী বাবা। উল্লেখ্য, গত ৩ মে থেকে জাতিগত হিংসার সাক্ষী মণিপুর। মাঝে পরিস্থিতি কিছুটা শান্ত ছিল। তবে পুরোপুরি স্বাভাবিক হয়নি অবস্থা। এখনও পর্যন্ত কয়েক হাজার জনকে উদ্ধার করে নিরাপদ স্থানে নিয়ে যাওয়া হয়েছে। চূড়াচাঁদপুর, মোরে, কাকচিং এবং কাংপোকপি জেলা থেকে অধিকাংশ মানুষকে সরানো হয়েছে। এরই মধ্যে হিংসায় মৃতের সংখ্যা বেড়ে চলেছে। অভিযোগ উঠেছে কুকি ‘জঙ্গিরা’ অটোমেটিক রাইফেল নিয়ে ঘুরে বেড়াচ্ছে। এই আবহে কুকি জঙ্গিদের বিরুদ্ধে অভিযান চলছে সেই রাজ্যে। প্রসঙ্গত, ইম্ফল উপত্যকায় সংখ্যাগরিষ্ঠ হল মৈতে জনজাতি। তবে তারা সম্প্রতি দাবি তুলেছে যে তাদের তফসিলি উপজাতির তকমা দিতে হবে। তাদের এই দাবির বিরোধ জানিয়েছে স্থানীয় কুকি-জো আদিবাসীরা। এই আবহে গত এপ্রিলের শেষ সপ্তাহে মণিপুরের অল ট্রাইবাল স্টুডেন্ট ইউনিয়ন একটি মিছিলের আয়োজন করেছিল। সেই মিছিল ঘিরেই হিংসা ছড়িয়ে পড়ে চূড়াচাঁদপুর জেলায়। এদিকে তফশিলি উপজাতির ইস্যুর পাশাপাশি সংরক্ষিত জমি এবং সার্ভে নিয়েও উত্তাপ ছড়িয়েছে। এই আবহে গত এপ্রিল মাসে এই চূড়াচাঁদপুর জেলাতেই মুখ্যমন্ত্রী বীরেন সিংয়ের সভাস্থলে আগুন লাগিয়ে দিয়েছিল ইন্ডিজেনাস ট্রাইবাল লিডারস ফোরামের সদস্যরা। এদিকে এই জেলা থেকে আদিবাসী বনাম মৈতৈদের এই সংঘর্ষ ছড়িয়ে পড়ে অন্যান্য জেলাতেও। আর এখনও পর্যন্ত সেই হিংসা প্রাণ হারিয়েছেন শতাধিক মানুষ।

বেগুসরাইয়ের ঘটনায় নীতিশকে বিঁধলেন অনুরাগ, কেন্দ্রীয় মন্ত্রীর তোপ অশোক গেহলটকেও

নয়াদিল্লি, ২২ জুলাই ঃ বিহারের বেগুসরাইয়ের ঘটনায় সে রাজ্যের মুখ্যমন্ত্রী নীতিশ কুমারকে বিঁধলেন কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা অনুরাগ সিং ঠাকুর। তিনি আক্রমণ করেছেন রাজস্থানের মুখ্যমন্ত্রী অশোক গেহলটকেও। কেন্দ্রীয় মন্ত্রী দাবি করেছেন, এই দুই রাজ্যে মহিলাদের ওপর হিংসার ঘটনা উপর্যুপরি বো।েই চলেছে।শনিবার দুপুরে দিল্লিতে বিজেপির সদর দফতরে এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর বলেছেন, দেশের কিছু রাজ্যে মহিলাদের প্রতি অপরাধের ঘটনা বেড়েছে এবং বেশ কয়েকটি রাজ্যে এ সবের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। বেগুসরাইয়ে যা ঘটেছে তা আমাদের সকলের সামনে, কিন্তু মুখ্যমন্ত্রী নীতিশ কুমার এ নিয়ে একটি কথাও বলেননি। অনুরাগ আরও বলেছেন, রাজস্থান মহিলাদের প্রতি অপরাধের ক্ষেত্রে এক নম্বর রাজ্যে পরিণত হয়েছে। বিগত ৪ বছরে শুধুমাত্র রাজস্থানে মোট ১.০৯ লক্ষ মহিলাদের প্রতি অপরাধের ঘটনা ঘটেছে রাজস্থানে। অপরাধীদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ নেওয়ার পরিবর্তে, রাজ্যে মহিলাদের উপর অত্যাচারের বিরুদ্ধে আওযা়জ তোলার জন্য মুখ্যমন্ত্রী অশোক গেহলট তাঁর মন্ত্রী রাজেন্দ্র গুধাকে বরখাস্ত করেছেন।

টেটের পাশ নম্বরে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে হাই কোর্টের তৃতীয় বেঞ্চ

কলকাতা, ২২ জুলাই ঃ সংরক্ষিত আসনে টেট পাশের নম্বর নিয়ে দুই বিচারপতি তাঁদের রায়ে ভিন্নমত পোষণ করেছিলেন। এবার সেই মামলা গেল তৃতীয় বেঞ্চে।বিচারপতি সৌগত ভট্টাচার্য একক বেঞ্চ আগামী ১৬ আগস্ট এই মামলার শুনানি করবেন। বৃহস্পতিবার সবপক্ষের আইনজীবীরা ওই এজলাসে গিয়ে মামলাটি দ্রুত শুনানির আবেদন করেন।১৫০ নম্বরে পরীক্ষা হয়েছিল। টেট পাশের জন্য সংরক্ষিত আসনের প্রার্থীদের জন্য ৫৫ শতাংশ ধার্য ছিল। সেই অর্থে ৮২.৫ পেলে সংরক্ষিত আসনের প্রার্থীরা পাস করতেন। এনসিটিই-এর নিয়ম অনুযায়ী, পরীক্ষার্থীরা ৮২ নম্বর পেলেই এ ক্ষেত্রে তাঁদের উত্তীর্ণ বলে ধরা হবে। কিন্তু প্রাথমিক শিক্ষা পর্ষদের যুক্তি, ১৫০-এর মধ্যে ৮২ নম্বর আসলে ৫৪.৬৭ শতাংশ। অর্থা, নিয়ম অনুযায়ী ৫৫ শতাংশ হচ্ছে না। ১ নম্বর বেশি হলে তবে তা শতাংশের বিচারে হত ৫৫.৩৪। সে ক্ষেত্রে ৫৫ শতাংশের নিয়ম প্রযোজ্য হত।বিচারপতি অভিজি গঙ্গোপাধ্যায়ের সিঙ্গল বেঞ্চের নির্দেশ ছিল উত্তীর্ণের নম্বর ৮২ ধরতে। এলাহাবাদ হাই কোর্টের নির্দেশ ও এনসিটির রিপোর্ট উল্লেখ করে এই রায় দিয়েছিলেন বিচারপতি। বোর্ড সেই সিদ্ধান্ত মেনে নেয়। শুরু হয় সাক্ষাৎকারও। কিন্তু কেউ কেউ রায়কে চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চে যান। তাঁদের বক্তব্য ছিল, ৮২ পেলে পাস করানো যাবে না। মামলায় হয় বিচারপতি সুব্রত তালুকদার ও বিচারপতি সুপ্রতিম ভট্টাচার্য ডিভিশন বেঞ্চে। বিচারপতি সুব্রত তালুকদার ও বিচারপতি সুপ্রিম

ভারী বৃষ্টিতে বিপদসীমার কাছে পৌঁছল অলকানন্দা ও মন্দাকিনী, অবরুদ্ধ যমুনোত্রী ও বদ্রীনাথ হাইওয়ে

দেহরাদূন, ২২ জুলাই ঃ ভারী বৃষ্টিপাতের জেরে বিপদসীমার কাছাকাছি পৌঁছে গেল অলকানন্দা ও মন্দাকিনী নদীর জলস্তর। শনিবার সকালে রুদ্রপ্রয়াগ জেলা ইমার্জেন্সি অপারেশন সেন্টার জানিয়েছেন, অলকানন্দা নদী ৬২৬ মিটারে প্রবাহিত হচ্ছে, বিপদসীমা ৬২৭ মিটার। মন্দাকিনী নদী ৬২৫ মিটারে প্রবাহিত হচ্ছে, এই নদীর বিপদসীমা ৬২৬ মিটার। যেভাবে বৃষ্টি হয়েই চলেছে তাতে এই দুই নদীই বিপদসীমা অতিক্রম করতে পারে।এদিকে, পাহা। থেকে পাথর গড়িয়ে আসার কারণে যমুনোত্রী ও বদ্রীনাথ হাইওয়ে অবরুদ্ধ হয়ে পড়েছে। উত্তরকাশী জেলা প্রশাসন জানিয়েছে, যমুনোত্রী হাইওয়ে ছটাঙ্গা-সহ অনেক জায়গায় অবরুদ্ধ হয়ে পড়েছে, যে কারণে যাত্রীরা এবং স্থানীয় মানুষজন আটকে পড়েছেন। উত্তরকাশীর বারকোটে ভারী বৃষ্টির কারণে যমুনোত্রী জাতীয় সড়কের ওপর প্রচুর ধ্বংসাবশেষ রয়েছে এবং একটি স্কুলও প্লাবিত হয়েছে। স্কুলের শিশুদের নিরাপদে সরিয়ে নেওয়া হয়েছে।

আগামী ২৫ বছর ভারতের জন্য খুবই গুরুত্বপূর্ণ ঃপ্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২২ জুলাই ঃ আগামী ২৫ বছর ভারতের জন্য খুবই গুরুত্বপূর্ণ। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তাঁর কথায়, এ দেশের মানুষ ভারতকে উন্নত দেশে পরিণত করার সংকল্প নিয়েছে। রোজগার মেলার অধীনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শনিবার সকালে ভিডিও কনফারেন্সের মাধ্যমে নতুন নিয়োগপ্রাপ্তদের মধ্যে ৭০ হাজারেরও বেশি প্রার্থীদের হাতে চাকরির নিয়োগপত্র তুলে দেন। সারা দেশে ৪৪টি স্থানে রোজগার মেলা অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী এদিন বলেছেন, আজাদি কা অমৃত মহোসব-এর সময, যখন দেশ উন্নয়নের পথে কাজ করছে, তখন একজন সরকারি কর্মচারী হিসেবে কাজ করার সুযোগ পাওয়া খুবই সম্মানের। এ দেশের মানুষ ভারতকে উন্নত দেশে পরিণত করার সংকল্প নিয়েছে। আগামী ২৫ বছর ভারতের জন্য খুবই গুরুত্বপূর্ণ।প্রধানমন্ত্রীর কথায়, বর্তমানে ভারত সেই সমস্ত দেশগুলির মধ্যে একটি যেখানে ব্যাঙ্কিং সেক্টরকে সবচেয়ে শক্তিশালী বলে মনে করা হয়। কিন্তু ৯ বছর আগে এই পরিস্থিতি ছিল না... আমাদের ব্যাঙ্কিং সেক্টর আগের সরকারের আমলে ব্যাপক ধ্বংসের সম্মুখীন হয়েছিল। এখন আমরা ডিজিটাল লেনদেন করতে সক্ষম, কিন্তু ৯ বছর আগে ১৪০ কোটি মানুষের জন্য ফোন ব্যাঙ্কিং ছিল না। একটি নির্দিষ্ট পরিবারের ঘনিষ্ঠ ব্যক্তিরা ব্যাঙ্কগুলিকে ফোন করে হাজার হাজার কোটি টাকার ঋণ নিত এবং এই ঋণগুলি কখনও শোধ করা হয়নি। এই 'ফোন ব্যাঙ্কিং কেলেঙ্কারি' ছিল আগের সরকারের আমলে সবচেয়ে বড় কেলেঙ্কারির মধ্যে একটি।

মণিপুর নিয়ে আলোচনায় প্রস্তুত সরকার ঃপ্রহ্লাদ জোশী বিরোধীদের তীব্র সমালোচনা করলেন অনুরাগ

নয়াদিল্লি, ২২ জুলাই ঃ মণিপুর ইস্যু নিয়ে আলোচনায় প্রস্তুত সরকার। বিরোধীদের উদ্দেশে ফের বললেন কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ জোশী। শুক্রবার সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ জোশী বলেছেন, মণিপুরে হিংসার ঘটনার বিষয়ে আলোচনা করতে সরকার প্রস্তুত। তা সত্ত্বেও সংসদের কাজকর্মে বিরোধীরা বাধা সৃষ্টি করছেন বলে অভিযোগ করেন তিনি।প্রহ্লাদের কথায়, স্পিকার যখনই নির্দেশ দেবেন আমরা তখনই আলোচনা করতে প্রস্তুত। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আনুষ্ঠানিকভাবে স্পিকার এবং চেয়ারম্যানকে বলেছেন, আমরা আলোচনার জন্য প্রস্তুত। গুরুত্বপূর্ণ বিল রয়েছে এবং প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে বিজেপি সংসদে ব্যাপক আলোচনা করতে চায়...বিরোধীরা শুধু একটি ভুল বর্ণনা তৈরি করে সংসদের কার্যক্রমকে ব্যাহত করার চেষ্টা করে।কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর বলেছেন, কংগ্রেস-সহ বিরোধী দলগুলি মণিপুরে হিংসার ঘটনায় সংসদে আলোচনা থেকে পালিয়ে যেতে চাইছে। তিনি বলেছেন, বিরোধীরা শুধু অজুহাত খুঁজছে যাতে সংসদের কাজকর্ম ঠিক মতো না চলে। তিনি কংগ্রেসের তীব্র সমালোচনা করেছেন।উল্লেখ্য, হিংসায় অশান্ত মণিপুরে দুই মহিলাকে বিবস্ত্র করে ঘোরানোর ন্যক্কারজনক ঘটনায় এ পর্যন্ত চারজনকে গ্রেফতার করা হয়েছে। চৌঠা মে-র ওই ভয়ঙ্কর ঘটনার ভিডিও গত বুধবার রাতে প্রকাশ্যে এলে দেশজুড়ে নিন্দার ঝড় ওঠে। বিষয়টি নিয়ে বাদল অধিবেশনের প্রথম দিনের মতো দ্বিতীয় দিনও সংসদের উভয় সভা উত্তাল হয়েছে। ভিডিওতে যে উন্মত্ত জনতার ছবি দেখা গিয়েছিল, তাদের মধ্যে ৩২ বছর বয়সী এক ব্যক্তিকে গতকাল সকালে গ্রেফতার করা হয়। পরে ধরা হয় আরও তিনজনকে।

ভারতে কোভিড-সংক্রমণ কমে ৬০ ফের বৃদ্ধি পেল সক্রিয় রোগীর সংখ্যা, মৃত্যু হয়নি কারও

নয়াদিল্লি, ২২ জুলাই ঃ ভারতে করোনার দৈনিক সংক্রমণ ফের কিছুটা কমে গেল, তবে বো।েছে সক্রিয় রোগীর সংখ্যা। বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন মাত্র ৬০ জন। শুক্রবার সারাদিনে ভারতে করোনায় মৃত্যু হয়নি কারও। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বেড়ে ১,৪৭৯-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০০ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। মৃত্যুর সংখ্যা এই মুহূর্তে ৫,৩১,৯১৫।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শনিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬১,৮৩০ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। বিগত ২৪ ঘন্টায় টিকা পেয়েছেন ০০,৩০৭ জন, মোট করোনার টিকা পেয়েছেন ২২০,৬৭,৪৯,৯৫০ জন। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২১ জুলাই সারা দিনে ভারতে ৩৬,৯৪৫ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

মহারাষ্ট্রের রায়গড়ে ভূমিধসে মৃত্যু বেড়ে ২২, কাদামাটির মধ্যে চলছে জীবনের সন্ধান

রায়গড়, ২২ জুলাই ঃ মহারাষ্ট্রের রায়গড় জেলায় ভূমিধসের ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে পৌঁছেছে ২২-এ, কাদামাটিতে এখনও বেশ কিছু মানুষ আটকে রয়েছেন বলে আশঙ্কা করা হচ্ছে। ভূমিধসের ঘটনায় আহত হয়েছেন ৭৫ জনের বেশি মানুষ। জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী (এনডিআরএফ) জানিয়েছে, যে জায়গায় ধস নেমেছিল, সেখান থেকে ২২টি মৃতদেহ উদ্ধার হয়েছে।এনডিআরএফ-এর চারটি দল, ডগ স্কোয়াডকে নিয়ে রাজ্য প্রশাসন ও পুলিশের সহায়তায় সেখানে চিরুনি তল্লাশি চলছে। আবহাওয়া খারাপ থাকায় শুক্রবার স্থানীয় প্রশাসনের সঙ্গে আলোচনার ভিত্তিতে তল্লাশি স্থগিত রাখা হয়। সজনিবার সকালে তা আবার শুরু হয়েছে। তবে, একটানা বৃষ্টি ও প্রতিকূল আবহাওয়ার কারণে সেখান থেকে জীবিত আর কারও উদ্ধারের সম্ভাবনা প্রায় নেই বললেই চলে। এনডিআরএফ-এর কন্ট্রোল রুম পরিস্থিতির ওপর নজর রাখছে। প্রসঙ্গত, গত বৃহস্পতিবার গভীর রাতে রায়গড়ের খালাপুর তহসিলের ইরশালওয়াড়ি গ্রামে আচমকা ধস নামে। পাহাড়ের উপর বেশ কয়েকটি বাড়ি ধসে যায়। মাটিতে বসে যায় কিছু কিছু বাড়ি। ওই এলাকার মোট ৪৮টি পরিবার এই ঘটনায় ক্ষতিগ্রস্ত হয়েছে।

অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮২ ডলারের কাছাকাছি, পেট্রোল ও ডিজেলের দাম স্থিতিশীল

নয়াদিল্লি, ২২ জুলাই ঃ আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। আজ ব্রেন্ট অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি প্রায় ৮২ এবং ডব্লিউটিআই অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি ৭৮ ডলারের কাছাকাছি। যদিও শনিবারও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি।ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, শনিবার দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টাকায় বিক্রি হচ্ছে। মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৩১ টাকায় এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকায়। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা। ভ্যাট এবং মালবাহী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা। কেন্দ্রীয় সরকারও মোটর জ্বালানির উপর আবগারি শুল্ক নিয়ে থাকে। প্রসঙ্গত, গত বছর ২১ মে থেকে সারা ভারতে জ্বালানির দাম স্থিতিশীল রয়েছে।

বাংলাদেশে বিএনপি -জামায়াত দেশের সম্পদ ধ্বংস ও লুটপাট করতে জানে জনগণের সেবা করতে জানে না ঃশেখ হাসিনা

শ্যামল সান্যাল (ঢাকা),বাংলাদেশঃ প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশবাসীকে বিএনপি-জামায়াতের হাত থেকে রক্ষা করার আহ্বান জানিয়ে বলেছেন, তারা কেবল ধ্বংস করতে জানে, দুর্নীতি ও লুণ্ঠন করতে জানে কিন্তু জনগণের সেবা করতে জানে না।তিনি বলেন, তারা (বিএনপি-জামায়াত) ধ্বংস করতে জানে, কিছু তৈরি করতে জানে না, মানুষের সেবা করতে জানে না, তারা শুধু দুর্নীতি ও লুটপাট করতে জানে এবং সেই সাথে স্বার্থ পূরণ করতে জানে।' প্রধানমন্ত্রী গত ২১ জুলাই আখাউড়া-লাকসাম ডাবল ট্র্যাক প্রকল্পের অধীনে নবনির্মিত ৭২ কিলোমিটার ডুয়েল-গেজ ডাবল রেললাইনে ট্রেন চলাচলের উদ্বোধনকালে এ কথা বলেন।তিনি তাঁর সরকারি বাসভবন গণভবন থেকে ভার্চুয়ালি প্ল্যাটফর্মের মাধ্যমে কুমিল্লার লাকসামে উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেন।শেখ হাসিনা বলেন, সরকার বিএনপি-জামায়াতের রাজনৈতিক কর্মসূচিতে বাধা দেবে না, তবে কোনো ধ্বংসাত্মক কর্মকান্ডের পুনরাবৃত্তি হলে তাদের ছাড় দেয়া হবে না।২০১৩-২০১৫ সময়কালে বিএনপি জামায়াত চক্রের দ্বারা সংঘটিত সহিংসতার প্রসঙ্গ উল্লেখ করে সরকার প্রধান বলেন, ' তাদের রাজনীতি করতে বাধা দেব না এবং করছিও না। কিন্তু, তারা আবার রেলে আগুন দিলে বা জনগণের কোনো ক্ষতি করলে রেহাই পাবে না।' তিনি বলেন, সর্বত্র ক্যামেরা থাকবে এবং কোনো ধ্বংসাত্মক কর্মকান্ড করলে দোষীদের চিহ্নিত করে উপযুক্ত শাস্তি দেয়া হবে।সন্ত্রাসী বিএনপি-জামায়াতের হাত থেকে রক্ষা পেতে জনগণকে সতর্ক থাকার আহ্বান জানান প্রধানমন্ত্রী।তিনি আরো বলেন, আমরা তাদের হাত থেকে দেশকে রক্ষা করতে চাই।নবনির্মিত ৭২-কিমি ডুয়েল-গেজ ডাবল ট্র্যাকের সাথে পুরো ৩২১-কিমি ঢাকা-চট্টগ্রাম করিডোরটি একটি ডাবল লাইনে পরিণত হয়েছে, যার পরিচালন ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। এতে ভ্রমণের সময় ৩০ মিনিট থেকে এক ঘন্টা সাশ্রয় হবে।লাকসাম প্রান্ত থেকে রেলমন্ত্রী নুরুল ইসলাম সুজনের সভাপতিত্বে এই অনুষ্ঠানে এলজিআরডি ও সমবায় মন্ত্রী তাজুল ইসলাম এমপি এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক এমপি এবং বাংলাদেশে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) কান্ট্রি ডিরেক্টর এডিমন গিন্টিং বক্তব্য রাখেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব মোহাম্মদ সালাহউদ্দিন অনুষ্ঠান পরিচালনা করেন এবং রেলওয়ে সচিব ড. হুমায়ুন কবির স্বাগত বক্তব্য রাখেন।অনুষ্ঠানের শুরুতে বর্তমান আওয়ামী লীগ সরকারের আমলে বাংলাদেশ রেলওয়ের উন্নয়নের ওপর একটি অডিও-ভিজ্যুয়াল প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।প্রধানমন্ত্রী বলেন, ' একটি সন্ত্রাসী দল। বিএনপি সন্ত্রাস ছাড়া কিছুই বোঝে না।' বিএনপি'র প্রতিষ্ঠাতা সামরিক স্বৈরশাসক জিয়াউর রহমানের অপকর্ম ও নিষ্ঠুরতার কথা ও উল্লেখ করেন তিনি। তিনি আরো বলেন, জিয়াউর রহমান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও কারাগারে জাতীয় চার নেতাকে নৃশংসভাবে হত্যার পাশাপাশি সশস্ত্র বাহিনীর মুক্তিযোদ্ধা অফিসার ও সাধারণ মানুষ হত্যার সঙ্গে জ।তি ছিলেন।শেখ হাসিনা আরো বলেন, জিয়ার স্ত্রী (বেগম খালেদা জিয়া) যখন ক্ষমতায় আসেন, তিনিও মানুষ হত্যা ছাড়া কিছুই বোঝেন নি।সরকার প্রধান আরও বলেন, ' লীগের ২১,০০০ এরও বেশি নেতাকর্মীকে তারা (বিএনপি) হত্যা করেছিল এবং তার (খালেদা জিয়া) শাসনামলে বিপুল সংখ্যক মানুষের ওপর ব্যাপক দমনপী।ন ও নির্যাতন চালানো হয়েছিল।'শেখ হাসিনা বলেন, ' সন্ত্রাসী দলের (বিএনপি) একমাত্র কাজ ধ্বংস করা।'এ প্রসঙ্গে তিনি আরো বলেন, বিএনপি ২০১৩-২০১৫ সাল পর্যন্ত যাত্রীসহ বাস ও ট্রাক চালক ও হেলপারসহ ৩ হাজার ৮২৪টির বেশি গাড়ি পোড়ায়। প্রধানমন্ত্রী বলেন, ২০১৪ সালের সাধারণ নির্বাচন বানচাল করতে বিএনপি-জামায়াত তাদের অগ্নিসংযোগের সময় ২৯টি স্থানে রেলওয়েতে আগুন দিয়েছে।তিনি আরো বলেন, বিএনপি-জামায়াত শাসনামলে অনেক ট্রেন চলাচল স্থগিত করা হয়েছিল, কিন্তু আওয়ামী লীগ সরকার সাধারণ মানুষের জন্য ট্রেন যাত্রা আরামদায়ক এবং ব্যয়-সাশ্রয়ী বিবেচনায় এই খাতের উন্নয়নে ব্যাপক পদক্ষেপ গ্রহণ করেছে।সরকার প্রধান বলেন, তাঁর সরকার রেল খাতে বরাদ্দ বাড়াতে একটি পৃথক মন্ত্রণালয় গঠন করেছে।তিনি আরো বলেন, ' সাড়ে ১৪ বছরে আমরা ৭৪০ কিলোমিটার নতুন রেললাইন নির্মাণ করেছি, ২৮০ কিলোমিটার মিটার-গেজ রেলপথকে ডুয়েল-গেজে রূপান্তরিত করেছি এবং ১,৩০৮ কিলোমিটার রেললাইন পুনঃস্থাপন বা পুনর্নির্মাণ করেছি।'শেখ হাসিনা বলেন, এ ছাড়া আওয়ামী লীগ সরকারের আমলে ১২৬টি নতুন স্টেশন ভবন নির্মাণ, ২২৩টি স্টেশন ভবন পুনর্নির্মাণ, ৭৩২টি নতুন রেলসেতু নির্মাণ এবং ৭৭৪টি রেলসেতু পুনর্নির্মাণ বা পুনর্নির্মাণ করেছে।প্রধানমন্ত্রী আরো বলেন, তাঁর সরকার ২০০৯ সাল থেকে ১১১টি লোকোমোটিভ, ৫৮৮টি যাত্রীবাহী গাড়ি ও ৫১৬টি ওয়াগন (পণ্য বহনের জন্য) সংগ্রহ করেছে।তিনি বলেন, ' বিভিন্ন রুটে ১৪৩টি নতুন ট্রেন চালু করেছি।'শেখ হাসিনা আরও বলেন, সরকার আঞ্চলিক ও স্থানীয় রেল যোগাযোগ ও নেটওয়ার্ক বাড়াতে বেশ কিছু মেগা প্রকল্প বাস্তবায়ন করছে।প্রধানমন্ত্রী বলেন, ' নতুন আরো ৪৬টি ব্রড-গেজ লোকোমোটিভ, নতুন আরো ৪৬০টি ব্রড-গেজ যাত্রীবাহী কামরা, ১৫০টি নতুন মিটার-গেজ যাত্রীবাহী বগি, নতুন ১২৫টি আধুনিক লাগেজ ভ্যান ও ১ হাজার ৩১০টি নতুন ওয়াগন সংগ্রহের উদ্যোগ গ্রহণ করেছি।'

৩ সপ্তাহে তুষারলিঙ্গ দর্শন তিন লক্ষাধিক পুণ্যার্থীর, অমরনাথের উদ্দেশে রওনা তীর্থযাত্রীদের ২০-তম দল

জম্মু, ২২ জুলাই ঃসুষ্ঠু ও মসৃণভাবেই চলছে বার্ষিক অমরনাথ যাত্রা। জম্মুর ভগবতীনগর যাত্রী নিবাস থেকে অমরনাথ তীর্থযাত্রীদের ২০-তম দলটি শনিবার সকালে কাশ্মীরের বালতাল ও পহেলগাঁও বেসক্যাম্পের দিকে রওনা হয়েছে। গত পয়লা জুলাই অমরনাথ যাত্রার শুরু হওয়ার পর এ পর্যন্ত ৩ লক্ষের বেশি পুন্যার্থী পবিত্র অমরনাথ গুহায় তুষারলিঙ্গ দর্শন করেছেন। আগামী ৩১-শে আগস্ট শেষ হবে বার্ষিক এই তীর্থযাত্রা।শনিবার সকালে জম্মুর ভগবতীনগর যাত্রী নিবাস থেকে কাশ্মীরের বালতাল ও পহেলগাঁও বেসক্যাম্পের দিকে রওনা হয়েছে ২০-তম দল। এদিকে, অমরনাথ যাত্রার প্রথম তিন সপ্তাহে ৩ লক্ষেরও বেশি অমরনাথ যাত্রী অমরনাথ গুহা মন্দিরে দর্শন করেছেন। শুক্রবারই ১৩,৭৯৭ জন তীর্থযাত্রী পবিত্র তুষারলিঙ্গ দর্শন করেন, সবমিলিয়ে এযাব ৩ লক্ষ ০৭ হাজার ৩৫৪ জন পুণ্যার্থী অমরনাথ গুহায় তুষারলিঙ্গ দর্শন করেছেন।

দিল্লিতে যমুনার জলস্তরে ফের বৃদ্ধি পৌঁছল বিপদসীমার ওপরে, বাড়ি না ফেরার কষ্টে শরণার্থীরা

নয়াদিল্লি, ২২ জুলাই ঃ রাজধানী দিল্লিতে যমুনা নদীর জলস্তর ফের বৃদ্ধি পেয়েছে। এই নিয়ে তৃতীয়বার যমুনার জলস্তর বিপদসীমা অতিক্রম করেছে। শুক্রবার রাতে যমুনার জলস্তর বিপদসীমার গন্ডি অতিক্রম করে। শুক্রবার সন্ধ্যা ৬টা নাগাদ যমুনার জলস্তর ছিল ২০৫.৩৪ মিটার, রাত এগারোটা নাগাদ তা বো।ে ২০৫.৪৫ মিটারে পৌঁছে যায়।যমুনার জলস্তর বৃদ্ধির ফলে ও বন্যা পরিস্থিতির কারণে বহু মানুষ এখন ত্রাণ শিবিরে আশ্রয় নিয়েছেন। যমুনার জলস্তর বৃদ্ধি পাওয়ায় শুক্রবার সবাই আশায় বুক বেঁধেছিলেন, এবার হয়তো বাড়ি ফিরতে পারবেন। কিন্তু, যমুনার জলস্তর বৃদ্ধি সেই আশায় জল ঢেলে দিয়েছে। এখন বাড়ি ফেরার কষ্টে শরণার্থীরা। সিগনেচার ব্রিজের কাছে ত্রাণ শিবিরে আশ্রয় নিচ্ছেন বন্যায় ক্ষতিগ্রস্তরা। আবার কেউ কেউ মযুর বিহার ফেজ ১-এর একটি ত্রাণ শিবিরে আশ্রয় নিয়েছেন। শনিবার সকালে কয়েকজন বলেছেন, আমরা সিগনেচার ব্রিজের কাছে একটি ক্যাম্পে থাকছি। আমরা দিল্লি সরকারের কাছে অনুরোধ করছি, আমাদের থাকার জায়গা দিতে। প্রতিবার এলাকায় বন্যা হলে আমাদের অন্যত্র চলে যেতে হয়।

কংগ্রেস ও তৃণমূল কংগ্রেসকে তোপ স্মৃতির, বললেন মণিপুরের বিষয়টি অত্যন্ত সংবেদনশীল

মুম্বই, ২২ জুলাই ঃ কংগ্রেস ও তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে তোপ দাগলেন কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেত্রী স্মৃতি ইরানি। মণিপুরের (ভাইরাল ভিডিও) বিষয়টি অত্যন্ত সংবেদনশীল বলে মন্তব্য করেছেন স্মৃতি ইরানি। তিনি বলেছেন, এই (মণিপুর ভাইরাল ভিডিও) ইস্যুটি শুধুমাত্র সংবেদনশীল নয়, জাতীয় নিরাপত্তার ক্ষেত্রেও প্রভাব রয়েছে এবং বিরোধী নেতারা তা জানেন।শনিবার সকালে মুম্বইয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি বলেছেন, সংসদের ফ্লোরে বিষয়টি নিয়ে আলোচনা করতে চাইছি না বিরোধীরা। অত্যন্ত উদ্বেগজনক বিষয় হল, শুক্রবার রাজস্থানের একজন মন্ত্রী রাজ্যে মহিলাদের বিরুদ্ধে অপরাধের বিষয়ে কথা বলেছেন, তাঁকে কংগ্রেস অনাকাঙ্খিতভাবে বরখাস্ত করেছে। একইভাবে মর্মান্তিক একটি ভিডিও যা পশ্চিমবঙ্গের মালদা থেকে উদ্ভূত হচ্ছে যেখানে দুই দলিত মহিলাকে মারধর করা হচ্ছে এবং ছিনতাই করা হচ্ছে। কংগ্রেস রাজস্থানে মহিলাদের বিরুদ্ধে অত্যাচারের সত্যতা শুনতে চায়নি...তৃণমূল কংগ্রেসের সঙ্গে জোটের ক্ষুধায় পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচনের সময় মানুষের মৃত্যুতে নীরব দর্শক কংগ্রেস।

জম্মু ও কাশ্মীরের ডোডায় মেঘভাঙা বৃষ্টিতে তলিয়ে গেল রাস্তা, লেহ-তে ক্ষতিগ্রস্ত বাজার

শ্রীনগর, ২২ জুলাই ঃ জম্মু ও কাশ্মীরের ডোডা জেলায় মেঘভাঙা বৃষ্টিতে তলিয়ে গেল রাস্তা। ভারী বৃষ্টিতে বিপর্যস্ত লাদাখের লেহও, সেখানে মেঘভাঙা বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত বাজার, দোকানপাট ভেঙে গিয়েছে। শনিবার ভোরে জম্মু ও কাশ্মীরের ডোডা জেলার কোটা নল্লায় আঘাত হানে শক্তিশালী মেঘভাঙা বৃষ্টি, এই বর্ষণে থালেলা-চিরালা সংযোগ সড়কের একটি অংশ তলিয়ে গিয়েছে।সাব ডিভিশনাল ম্যাজিস্ট্রেট থাথ্রি আতহার আমিন জারগার জানান, থালেলা-চিরালা সংযোগ সড়কের একটি অংশ ভোরের দিকে মেঘভাঙা

খরা কাটল বিদেশের মাটিতে ! 'এক' শতরানে সচিনকে টপকে গেলেন বিরাট

পার্ট অফ স্পেন, ২২ জুলাইঃ বিদেশের মাটিতে সেই ২০১৮ সালে। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে পার্থে। শতরানের অনবদ্য ইনিংস খেলেছিলেন বিরাট। এরপর ঘরের মাঠে সেঞ্চুরি এলেও দীর্ঘ ৫ বছর ধরে বিদেশের মাটিতে সেঞ্চুরির খরা কাটছিল না। সেই খরা কাটল এবং সঙ্গে হল রেকর্ডও।পোর্ট অব স্পেনে ভারত-ওয়েস্ট ইন্ডিজ শততম টেস্টে এবং নিজের আন্তর্জাতিক ক্রিকেটে ৫০০তম ম্যাচে এমন ঐতিহাসিক একটা ম্যাচে শতরানের স্মরণীয় ইনিংস। টেস্ট কেরিয়ারে ২৯তম সেঞ্চুরিতে ছুঁয়ে ফেলেছেন কিংবদন্তি ডন ব্র্যাডম্যানকে। একই সঙ্গে এই ম্যাচ আরও স্মরণীয় হয়ে থাকল বিরাটের জন্য। তিনি ' এক শতরানে ছাপিয়ে গেলেন মাস্টার ব্লাস্টার সচিন তেন্ডুলকরকে।টেস্ট কেরিয়ারে ২৯তম এই শতরানটি আন্তর্জাতিক কেরিয়ারে বিরাটের ৭৬তম। আন্তর্জাতিক ক্রিকেটে শতরানের তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছেন বিরাট কোহলি। শীর্ষে সচিন তেন্ডুলকর। আন্তর্জাতিক ক্রিকেটে একশোটি একশো রয়েছে সচিনের। তবে ৫০০ ম্যাচের নিরিখে সচিনের চেয়ে এগিয়ে বিরাট। ৫০০ আন্তর্জাতিক ম্যাচে সচিন তেন্ডুলকরের শতরানের সংখ্যা ছিল ৭৫। সেখানে ৫০০তম ম্যাচে বিরাট কোহলির ৭৬টির শতরান। এখনও একটা ইনিংস বাকি।ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে একডজন সেঞ্চুরি হল বিরাটের। তাঁর সামনে এখন শুধুই কিংবদন্তি সুনীল গাভাসকর। তিনি ১৩টি সেঞ্চুরি রয়েছে তার ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে। কেরিয়ারের প্রথম ৫০০ আন্তর্জাতিক ম্যাচে শতরানের সংখ্যায় শীর্ষে বিরাট। দ্বিতীয় স্থানে সচিন। এরপর তালিকায় রয়েছেন জ্যাক কালিস, রিকি পন্টিংরাও। রিকি পন্টিং ৫০০তম আন্তর্জাতিক ম্যাচে করেছিলেন ৬৮টি সেঞ্চুরি। জ্যাক কালিসের ৬০টি সেঞ্চুরি।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,২৩জুলাইঃরবিবার, ৫শ্রাবণ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ২৩জুলাই ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ৬ শ্রাবণ মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ৬ শ্রাবণ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ৪ শ্রাবণমাস ১৯৪৪, মৈতেঃ১১ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩.২ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৪.০২এডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৮৮শতকরা এবং ৫৫শতকরা। বৃষ্টি হয়েছে মঙ্গলবার । জোয়ার-সকাল ৬টা ২০ মিনিট এবং রাত৬টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৬টা ২০মিনিট। রাত-৬টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৪ টা ৫৬মিনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৬ টা ১৯ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃকাজে এবং ঘরে কিছু চাপ আপনাকে খিটখিটে করে তুলবে। বিবাহের যোগ হতে পারে
বৃষভ রাশিঃকিছু আমোদপ্রমোদের জন্য অফিস থেকে তাড়াতাড়ি বেরোতে চেষ্টা করুন। শুভদিন
মিথুন রাশিঃযেমন খাবার তার স্বাদ নুন থেকে আহরণ করে- কিছু অসুখীতা কেবলমাত্র আপনার সুখের মর্মোপলব্ধি করার জন্যই জরুরী। সংসারে শান্তি।
কর্কট রাশিঃআপনার সন্ধ্যা মিশ্র আবেগ মিশ্রিত হবে যা আপনাকে উত্তেজিত রাখবে। শুভদিন হবে
সিংহ রাশিঃআপনি আপনার দিন যোগ এবং ধ্যান দিয়ে শুরু করতে পারেন। এটি করা আপনার পক্ষে
কন্যা রাশিঃকোন সাধু ব্যক্তির আশীর্বাদ মনের শান্তি এনে দেবে। আজ আপনার মা বা বাবার স্বাস্থ্যের জন্য আপনাকে প্রচুর অর্থ ব্যয় করতে হতে পারে।শুভদিন
তুলা রাশিঃআপনার দয়ালু স্বভাব আজ অনেক খুশির মুহূর্ত বয়ে আনবে। আপনার সৃজনশীল প্রতিভা সঠিকভাবে ব্যবহার হবে।
বৃশ্চিক রাশিঃআপনার মন ভাল জিনিষের প্রতি আগ্রহী হবে। সাময়িক ঋণের জন্য যাঁরা আপনার কাছে আসে তাঁদেরকে শুধু উপেক্ষা করুন।শুভদিন।
ধনু রাশিঃবহিরাঙ্গণ খেলাধূলা আপনাকে আকর্ষণ করবে- ধ্যান এবং যোগ লাভজনক হবে।
মকর রাশিঃ নিজেকে আরো আশাবাদী হতে প্রেরণা জোগান। এটি প্রত্যয় এবং নমনীয়তা বাড়িয়ে তোলে, কিন্তু একই সময়ে এটিকে ভয়, ঘৃণা, হিংসা এবং প্রতিশোধের মত নেতিবাচক অনুভূতিগুলি ছাড়তে প্রস্তুত ।
কুম্ভ রাশিঃআপনার ইচ্ছা শক্তির দ্বারা আজ আপনি পুরস্কৃত হতে পারেন কারণ আপনি একটি খুব কৌশলপূর্ণ পরিস্থিতির মোকাবিলা
মীন রাশিঃ বন্ধু এবং পরিবারের সদস্যরা আপনার সময়ের বেশির ভাগটাই দখল করবে। মোমবাতির আলোয় ভালোবাসার মানুষটির সাথে খাবার ভাগ করে নেওয়া। বিনিয়োগ করা উচিত। আপনার যত্নের প্রয়োজনে পরিবারের

শহীদ যতীন্দ্রমোহন সেনগুপ্ত এর মৃত্যু দিন উপলক্ষে কলকাতা পৌরসভার তরফ থেকে যতীন্দ্রমোহন সেনগুপ্ত এর মূর্তিতে মাল্যদান করেন কলকাতার মহানাগরিক এছাড়াও মাল্যদান করেন কলকাতা পৌরসভার মাননীয় মেয়র পরিষদ (উদ্যান) ও বিধায়ক দেবাশীষ কুমার,ও কলকাতা পৌরসভার চেয়ারপারসন ও সাংসদ মালা রায় এছাড়াও মাল্যদান করেন কলকাতা পৌরসভার আধিকারিক গন।

মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য বাতিল বহু ট্রেন

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাই ঃ মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য বাতিল করা হয়েছে বহু ট্রেন। শনি ও রবিবার এই ট্রেন বাতিলের কথা ঘোষণা করা হয়েছে। হাওড়া ডিভিশনে বাতিল করা হয়েছে এইসব ট্রেন। একাধিক শাখায় ট্রেন চলাচল ব্যাহত হয়েছে। বহু ট্রেনের যাত্রা পথ সংক্ষিপ্ত করা হয়েছে। হাওড়া ডিভিশনের একাধিক শাখায় এই ট্রেন চলাচল ব্যাহত হয়েছে। শনিবার প্রায় ২২টি লোকাল এবং রবিবার আরও অনেকগুলো লোকাল বাতিল করা হয়েছে বলে জানা গেছে। হাওড়া বর্ধমান মেন ও কর্ড, হাওড়া ব্যান্ডেল নৈহাটি, কাটোয়া আজিমগঞ্জ এবং খানা গুমানি শাখায় এই মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজ চলবে। দূরপাল্লার ট্রেন বাতিল করা হয়েছে ৪টি এবং যাত্রাপথ সংক্ষিপ্ত করা হয়েছে আরও প্রায় ১৬টি ট্রেনের। সূত্রের খবর, শনিবার হাওড়া থেকে ১৩টি, বর্ধমান থেকে ৭টি, ব্যান্ডেল থেকে ৫টি, নৈহাটি থেকে ৩টি, আরামবাগ ও মেমারি থেকে ১টি করে ট্রেন বাতিল করা হয়েছে।

ব্যবসায়ীর রহস্যমৃত্যু ঘিরে চাঞ্চল্য হাওড়ার চ্যাটার্জিহাটে

দুরন্ত বার্তা, হাওড়া, ২২ জুলাই ঃ হাওড়ায় রহস্যজনক ভাবে মৃত্যু হয়েছে এক ব্যবসায়ীর। শনিবার সকাল ১১টা নাগাদ ফ্ল্যাট থেকে তাঁর দেহ মেলে। এ নিয়ে চাঞ্চল্য দেখা দেয় হাওড়ার চ্যাটার্জিহাট থানা এলাকায়।পুলিশ সূত্রে খবর, মৃত ব্যবসায়ীর নাম বিল্টু পাঁজা। লোহার কারবার ছিল তাঁর। শনিবার চ্যাটার্জিহাট এলাকায় একটি আবাসন থেকে তাঁর দেহ উদ্ধার করা হয়। তবে খুন না কি আত্মহত্যা, তা নিয়ে ধন্দ রয়েছে।তদন্তকারীরা জানিয়েছেন, মৃতের শরীরে গুলির ক্ষত রয়েছে। বিল্টুর মাথার ডান দিকে গুলির দাগ। সেই গুলি মাথা এফোঁড়-ওফোঁড় করে বাঁ দিকে থাকা দেওয়ালের আয়না ভেঙে দিয়েছে। পাশাপাশি, দেহের পাশেই পড়ে থাকতে দেখা যায় আগ্নেয়াস্ত্র। যদি আত্মহত্যা হয়, তবে ওই ব্যবসায়ী আগ্নেয়াস্ত্র কোথায় পেলেন, তা নিয়েও প্রশ্ন রয়েছে। স্থানীয় সূত্রে খবর, ফ্ল্যাটে স্ত্রী এবং বছর আটের ছেলেকে নিয়ে থাকতেন বিল্টু। শনিবার সকালে ছেলেকে স্কুল থেকে নিতে গিয়েছিলেন স্ত্রী। ফিরে এসে স্বামীকে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখেন।আবাসনের নিরাপত্তারক্ষী আশুতোষ বোস জানান, দোতলার ফ্ল্যাটে থাকতেন বিল্টু। কিন্তু কখন এই কাণ্ড ঘটেছে, তা তিনি বুঝতে পারেননি। সকালে ফ্ল্যাটে কেউ ঢোকেননি বলেই জানাচ্ছেন তিনি। তাঁর কথায়, কী হল, কিছুই বুঝতে পারছি না।'' এই ঘটনায় প্রতিবেশীদের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে। প্রাথমিক ভাবে তাঁরা মনে করেছেন, ব্যবসায়িক কারণে আত্মঘাতী হয়ে থাকতে পারেন বিল্টু।

মহরম উপলক্ষে উলুবেড়িয়ার রবীন্দ্রভবনে প্রশাসনিক প্রস্তুতি

মতিয়ার রহমান, উলুবেড়িয়া,২২ জুলাই ঃ আসন্ন পবিত্র মহরম উপলক্ষে আজ শনিবার উলুবেড়িয়ার রবীন্দ্রভবনে এক প্রশাসনিক প্রস্তুতি ও সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। এই প্রশাসনিক ও সমন্বয় সভায় উপস্থিত ছিলেন রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরি এবং পূর্ত দপ্তরের মন্ত্রী পুলক রায়, মন্ত্রী উপস্থিত সকল উদ্যোক্তাদের শান্তিপূর্ণ ভাবে প্রশাসনের সঙ্গে মিলেমিশে মহরম পালড়িয়া উত্তরের বিধায়ক ডাঃ নির্মল মাজি , বাগনানের বিধায়ক অরুণাভ সেন, উলুবেড়িয়া পৌরসভার পৌরপ্রধান অভয় কুমার দাস, উপপৌরপ্রধান সেখ ইনামুর রহমান, উলুবেড়িয়ার মহকুমা শাসক শমীক কুমার ঘোষ, উলুবেড়িয়ার মহকুমা পুলিশ আধিকারিক সহ বিভিন্ন প্রশাসনিক কর্মকর্তা বিভিন্ন মহরম উদ্যোক্তা কমিটির সদস্যগন।

এনআরএস হাসপাতালে আগুন-আতঙ্ক! কার্ডিওলজি বিভাগে ধোঁয়া

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাই ঃ কলকাতার নীলরতন সরকার মেডিক্যাল কলেজ ও হাসপাতালে(এনআরএস) আগুন-আতঙ্ক ছড়াল। শনিবার সকাল ৮টায় হাসপাতালের কার্ডিওলজি বিভাগের ক্যাথ ল্যাবে ধোঁয়া দেখা যায়। ধোঁয়া ঘিরেই আতঙ্ক ছড়ায়। খবর পেয়ে ঘটনাস্থলে যায় দমকলের দু'টি ইঞ্জিন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়েছে। রোগীরা নিরাপদেই রয়েছেন। শর্টসার্কিট থেকে আগুন বলে অনুমান। হাসপাতাল সূত্রে খবর, সকাল ৮টায় ক্যাথ ল্যাবের দরজা খুলতে গিয়ে প্রথম ধোঁয়া দেখেন কর্মীরা। হাসপাতালের অগ্নিনির্বাপণ ব্যবস্থা দিয়ে প্রথমে পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করেন তাঁরা। খবর দেওয়া হয় দমকলকে। খবর পেয়ে হাসপাতালে যায় দমকলের দু'টি ইঞ্জিন। ক্যাথ ল্যাব থেকে রোগীদের ঘর কিছুটা দূরে। হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড খতিয়ে দেখা হচ্ছে। এই ঘটনার জেরে হাসপাতালের কাজ সাময়িক ব্যাহত হয়।

মঙ্গলাহাটে ক্ষোভের মুখে মন্ত্রী অরূপ, রাতভর নমুনা সংগ্রহ ফরেন্সিকের

দুরন্ত বার্তা, হাওড়া, ২২ জুলাই ঃ মঙ্গলাহাটে আগুন লাগে বৃহস্পতিবার রাতে। তবে শনিবারও ঘটনাস্থল থেকে ধোঁয়া বার হতে দেখা গিয়েছে। এখনও সেখানে দমকলের দু'টি ইঞ্জিন কাজ করছে। ঘটনাস্থলে গিয়ে ব্যবসায়ীদের ক্ষোভের মুখে পড়েছেন রাজ্যের সমবায় মন্ত্রী অরূপ রায়। ব্যবসায়ীদের বিক্ষোভ প্রসঙ্গে তিনি বলেন, এ ব্যাপারে জেলাশাসকের সঙ্গে আলোচনায় বসবেন।মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নির্দেশে মঙ্গলাহাটে অগ্নিকাণ্ডের তদন্তভার হাতে নিয়েছে সিআইডি। শুক্রবার রাতভর ঘটনাস্থল থেকে নমুনা

সংগ্রহ করেন গোয়েন্দারা। অন্য দিকে, ক্ষতিপূরণের দাবি এবং আগের স্থানেই যাতে তাঁরা ব্যবসা করতে পারেন, এই দাবি নিয়ে বিক্ষোভ দেখান ব্যবসায়ীরা। ব্যবসায়ীদের দাবি, নতুন দোকান তৈরি করতে যেন প্রশাসনের সহায়তা করে। পাশাপাশি তাঁদের অভিযোগ, এই অগ্নিকাণ্ডের ঘটনা একটা চক্রান্ত'। পরিকল্পিত ভাবেই হাটে আগুন ধরিয়ে দেওয়া হয়েছে। দোষীদের অবিলম্বে গ্রেফতারের দাবি করেছেন তাঁরা।এ নিয়ে দমকল আধিকারিক সৌম্য বসু জানান, কিছু জায়গায় ভিতরে আগুন রয়েছে। সেখান থেকেই ধোঁয়া বেরোচ্ছে। দমকলকর্মীরা কাজ করছেন।

বৃষ্টির সৌজন্যে আবহাওয়া মনোরমই, ঘাটতি অবশ্য মিটছেই না দক্ষিণবঙ্গে

দুরন্তার্ত,কলকাতা, ২২ জুলাই ঃ ভারী বৃষ্টি হচ্ছে না, কিন্তু বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টি হয়েই চলেছে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়। মাঝেমধ্যেই আকাশ কালো করে এসে বৃষ্টি নামছে তিলোত্তমা ও সংলগ্ন জেলাগুলিতে। বেশি বৃষ্টি হচ্ছে দক্ষিণ ও উত্তর ২৪ পরগনা-সহ উপকূলবর্তী জেলাগুলিতে। শনিবার সকালেও এক পশলা বৃষ্টিতে ভিজেছে দক্ষিণ ২৪ পরগনা জেলার নানা অংশ। বৃষ্টির সৌজন্যে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের আবহাওয়া এখন মোটামুটি মনোরমই। মহানগরীতেও স্বস্তির আমেজ।তবে, বৃষ্টি হলেও যে পরিমাণ ঘাটতি ছিল, তা এখনও পূরণ হয়নি দক্ষিণবঙ্গে। আগামী কিছু দিনের মধ্যেও সেই ঘাটতি

মিটবে না বলেই মনে করছেন আবহবিদরা। তবে, আপাতত কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় হালকা বৃষ্টিই হবে। আকাশ থাকবে মেঘাচ্ছন্ন। শনিবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২ ডিগ্রি বেশি।

পুজোর ঠিক আগে সুকৌশলে মঙ্গলাহাটে অগ্নিকান্ড ঘটানো হয়েছে অভিযোগ সিদ্দিকী'র

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাই ঃ বৃহস্পতিবার গভীর রাতে বিধ্বংসী আগুনে ভস্মীভূত হয়েছিল হাওড়ার মঙ্গলাহাট। শুক্রবার হাট পরিদর্শন করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, দমকল মন্ত্রী সুজিত বসু, সমবায় মন্ত্রী অরূপ রায়রা। শনিবার সকালে হাওড়ার মঙ্গলাহাট পরিদর্শন করলেন আইএসএফের বিধায়ক নওশাদ সিদ্দিকী। তিনি হাট পরিদর্শনে এসে হাটের ব্যবসাযীদের সঙ্গে কথা বলেন। ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা তাকে গোটা ঘটনার কথা জানান। নওশাদ সিদ্দিকী সাংবাদিকদের বলেন, পুরো ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত করতে হবে। সিআইডি উপযুক্ত তদন্ত করে বার করুক এই ঘটনায় কারা দোষী। পুজোর আগে

এই ঘটনা সুকৌশলে ঘটানো হয়েছে। এবং যাদের বিরুদ্ধে দোষ প্রমাণ হবে তাদের ব্যবস্থা নেওয়া হোক। হাটের ব্যবসায়ীরা যিনি যেখানে ব্যবসা করেন সেখানেই তাদের বসতে দিতে হবে এবং অন্যত্র পাঠানো চলবে না। ব্যবসায়ীরা যে যেখানে বসে ব্যবসা করতে চান সেখানেই তাদের ব্যবসার সুযোগ করে দিতে হবে। এর পাশাপাশি তিনি বলেন, রাজ্য সরকার ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের উপযুক্ত ক্ষতিপূরণ দিক। যাতে তারা আবার পুনরায় ব্যবসা শুরু করতে পারেন। রাজ্য সরকারকেই তার ব্যবস্থা করতে হবে। মুখ্যমন্ত্রীকে এদের ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে এবং পুনর্বাসন দিতে হবে।

জয়নগর মজিলপুর পৌরসভার উদ্যোগে সপ্তাহ ব্যাপী ডেঙ্গু সচেতনতা সপ্তাহ পালন পৌর এলাকায়

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,জয়নগর ঃ ১৫৪ বছরের প্রাচীন জয়নগর

মজিলপুর পৌরসভাকে আবর্জনা মুক্ত শহর হিসাবে গা।ে তুলতে ও ডেঙ্গু মুক্ত রাখতে জয়নগর মজিলপুর পৌরসভার উদ্যোগে পৌর এলাকায় ডেঙ্গু সচেতনতা সপ্তাহ পালন করা হচছে।গত ১৮ ই জুলাই এই সপ্তাহব্যাপী সচেতনতা কাজ শুরু হয়েছে। শেষ হবে ২৫ শে জুলাই। জয়নগর মজিলপুর পৌর এলাকার প্রতিটা বা।তে বা।তে রাস্তার পাশে থাকা নোংরা আবর্জনা পরিস্কারের পাশাপাশি পৌর এলাকার নাগরিকদের এই বিষয়ে সচেতন করার কাজ করছে এই বিভাগের দায়িত্ব প্রাপ্ত কর্মচারীরা। আর শনিবার পৌর অফিসে বসে জয়নগর মজিলপুর পৌরসভার ভাইস চেয়ারম্যান রথীন কুমার মন্ডল বলেন, জয়নগর মজিলপুর পৌর এলাকাকে আবর্জনা মুক্ত শহর হিসাবে তুলে ধরতে পৌর নাগরিকদের মধ্যে সচেতনতা গা।ে তুলতে ও ডেঙ্গু মুক্ত করতে ডেঙ্গু সচেতনতা সপ্তাহ পালন করা হচছে।এলাকার মানুষ ভালোই সা।া দিচ্ছে। আমরা চাই প্রাচীন এই পৌরসভার ১৪ টি ওয়ার্ড ই আবর্জনা মুক্ত, ডেঙ্গু মুক্ত থাকুক। তাই এই কাজে সবার সহায়তা দরকার। আর এই কাজ এক সপ্তাহ নয় আমরা সারা বছর ধরেই করে আসছি।

বৃদ্ধাকে মেরে অত্যাচার করে নিজের বাড়ি থেকে বের করে দেওয়ার অভিযোগ

বনস্পতি দে, উত্তরপাড়া, ২২ জুলাই ঃ বৃদ্ধাকে পিটিয়ে তার নিজের বাড়ি থেকে বের করে দেওয়ার অভিযোগ বৃদ্ধার পাতানো বৌমার বিরুদ্ধে। শনিবার সকাল থেকে উত্তরপাড়া টিএন মুখার্জি লেনে এক স্বর্ণের দোকানের বাইরে এক অজ্ঞাত পরিচয় বৃদ্ধা কে বসে কাঁদতে দেখেন এলাকার মানুষ বাড়ি উত্তরপাড়ায় মাখলার জেলেপাড়ায়, এলাকার মানুষ ও সংবাদ মাধ্যমের তৎপরতায় তৎক্ষণা পুলিশে জানানো হয়। পুলিশ ঘটনাস্থলে আসেন বছর ৬৫ এর বৃদ্ধা রুবি রানী বোস অভিযোগ করেন যে তার নিজের বাড়ি থেকে তাকে পিটিয়ে তাড়িয়ে দেওয়া হচ্ছে, এমন সময় উত্তরপাড়ার ভাইস চেয়ারম্যানকে এলাকার লোকেরা খবর দেন ঘটনা স্থলে উপস্থিত হন উত্তরপাড়া পৌরসভার ভাইস চেয়ারম্যান খোকন মন্ডল,তখন তিনি এবং স্থানীয় তৃণমূল নেতৃত্ব মানিক সিংহ রায় পুলিশের সামনে সেই সময় রাস্তা দিয়ে হেটে যাওয়া এক মহিলা কে সনাক্ত করেন যিনি অভিযুক্ত সুস্মিতা দাস, এবং তাকে পুলিশ ডাকলে প্রথমে তিনি পালিয়ে যেতে চান এরপর পুলিশ এবং স্থানীয় মানুষ তাকে সামনাসামনি ধরে ফেলেন। এর পর সুস্মিতা দাস দাবী করেন যে তিনি ওই বৃদ্ধার পুত্র বধূ কিন্তু বৃদ্ধা রুবি রানী দাবী করেন তিনি কোনোদিন বিয়েই করেন নি উত্তরে সুস্মিতা দাস নিজেকে যে বৃদ্ধার পালিত সন্তানের স্ত্রী। এই

বিষয়ে বৃদ্ধা জানান যে বৃদ্ধার বাড়িতে যিনি পরিচারিকা (যমুনা দাস)কাজ করতেন তার সন্তান সোমনাথ দাসকে এই বৃদ্ধা সন্তানের লালন পালন করার জন্যে ব্যয় ভার পালন করতেন । জানা যায় সোমনাথ দাস পড়া শোনা শেষ করে বিয়ে করেন, তারপরেও শারীরিক ভাবে অসুস্থ হয়ে যান সেই সময়ে তার পাতানো মা রুবি রানী বোস সোমনাথ দাসের চিকিৎসার জন্যে লক্ষাদিক টাকা খরচ করেন। কিন্তু সোমনাথ দাসের মৃত্যুর পর থেকে রুবি রানী বোসের ওপর শারীরিক ও মানসিক অত্যাচার করতেন তার পাতানো বৌমা সুস্মিতা দাস। এবং বৃদ্ধা রুবি রানী বোসের ওপর অত্যাচারের মাত্রা এতটাই বাড়তে থাকে যে শনিবার বৃদ্ধা রাস্তায় গিয়ে বসেন। প্রত্যক্ষদর্শীরা জানান শনিবার সকাল থেকে তারা দেখেন এক মহিলা রাস্তায় বসে কাঁদছেন। তারপর সংবাদ মাধ্যম ও প্রত্যক্ষদর্শীরা পুলিশ কে জানান পুলিশ গিয়ে উদ্ধার করে তাকে বাড়িতে ঢোকান। পুলিশের সামনে রুবি রানী বোস জানান যে তাকে প্রতিনিয়ত অত্যাচার করেন তার পালিত পুত্র বধু তিনি জানান তিনি নিজের মতো করে শেষ জীবন টা কাটাতে চান। যদিও অভিযুক্ত সুস্মিতা দাস বৃদ্ধার পুত্র বধু হিসাবে দাবী করলেও কোনো বৈধ অভিযোজন কাগজ নেই। মৃত সোমনাথ দাসের ভাই মানিক দাস জানান যে তারা পুরো পরিবার রুবি রানী বোসের ওপর কৃতজ্ঞ তিনি জানান উনি আমাদের পাতানো মা, বা তিনি আরও জানান বাড়ি ভাগের সময় বৌদি কে দাদার একাউন্টে ২ লক্ষ ৫০ টাকা মতো দিয়েছিলাম তার প্রমান আমার কাছে আছে। অবশেষে প্রশাসনের উদ্যোগে বাড়ি ফেরেন ওই মহিলা।

ভাইরাস-ব্যাকটেরিয়ার চরিত্র বদল চিহ্নিত করতে স্বাস্থ্য দফতরের মডেল কর্মসূচি

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাই ঃ বিভিন্ন ভাইরাস-ব্যাকটেরিয়ার চরিত্র বদল চিহ্নিত করতে স্বাস্থ্য দফতর মডেল কর্মসূচি গ্রহণ করেছে। রূপ বদল করা রোগ জীবাণু বা সুপারবাগ চিহ্নিত করতেগোটা রাজ্যের বিভিন্ন স্তরের সরকারি হাসপাতালে হাব এবং স্পোক মডেলে ডি কর্মসূচি গ্রহণ করা হয়েছে।এই কর্মসূচিতে ১৬টি মেডিক্যাল কলেজ বা হাবকে যুক্ত করা হচ্ছে ৮৩টি মহকুমা, জেলা, স্টেট জেনারেলের মতো মাঝারি স্তরের হাসপাতালের সঙ্গে। এসব মাঝারি হাসপাতাল বিভিন্ন রোগীর নমুনা ব। হাসপাতালে পাঠাবে। ব। হাসপাতালগুলি তা পরীক্ষা করার পর এ সংক্রান্ত তথ্য সরকারি অনলাইন তথ্যভাণ্ডারে আপলোড করবে। মাঝারি হাসপাতালগুলিতেও তা পাঠানো হবে। একই সঙ্গে ওই হাসপাতালগুলির চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থাও করা হবে বলে স্বাস্থ্য দফতর সূত্রে জানা গিয়েছে।

কলকাতা প্রেস ক্লাবের ৭৯ তম প্রতিষ্ঠা দিবসে বক্তব্য রাখছেন পশ্চিমবঙ্গের পরিবহনমন্ত্রী মাননীয় স্নেহাশীস চক্রবর্তী,প্রবীণ কমিউনিস্ট নেতা বিমান বসু ও প্রেস ক্লাবের সভাপতি স্নেহাশীষ সুর ও সম্পাদক কিংশুক প্রামানিক সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ । -ছবি সুবল সাহা।

নিজামে হাজিরা দিলেন প্রাক্তন শিক্ষাসচিব, মুখোমুখি সিবিআই-এর

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাই ঃ নিয়োগ দুর্নীতি মামলায় তদন্তের গতি আরও বাড়াচ্ছে সিবিআই। শনিবার নিজাম প্যালেসে সিবিআই অফিসে হাজিরা দিলেন রাজ্যের প্রাক্তন শিক্ষাসচিব ডি নারিয়ালা। গত বুধবারই জানা গিয়েছিল, কেংদ্রীয় তদন্তকারী সংস্থার তরফে প্রাক্তন আমলাকে ডেকে পাঠানোর কথা। সেই মতো শনিবার দুপুরে সিবিআই অফিসে হাজিরা দেন প্রাক্তন শিক্ষাসচিব ডি নারিয়ালা। সূত্রের খবর, ডি নারিয়ালা শিক্ষাসচিব থাকাকালীন যে নিয়োগগুলি হয়েছে, সেক্ষেত্রে কী পদ্ধতি অবলম্বন করা হয়েছে, সেই বিষয়ে প্রশ্ন করা হরেছে প্রাক্তন শিক্ষাসচিবকে। তাঁর আমলে কোথায় কোথায় বেনিয়ম হয়েছে, সেই সব বিষয়ে তিনি কিছু জানতেন কি না, তাও জানতে চাওয়া হর বলে খবর। পাশাপাশি, তিনি শিক্ষাসচিব থাকাকালীন নিয়োগ সংক্রান্ত ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রীর থেকে তাঁর কাছে কোনও নির্দেশ এসেছিল কি না, সেই বিষয়েও ডি নারিয়ালার থেকে জেনে নিতে চান তদন্তকারী অফিসাররা। প্রসঙ্গত, নিয়োগ দুর্নীতি কাণ্ডে ইতিমধ্যেই তদন্তের জাল অনেকটা ছড়িয়ে নিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় থেকে শুরু করে একাধিক শিক্ষাকর্তাকে গ্রেফতার করা হয়েছে। রাজ্যের বর্তমান শিক্ষাসচিব মণীশ জৈনের সঙ্গেও বেশ কয়েকদফা কথা বলেছেন তদন্তকারী অফিসাররা। তদন্তের প্রয়োজনে বিকাশ ভবন পর্যন্তও পৌঁছে গিয়েছিলেন গোয়েন্দারা। এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের দাবি, ইন্ট।রভিউয়ের বন্দোবস্ত করে দিতেন, তাঁদের মধ্যে অন্যতম মণীশ জৈন। ইডির তরফে যে চার্জশিট পেশ করা হয়েছে, তাতেও নাম রয়েছে তাঁর। যদিও শিক্ষাসচিব মণীশ জৈনের পাল্টা দাবি, পার্থ চট্টোপাধ্যায় তাঁকে কোনওদিন সাক্ষাকারের ব্যবস্থা করার জন্য বলেননি।

নরহরিপুরে কাঠের পুলের নীচ থেকে দুই সদ্যোজাতর দেহ উদ্ধার

দুরন্ত বার্তা, সাগর, ২২ জুলাই ঃ দক্ষিণ ২৪ পরগনার সাগরের নরহরিপুর এলাকায় একসঙ্গে দুই সদ্যোজাতের দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। শুক্রবার বিকালে স্থানীয় বাসিন্দারাই প্রথমে চলাফেরার রাস্তায় দুই সদ্যোজাতর দেহ পড়ে থাকতে দেখেন। তাঁরাই খবর দেন সাগর থানায়। পুলিশ গিয়ে দুই সদ্যোজাতর দেহ উদ্ধার করে। পুলিশ দুই সদ্যোজাতের দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কাকদ্বীপ মহকুমা হাসপাতাল মর্গে পাঠিয়েছে। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, রাতে দুই সদ্যজাতের দেহ কেউ বা কারা ফেলে গিয়েছিল। ঘটনার তদন্ত শুরু করেছে সাগর থানার পুলিশ।

জানা গিয়েছে, শুক্রবার বিকালে নরহরিপুর এলাকায় একটি কাঠের পুলের নীচে প্রথমে সদ্যোজাত এক মৃত শিশুর দেহ দেখতে পান স্থানীয় বাসিন্দারা। এরপর খবর দেওয়া হয় সাগর থানায় । খবর পেয়ে সাগর থানার পুলিশ রাতেই ঘটনাস্থলে গিয়ে মৃত ওই শিশুর দেহ উদ্ধার করতে গিয়ে পাশেই পড়ে থাকা একটি ব্যাগের ভেতর থেকে আরও একটি সদ্যজাত শিশুর মৃত দেহ উদ্ধার করে।

নিয়ন্ত্রণ হারিয়ে পরপর গাড়িতে ধাক্কা, দ্বিতীয় হুগলি সেতুতে ভয়াবহ দুর্ঘটনা

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাই ঃ দ্বিতীয় হুগলি সেতুতে ঘটে গেল ভয়াবহ দুর্ঘটনা। নিয়ন্ত্রণ হারিয়ে পরপর গাড়িতে ধাক্কা মেরে ডিভাইডারে উঠে যায় একটি বাস। অতিরিক্ত গতির কারণেই দুর্ঘটনা বলে জানিয়েছে পুলিশ। এই দুর্ঘটনায় আহত হয়েছেন ৫ থেকে ৬ জন। তাঁদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুর্ঘটনাগ্রস্ত বাসটিকে আটক করেছে পুলিশ। পুলিশ জানিয়েছে, শনিবার সকালে দ্বিতীয় হুগলি সেতুর ওপর একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে পরপর গাড়িতে ধাক্কা মারে। এরপর বাসটি ডিভাইডারে উঠে যায়। এই দুর্ঘটনায় ৫ থেকে ৬ জন আহত হয়েছেন। দুর্ঘটনার জেরে দ্বিতীয় হুগলি সেতুতে যানবাহন চলাচল বিঘ্নিত হয়েছে কিছু সময়ের জন্য।

তদন্তের নামে প্রহসন হচ্ছে, দাবি কৌস্তুভ রায়ের

দুরন্তবার্তা, কলকাতা, ২২ জুলাই ঃ তদন্তের নামে প্রহসন হচ্ছে। সারাদিন শুয়ে আছি এবং ঘুমোচ্ছি। কোনও কিছু পাওয়া যাচ্ছে না। যা হচ্ছে আপনারা দেখতে পাচ্ছেন। শনিবার আদালতের নির্দেশে দ্বিতীয়বারের জন্য শারীরিক পরীক্ষা করানোর জন্য একটি চ্যানেলের সম্পাদক কৌস্তভ রায়কে নিয়ে যাওয়া হল জোকা ইএসআই হাসপাতালে। এদিন সিজিও কমপ্লেক্স থেকে বেরনোর সময় কৌস্তভ ওপরের মন্তব্য করেন। একটি চিটফান্ড মামলায় আর্থিক প্রতারণার অভিযোগে কৌস্তভ রায়কে সোমবার মাঝরাতে ইডি গ্রেফতার করে। মঙ্গলবার তাঁকে বিশেষ সিবিআই আদালতে হাজির করানো হয়। তিনি নিজেই সওয়াল করেন। আদালত কলকাতা টিভির সম্পাদককে দশ দিন ইডি হেফাজতে রাখার নির্দেশ দেয়। একদিন অন্তর তাঁকে মেডিক্যাল চেকআপ করাতে হবে বলেও আদালত জানিয়েছে। দুদিন অন্তর তিনি আইনজীবীদের সঙ্গে দেখা করতে পারবেন। পরবর্তী হাজিরা ২৮ জুলাই।

লোকসভা নির্বাচনের প্রস্তুতি শুরু কমিশনের

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাই ঃ ভোটের কাজে যুক্ত আধিকারিকদের প্রশিক্ষণের মধ্যে দিয়ে নির্বাচন কমিশন লোকসভা নির্বাচনের প্রস্তুতি শুরু করে করে দিল। কলকাতার এক পাঁচতারা হোটেলে আজ কমিশনের তরফে বৈদ্যুতীন ভোট যন্ত্র - ইভিএম এবং ভি ভি প্যাট সংক্রান্ত ফাস্ট লেভেল চেকিং প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয় । সমস্ত জেলার নির্বাচনী আধিকারিক তথা জেলাশাসকরা এই শিবিরে অংশ নেন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব সহ শীর্ষ আধিকারিকেরা প্রশিক্ষণ কর্মসূচিতে অংশ নেন। জাতীয় নির্বাচন কমিশনের ইভিএমের বিশেষজ্ঞ আধিকারিক বি সি পাত্র প্রশিক্ষণ শিবির পরিচালনা করেন। কমিশনের তরফে জানানো হয়েছে, আগামী ১ অগাস্ট থেকে ১০ অক্টোবর পর্যন্ত এই ফাস্ট লেভেল চেকিং প্রশিক্ষণ শিবির রাজ্য জুড়ে চলবে। এই প্রশিক্ষণ পর্বে পাঁচ শতাংশ ইভিএম পরীক্ষা করে দেখা হয়। ইভিএমের সঙ্গে ভিভি প্যাট তাল মিলিয়ে কাজ করছে কিনা তাও খতিয়ে দেখা হয়। আগামী ১৯শে অগষ্ট রাজ্যে আসছেন জাতীয় নির্বাচন কমিশনের তিনজন ডেপুটি নির্বাচন কমিশনার। লোকসভা নির্বাচনের সামগ্রিক পরিস্থিতি খতিয়ে দেখতেই তাঁরা আসছেন বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে।

আরামবাগে সাইকেল সহ নয়ানজুলি থেকে উদ্ধার দেহ

দুরন্ত বার্তা, আরামবাগ, ২২ জুলাই ঃ সাইকেল সহ নয়ানজুলি থেকে উদ্ধার হল দেহ। আরামবাগের এই ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। পুলিশ সূত্রে খবর, মৃত ব্যক্তির নাম সন্তোষ পোড়েল (৪৯)। বাড়ি খানাকুলের রাধাবল্লভপুর গ্রামে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, শনিবার সকালে কাজে যাওয়ার সময় এক ব্যক্তি হঠাৎই দেখতে পান নয়ানজুলিতে সাইকেলের পাশে ভাসছে একটি দেহ। তড়িঘড়ি তিনি স্থানীয় বাসিন্দাদের ডেকে বিষয়টি দেখান। এরপরই খবর দেওয়া হয় পুলিশকে। পুলিশ এসে আরামবাগের গৌরাহটি-২ পঞ্চায়েতের সাপোত গ্রাম থেকে ওই ব্যক্তির দেহ উদ্ধার করে। খবর দেয় তাঁর বাড়িতে। মৃত সন্তোষ পড়লের পরিবার জানিয়েছ, সন্তোষবাবু শুক্রবার রাত থেকেই নিখোঁজ ছিলেন। রাতে বাড়ি না আসায় পরিবারের সদস্যরা নানান জায়গায় তাঁর খোঁজ করছিলেন। সেই সময়ই তাঁরা পুলিশের থেকে খবর পান নয়ানজুলি থেকে তাঁর দেহ উদ্ধার হয়েছে। কী করে এই দুর্ঘটনা ঘটল তা বুঝে উঠতে পারছে না পরিবার। পরিবারের মতোই সন্তোষ পোড়েলের মৃত্যুতে ধোঁয়াশায় আছেন প্রতিবেশীরা। তাঁদের অনুমান, রাতে বাড়ি ফেরার সময় কোনোভাবে টাল সামলাতে না পেরে তিনি নয়ানজুলিতে পড়ে যান। গোটা বিষয়টি তদন্ত করে দেখছে পুলিশ।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
দুরন্ত বার্তা
২৮ বর্ষ, দৈনিক ২৩৩ সংখ্যা, রবিবার, ৬ শ্রাবণ ১৪৩০

জাতীয় রাজনীতিতে তৃণমূল কংগ্রেস

এবারে আগামি লোকসভার নির্বাচনের দিকে তাকিয়ে জাতীয় রাজনীতিতে তৃণমূল কংগ্রেস গুরুত্ব দেওয়ার কথা ভাবতে শুরু করে দিয়েছে। তৃণমূল কংগ্রেস জাতীয় রাজনীতির তকমা হারালেও এবারে কিন্তু বিজেপি বিরোধী জোট তৈরির সঙ্গী হয়ে জাতীয় স্তরে রাজনীতিতে অংশ গ্রহণ করতে শুরু করে দিয়েছে। ইণ্ডিয়া জোটকে আরও বেশি করে শক্তিশালী করার কথা ভাবতে শুরু করে দিয়েছেন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বেঙ্গালুরুতে মমতার বলেছিলেন এবারে দেশের নাগরিকদের গুরুত্ব দিতে হবে। তাদের স্বাধীনতাকে ফিরিয়ে দিতে হবে। তাদের কথা ভাবতে হবে। দেশের ভোটাররাই হচ্ছে গণতন্ত্রের আসল শক্তি। এই শক্তিকে জাগরিত করতে হবে। বিজেপি দলকে আর বেশি সহ্য করা যাচ্ছে না। বিজেপি দলের নেতাদের অহংকার খুব বেড়ে গিয়েছে। তারা সাধারণ মানুষের পাশে আর থাকতে চাইছে না। সেই কারণে দিল্লি থেকে বিজিপে হঠ্যাও অভিযান শুরু করতে চান নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বেঙ্গালুরুর পর মুম্বইতে যে বিরোধী জোটের বৈঠক বসবে সেখানে আরও বিভিন্ন মানব উন্নয়নের বার্তা দিয়ে জোটকে শক্তিশালী করা হচ্ছে বলে জানতে পারা গিয়েছে। কংগ্রেস সম্পর্কে নেত্রী যে এতো রাগ ছিল আজকে তা আর নেই। তিনি এখন কংগ্রেস দলের সঙ্গে হাত মিলিয়ে চলতে ইচ্ছুক সেটা পরিস্কার করে দিয়েছেন। তার ফলে শহিদ দিবসের দিন কংগ্রেসের বিরুদ্ধে কোনও কথা শুনতে পাওয়া গেল না। এদিকে প্রদেশ কংগ্রেসের সভাপতি অধীর চৌধুরী শহিদ দিবস নিয়ে কোনও কথা বলেননি। তিনি শুধু বলেছেন বিরোধী জোট তৈরি করতে গেলে কংগ্রেসকে সবার প্রয়োজন। এক সময়ে কংগ্রেসকে বাদ দিয়ে বিরোধী জোট তৈরি করার কথা ভাবতে শুরু করে দিয়েছিলেন নেত্রী। এবারে বেঙ্গালুরুতে সেটা আর দেখতে পাওয়া গেল না। রাহুল সোনিয়াকে পাশে রেখে নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কথা বলেছেন এবং কংগ্রেস সম্পর্কে আগ্রহ প্রকাশ করেছেন। শরদ পাওয়ার বারবার নেত্রীকে পরিস্কার করে দিয়েছিলেন যে কংগ্রেস ছাড়া বিরোধী জোট লোকসভার নির্বাচনে করা সম্ভব হবে না। কংগ্রেসকে সঙ্গে নিয়ে বিরোধী জোট তৈরি করতে হবে। এদিকে বিহারের মুখ্যন্ত্রী নীতীশ কুমার এবং লালু প্রসাদ যাদব কোনও দিকে থাকবেন তা পরিস্কার হল না। তারা কি আগামি দিনে নিরপেক্ষ হিসাবে জোটের বাইরে অবস্থান করবেন না জোটের মধ্যে থেকে নির্বাচনী লড়াইতে অংশ গ্রহণ করবেন তা পরিস্কার নয়। কিন্তু তৃণমূল কংগ্রেস জাতীয় স্তরে তাদের রাজনীতিতে এগিয়ে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। বিজেপি দলকে পরাস্ত করতে গেলে জাতীয় স্তরে রাজনৈতিক দলকে শক্তিশালী হওয়াটা খুবই প্রয়োজন। কংগ্রেস দল বরবারই বিজেপি বিরুদ্ধে লড়াই করে এসেছে। দেশের রাজ্যগুলির বিধানসভার নির্বাচন থেকে শুরু করে লোকসভায় বিরোধী দল হিসাবে কংগ্রেস চিহ্নিত। সেই কারণে সর্বভারতীয় রাজনীতির বিকাশ করতে গেলে কংগ্রেসকে পাশে রেখে বিরোধী জোট তৈরি করতে হবে। জাতীয় রাজনীতিতে সফল হতে গেলে শাসক দলের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। দেশের দরিদ্র জনগণকে পাশে রেখে লড়াই করতে হবে। দেশের কৃষকদের পাশে নিয়ে বিজেপির বিরুদ্ধে লড়াই করা খুবই প্রয়োজন। মণিপুরকে কেন্দ্র করে বিরোধী জোট ইণ্ডিয়া এবারে শক্তিশালী হওয়ার চেষ্টা করছে। মণিপুরে যাওয়ার ইচ্ছা প্রকাশ করেছেন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। যদিও এ ব্যাপারে রাহুল গান্ধি বা গোান্ধি এখনও কোনও মত প্রকাশ করেননি। তবে লোকসভার বাদল অধিবেশন চলার সময়ে সোনিয়া গান্ধি বলেছেন প্রধানমন্ত্রীকে মণিপুর নিয়ে বক্তব্য দেওয়ার পরামর্শ দিয়েছেন। সেই দিকে লক্ষ্য রেখে লোকসভায় প্রধানমন্ত্রী মোদি মণিপুর নিয়ে বক্তব্য রাখেন। এদিকে রাজ্যের বকেয়া টাকা আটকে দেওয়ার জন্য বিজেপি নেতাদের বাড়ি ঘেরাও করার আন্দোলনের প্রস্তাব রাখলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। বিজেপি নেতাদের বাড়ি থেকে একশো মিটার দূরত্বে এই প্রতিবাদ অভিযান শুরু করা হবে। এদিকে পঞ্চায়েত নির্বাচন নিয়ে এখনও বাংলা উত্তপ্ত। পঞ্চায়েত নির্বাচন চূড়ান্ত ফলাফল অপেক্ষা করছে আদালতের সিদ্ধান্তের ওপরে। তার ফলে পরিস্থিতি এখনও অগ্নিগর্ভ বলা যেতে পারে। এই অবস্থায় বাংলার রাজনীতিতে আরও বেশি করে উত্তপ্ত করতে তৃণমূল কংগ্রেসের বিজেপি নেতাদের বাড়ি ঘেরাও অভিযান আর আগুন জ্বালাতে সাহায্য করবে বলে মনে করে বিজেপি দলের নেতারা। তারা বলেছেন তৃণমূল কংগ্রেস বিজেপি দলটাকে সবার সমানে হেয় করে দেওয়ার খেলায় অংশ গ্রহণ করতে শুরু করে দিয়েছে। বিজেপি দলের শক্তিকে নেত্রী মমতা সহ্য করতে পারছেন না। তিনি বারবার বিজেপি দলের গোড়া ধরে টান দিয়ে উপড়ে ফেলার চেষ্টা করছেন। কিন্তু বারবার তিনি ব্যর্থ হয়েছেন। তিনি এখন কংগ্রেস দলকে সঙ্গী করে বিজেপি দলের বিরুদ্ধে দিল্লি চলো অভিযানকে সফল করতে ইচ্ছা প্রকাশ করছেন। তৃণমূল কংগ্রেস এখন একটি আঞ্চলিক দল মাত্র। জাতীয় দল হিসাবে গ্রহণযোগ্যতা হারিয়েছে। সেই কারণে তৃণমূল কংগ্রেসের লক্ষ্য হচ্ছে কংগ্রেসের লেজুড় হয়ে নিজেদের দলকে জাতীয় স্তরে প্রতিষ্ঠা করা। সেটা করা সম্ভব হবে কংগ্রেস দলকে পাশে রেখে বিজেপি দলের বিরুদ্ধে লড়াই করতে পারলে। সিপিএম দলের নেতা সুজন চক্রবর্তী বলেছেন যে রাজনীতিতে বিরোধ থাকতে পারে। তাবলে বিরোধী দলের নেতাদের বাড়ি ঘেরাও অভিযানকে কোনও রকমভাবে গ্রহণ করা সম্ভব হচ্ছে না। নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই রকম রাজনীতি করতে বেশি পছন্দ করেন। তিনি উস্কানিমূলক রাজনীতি করে থাকেন। কাকে কখন রাজনীতি উস্কানি দিতে হবে সেটা নেত্রীর ভালো করেই জানা আছে। রাজ্যের প্রাক্তন মুখমন্ত্রী বুদ্ধবেদ ভট্টাচার্যের বাড়ি ঘেরাও করতে গিয়েছিলেন। ভাইপো সেই পথ ধরে হাঁটতে শুরু করে দিয়েছেন।



ভগিনী নিবেদিতা ধর্মজ্ঞান

ভগিনী নিবেদিতা বলতেন, কর্ম করে যেতে হবে। শিক্ষা গ্রহণ করতে হবে। উচ্চ শিক্ষায় শিক্ষিত হতে হবে। কর্ম করতে হবে। সৎ কর্ম করতে হবে। যতদিন বাঁচি ততদিন কাজ করি। এটাই লক্ষ্য হওয়া উচিত। সেই পথ ধরে এগিয়ে যেতে হবে মানব জাতিকে। গীতায় বলেছে কর্মযোগের কথা। কর্মযোগের সাধনা করতে হবে। এক নিষ্ঠভাবে কাজ করতে হবে। যিনি কর্মবীর তিনি জগতে কাউকে ভয় পান না। তিনি নির্ভয়ে এগিয়ে যেতে পারেন সামনের দিকে। কাজ করলে তার শুভ ফল পাওয়া যায়। ভালো কাজে ভালো ফল আসবে। খারাপ কাজে খারাপ ফল পাওয়া যাবে। তাই জন্য খারাপ কাজ করলে চলবে না। চাই ভালো কাজ করার মানসিকতা। ভালো কাজের মানসিকতা লোকেরা জগতে বেশি উন্নতি করতে পারে।

বিপ্লবী পুলিন বিহারী শক্তিশালী করেন ঢাকা 'অনুশীলন সমিতি'কে

রবীন্দ্র কুমার শীল

বাংলার বিপ্লবী আন্দোলন ব্যক্তিগত আন্দোলনে পরিণত হওয়ার ফলে তাকে ইংরেজ শাসকেরা নির্মূল করে দিয়ে পেরেছিল। সাধারণ জনগণ রাস্তায় নেমে আসেনি বিপ্লবী আন্দোলকে সমর্থন করতে। খুবই গোপনে সামান্য কয়েকজন ইরেজ শাসকদের ভারত থেকে বিতারিত করতে উদ্যোগী হয়েছিল। যদি এর পিছনে বাংলার প্রতিটি বাসিন্দাদের সমর্থন থাকতো এবং তারা যদি প্রকাশ্যে মিলিত হয়ে ইংরেজদের বিরুদ্ধে সংগ্রাম করতে অবতীর্ণ হতো তাহলে কিন্তু বাংলার বিপ্লবী আন্দোলন যে উচ্চ পর্যায়ের উপনীত হয়েছিল সেখান থেকে ১৯৪৭ সালের আগেই ভারত স্বাধীনতা লাভ করতে সক্ষম হতো। কিন্তু তা করতে পারলো না তার একটি মাত্র কারণ হচ্ছে বাংলার সশস্ত্র বিপ্লবী আন্দোলন ব্যক্তিগত আন্দোলনে পরিণত হল। তবে বলতে হয় বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন সর্বজনীন আন্দোলনে পরিণত হতে পেরেছিল। সবাই নিজ বর্ণ জাতির ভেদভেদ ভুলে বাংলাকে এক করতে হবে, বাংলার সংস্কৃতিকে ভাগ করা চলবে না এই ধরনের মানসিকতা গ্রহণ করে সারা বাংরা জুড়ে ব্যাপক আন্দোলন মাথা চাড়া দেওয়ার ফলে ইরেজ শাসকেরা পরবর্তীকালে বাংলা ভাগ করার সিদ্ধান্ত পরিত্যাগ করে। এটা বাঙলির আন্দোলনের বড় জয় বলে গ্রহণ করে নিতে হবে। বিপ্লবী পুলিন বিহারী দাস এই ভাবনায় বশবর্তী ছিলেন। তিনি চাইতেন সবাই ভারতের স্বাধীনতা আন্দোলনে অংশ গ্রহণ করুক। ভারতের স্বাধীনতা প্রাপ্তি তো কারোর একার হতে পারে না। ভারত স্বাধীনতা লাভ করলে সবাই স্বাধীন ভারতের নাগরিক হতে পারবে। বিশ্বের কাছে স্বগর্বে বলতে পারবে আমরা স্বাধীন দেশের নাগরিক। এটাই হবে ভারতের জনগণের রাজটিকা। এটাই বারবার পুলিনী বিহারী সবাইকে বোঝাতে চেয়েছেন। ভারতের স্বাধীনতা যজ্ঞে সবার আত্মত্যাগ করার খুবই প্রয়োজন। তার জন্য শারীরিক এবং মানসিক শক্তির অধিকারী হতে হবে। মনে রাখতে হবে বিশ্বের সবচেয়ে শক্তিশালী জাত হচ্ছে ইংরেজ। তাদের বিদ্যা বুদ্ধি এবং শক্তির কাছে সবাই পরাস্ত। সেই বিপুল শক্তির অধিকারী ইরেজ শাসকেরা হচ্ছে ভারত শত্রু। এদের সঙ্গে লড়াই করতে গেলে প্রবল থেকে প্রবলতর শক্তি অর্জন করতে হবে। ঐক্যবদ্ধ শক্তি দিয়ে লড়াই করতে হবে। বিক্ষিপ্ত বিচ্ছিন্ন লড়াই করে ভারত থেকে ইংরেজদের বিতারিত করা একেবারে অসম্ভব। এই বোধটা কাজ করে গিয়েছিল বিপ্লবী পুলিন বিহারী দাসের মধ্যে প্রথম থেকেই। তিনি সবাইকে শক্তির সাধনা করতে বলেছিলেন। স্বাধীনতা আন্দোলন দুর্বল জাতির আন্দোলন নয়। স্বাধীনতা আন্দোলন হচ্ছে বীরের আন্দোলন। সেই কারণে তিনি মহাত্মা গান্ধির মতের সঙ্গে এক হতে পারেননি। তিনি সুভাষ বোসের মতের প্রশংসা করেছিলেন। কলকাতা হাইকোর্টের বিচারপতি এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পুলিন বিহারী দাস সম্পর্কে স্যার আশুতোষ মুখোপাধ্যায় বলেছিলেন- ''Pulin must be laudable man''। কলকাতায় পুলিন বিহারীর সবচেয়ে বড় কাজ হচ্ছে 'বঙ্গীয় ব্যায়াম সমিতি প্রতিষ্ঠা করা। ১৯২৮ সালে এই সমিতি' প্রতিষ্ঠা হয়েছিল। পরে এটি 'পুলিন দাসের আখড়া' হিসাবে প্রচার লাভ করে। ১৯৩০ সালে কলকাতায় তৎকালীন মেয়র সুভাচন্দ্র বোস দীর্ঘ মেয়াদি লিজে জমি দিয়েছিলেন এখানে এই সমিতি প্রতিষ্ঠা করার জন্য। আচার্য জগদীশ চন্দ্র বোস এই সমিতির পৃষ্টপোষক ছিলেন। তাঁর স্ত্রী অবলা বসু সেখানে নারী শক্তি বিকাশের ভাবনাকে প্রতিষ্ঠা করার কাজে লিপ্ত ছিলেন। ১৯৪৬ সালে দাঙ্গার সময়ে 'বঙ্গীয় ব্যায়াম সমিতি' একটি বড় ভূমিকা পালন করেছিল। বিপ্লবী পুলিন বিহারী দাস ভারতের স্বাধীনতা দেখে গিয়েছিলেন। তিনি এই স্বাধীনতা লাভের আশায় তো জীবন ত্যাগ করেনি! সেই কারণে তিনি ১৯৪৭ সালে ১৫ আগস্ট 'বঙ্গীয় ব্যায়াম সমিতি' প্রাঙ্গনে লাল পতাকা উত্তোলন করলেন। তিনি সেদিন উচ্চকণ্ঠে ঘোষিত করলেন, ''সে পতাকা কমিউনিস্ট পার্টির লাল পতাকা নয়, প্রকৃত লাল পতাকা।'' সমাজবাদী বিপ্লবী সমর বসু লিখেছেন, ''পুলিনবাবু উচ্চকণ্ঠে বললেন আমার জন্মভূমি, আমার ভারতমাতা, ক্ষত-বিক্ষত দ্বিখণ্ডিত এবং রক্তাক্ত কলেবর কোনো দেশপ্রেমিকের তা কাম্য হতে পারে না। তাই খণ্ডিতরক্তাক্ত মাতৃভূমির যথার্থ স্বাধীনতা না আসা পর্যন্ত এই রক্ত পতাকা উড্ডীন থাকবে।'' প্রশ্ন থাকছে আজও কী ভারতবাসী যর্থাথ স্বাধীনতা লাভ করতে পেরেছে? এর উত্তর জনগণই দিক। প্রখ্যাত ইতিহাসবিদ অমলেন্দু দে পুলিন বিহারী দাসের কর্মযজ্ঞকে বিশ্লেষণ করতে গিয়ে লিখেছেন, ''পুলিন বিহারীর রাজনৈতিক জীবনের সময়কাল ছিল চৌদ্দ বছর, ১৯০৬ খ্রিস্টাব্দ থেকে ১৯২০ খ্রিস্টাব্দ পর্যন্ত। এই সময়কালকে তিনটি ভাগে বিভক্ত করা যায়ঃ ১৯০৬ খ্রিস্টাব্দ থেকে ১৯১০ খ্রিস্টাব্দ (খ) ১৯১১ খ্রিস্টাব্দ থেকে ১৯১৮ খ্রিস্টাব্দ (গ) ১৯১৮ খ্রিস্টাব্দে মে মাস থেকে ১৯২০ খ্রিস্টাব্দ। প্রথম স্তরটিকে তাঁর রাজনৈতিক জীবন বলে উল্লেখ করা যায়। পুলিন বিহারী দাসকে কি ইংরেজ সরকার খুবই ভয় পেত? নাহলে তাঁকে বারবার কারাগারে রাখা এবং অন্তরীন রাখার প্রয়োজন দেখা দিল কেন? এর বিচার বিশ্লেষণ করলে দেখতে পাওয়া যাবে যে

ইংরেজ সরকার বিপ্লবী আন্দোলনের গোড়া কেটে দিতে চেষ্টা করছিল। মূল শিকড়গুলিকে যদি উপড়ে ফেলা যায় তাহলে বাংলার বিপ্লবী আন্দোলন তৈরি করা সম্ভব হবে না। সেই কারণে বারবার পুলিন বিহারী দাসের ওপরে পুলিশ কড়া নজর রাখতে শুরু করে। ১৯০৮ সালে অনুশীলন সমিতি বেআইনী ঘোষিত হল। পাঞ্জাবের মন্টোগোমারি জেলে বিনা বিচারে বন্দি চৌদ্দ মাস। ১৯১০ সালে ঢাকা জেলে বন্দি। ১৯১১ সালে ৭ আগস্ট আদালতের রায়ে তাঁকে যাবজ্জীবন কারাদণ্ড। ১৯১২ সালে কলকাতা হাইকোর্টে আবেদন করার ফলে তাঁকে সাত বছর দ্বীপান্তর। ১৯১৮ সালে আন্দামান জেল থেকে তাঁকে নিয়ে এসে মাদ্রাজ জেলে রাখা। তারপরে কৃষ্ণনগর জেলে এবং কলকাতার ইলিসিয়াম রোডে পুলিশি হেফাজতে থাকা। পরে নিজ বাড়ি লোনসিংহ গ্রামে অন্তরীন থাকা। এত বছর কাগারারে থেকেও তিনি কোনও সময়ে বিপ্লবী আন্দোলনে নিরাশ হননি। কারাগার থেকে তিনি নতুন উৎসাহ উদ্দিপনা লাভ করে আবার নতুন করে বিপ্লবী সংগঠনকে মজবুত করেছেন। কোনও কাজে নিরাশ হতে নেই তাঁকে দেখে এই শিক্ষা গ্রহণ করার সময় এসে গিয়েছে। পুলিন বিহারী দাস ১৮৭৭ সালে ২৮ জানুয়ারি রবিবার বাংলার ১৬ মাঘ ১২৮৩ সালে লোনসিংহ গ্রামে জন্ম গ্রহণ করেছিলেন। পিতার নাম ছিল নব কুমার দাস। পুলিন বিহারী দাস সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্রের 'আনন্দমঠ' উপন্যাসের আদর্শ দিয়ে নিজেকে গঠিত করেন। ভক্তি ও ত্যাগ সম্পর্কে বিপ্লবী পুলিন বিহারী দাসের মত ছিল, ''আবেগ ও উচ্ছ্বাসের বশে প্রাণ ত্যাগ করাতে বিশেষ কোনো ইষ্ট সাধন হয় না। প্রয়োজন জ্ঞান, বুদ্ধি, তার সঠিক প্রয়োগ, তার জন্য যা যা কর্তব্য তাই করণীয়। তাতে প্রাণত্যাগ অতি তুচ্ছ বস্তু, দরকার প্রকৃত ভক্তি, ঐকান্তিকতা, উদ্যম, পরাক্রম। ১৯০৬ খ্রিস্টাব্দ থেকে ১৯১০ খ্রিস্টাব্দ পর্যন্ত কালে পুলিন বিহারী দাসের রাজনৈতিক জীবন শুরু হয়। ১৯০৬ সালে ঢাকা অনুশীলন সমিটি গড়ার পরে তিনি দুই বছর সমিতির হয়ে কাজ করতে সক্ষম হয়েছিলেন। ১৯০৮ সালে ১৫ ডিসেম্বর ঢাকা অনুশীলন সমিতিকে বেআইনী বলে ঘোষণা দেয় সরকার। তার আগেই ১৯০৮ সালে ৪ নভেম্বর পুলিন বিহারীকে গ্রেফতার করা হয়। ব্রিটিশ ভারত রেগুলেশন ৩, ১৮১৮ আইনবলে তাঁকে ১৪ ডিসেম্বর তাঁকে মন্টেগোমারি জেলে বন্দি করে রাখা হয়েছিল। ১৯১০ সালে মুক্তি লাভ করে দলের প্রধান হিসাবে দায়িত্বভার গ্রহণ করেন। কয়েক মাসের মধ্যে ঢাকা ষড়যন্ত্র মামলায় তাকে ঢাকা জেলে আবদ্ধ রাখা হয়েছিল। ১৯১১ সালে ৭ আগস্ট আদালতে রায়ে তাঁর যাবজ্জীবন কারাদণ্ড হয়েছিল। কিন্তু কলকাতা হাইকোর্টে আপিল করার পর ১৯১২ সালে এপ্রিল মাসে যাবজ্জীবন দণ্ড রোধ করে সাত বছরের দ্বীপান্তর দেওয়া হয়। ১৯১৮ সালে আন্দামানের সেলুলার জেল থেকে তাঁকে নিয়ে এসে মাদ্রাজ জেলে রাখা হয়েছিল। তারপরে তাঁকে কৃষ্ণনগর জেলে এবং কলকাতার ইলিসিয়াম রোতে হেফাজতে রেখে লোনসিংহ গ্রামে নিজস্ব বাসভবানে অন্তরীন করে রাখা হয়েছিল। তারপরে বিপ্লবী দলের উদ্দেশ্যকে গোপন রেখে আসাম এবং ত্রিপুরাতে জমি ক্রয় করতে গেলে তিনি ব্যর্থ হন। মহাত্মা গান্ধির প্রবর্তিত অহিংসা অসহযোগ আন্দোলনকে সমর্থন করতে পারেননি। 'গান্ধিজির সঙ্গে সংঘাত' পুলিন বিহারী দাস পরিস্কার করে বলে দিয়েছেন গান্ধিজির মতের সঙ্গে তাঁর মিল হচ্ছে না। ফলে তিনি আর কংগ্রেসে যোগদান করেননি। পুলিন বিহারী দাস বিপ্লবী আন্দোলনের ক্ষেত্র প্রস্তুত করার আগে সৈনিক নির্মাম করতে চেয়েছিলেন যুব সমাজকে নিয়ে। সেই কারণে তিনি বারবার সংগঠনকে শক্তিশালী করার দিকে নজর দিয়েছেন এবং অনুশীলন সমিতির শাখা তৈরি করতে শুরু করে দিয়েছিলেন। ঢাকা ছাড়াও ফরিদপুর, ময়মনসিংহ ত্রিপুরা জেলাতেও পাঁচটি শাখা ছিল। ১৯০৫ সালে বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন বড় আকার ধারন করলে ইংরেজ সরকার ছাত্রদের আন্দোলনে যোগদান নিষিদ্ধ করে দেয়। তার ফলেই জাতীয় বিদ্যালয় প্রতিষ্ঠার ওপরে বেশি করে জোর দিতে শুরু করেন শিক্ষিত স্বদেশিরা। তাঁদের উৎসাহে এবং উদ্যোগে বিভিন্ন জেলায় জাতীয় বিদ্যালয় প্রতিষ্ঠা লাভ করে। ঢাকা অনুশীলন সমিতি এবং ঢাকা জাতীয় বিদ্যালয়ে পাঠরত ছাত্ররা একযোগে কাজ করতে শুরু করে দিয়েছিল। ১৯০৯ সালে ১৭ জুন জি সি ডেনহ্যাম তাঁর রিপোর্টে লেখেন, ''There seems little doubt, but that in most of the places where Natioanl School are situated, the school itself is the headquarters of the samiti..We have already seen that the extremely dangerous Anusilan Samiti organised by Pulin Das at Dacce was so closely connected with the National School that it is impossible to distinguish one from the other (Denham, Natioanl Concil,p-3)'' উন্নত যুব শক্তি গড়াই ছিল পুলিন বিহারী দাসের মূল লক্ষ্য। বালগঙ্গাধর তিলককে সভাপতি করে যে সর্বভারতীয় ভলেন্টিয়ার লিগ গঠিত তার কার্যকরী কমিটির সদস্য ছিলেন তিনি। তিনভেলি দাঙ্গার পরে পুলিন বিহারীর সঙ্গে মাদ্রাজের অনুশীলন সমিতির নেতার যোগ ঘটে। পুলিশের নির্যাতন মাদ্রাজীদের রক্ষা করতে বাংলা থেকে স্বেচ্ছাসেবক পাঠাতে অনুরোধ করা হলে পুলিন বিহারীর নির্দেশে পনেরো জন স্বেচ্ছাসেবক মাদ্রাজে গিয়েছিল। (ক্রমশ...)

তৃণমূল কংগ্রেসের ভাবমূর্তি

বিশেষ প্রতিনিধি

লোকসভার নির্বাচনের আগেই তৃণমূল কংগ্রেস এবারে দলকে সাজাতে শুরু করে দিয়েছে। সেই বার্তা দিয়ে গেলেন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ২১ জুলাই শহিদ মিনারে। বিজেপির শুধু বিরোধিতা করলে চলবে না। বিজেপিকে পরাস্ত করতে রাজনৈতিক শক্তি বৃদ্ধির দিকে বিশেষ করে নজর দিতে হবে বলে তিনি মনে করেন। সেই কারণে তিনি দলকে এবার গোড়া থেকে সাজাতে শুরু করেছেন। পঞ্চায়েত ভোটে যে সব প্রার্থী তৃণমূল কংগ্রেসের হয়ে জয়লাভ করেছেন তাদের কাজের ওপরে নির্ভর করছে ভবিষ্যতে তাদেরকে দলে রাখা ঠিক হবে কিনা। দলের প্রাক্তন মহাসচিব পার্থ চট্টোপাধ্যায় যেভাবে দলের ভাবমূর্তি ৭তি করেছেন সেটা যাতে আর ভবিষ্যতে না হতে পারে তার দিকে কড়া নজর রাখতে শুরু করে দিয়েছেন নেত্রী তা তিনি পরিস্কার করে বলে দিয়েছেন। 'ভারত' বা 'ইণ্ডিয়া' জোটকে শক্তি শালী করাই এখন নেত্রী লক্ষ্য। এদিকে রাহুল গান্ধি এখন নেত্রী মমতার পাশে রয়েছেন। জানতে পারা গিয়েছে লোসভার ভোটের আগে আর একবার ভারত জোড়ো কর্মসূচি গ্রহণ করা হবে। সেখানে রাহুল এর পাশাপাশি থাকবেন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিকে বিরোধী দলের নেতারা বলতে শুরু করে দিয়েছেন য়ে যতই নেত্রী বলুক তিনি গদি চান না। আসলে তাঁর লক্ষ্যই হল গদির দিকে। তিনি এখন বলছেন গদি চান না। কিন্তু বিজেপি বিরোধী জোট যখন জিততে শুরু করবে তখন নেত্রী একেবারে পাল্টে যাবেন। তিনি তখন গদি লোভ ছাড়তে পারবেন না। দিদি হতে চান প্রধানমন্ত্রী। আর অভিষেক তাঁর শূন্য স্থান পূরণ করবেন। এটাই তো হচ্ছে খেলা। এদিকে লোকসভার নির্বাচনের আগেই দলকে গোড়া থেকে শক্ত করতে উদ্যোগ গ্রহণ করেছেন নেত্রী। তিনি সব কেন্দ্রের নেতাদের নির্দেশ দিয়েছেন বেছে বেচে দলীয় সদস্য করতে। কারোর বিরুদ্ধে কোনও অভিযোগ থাকলে তাকে যেন দলীয় সদস্য পদ দেওয়া না হয়। দল একন খুব কড়া সিদ্ধান্ত গ্রহণ করতে শুরু করেছে। অতীতে রাজনৈতিক কার্যকলাপ এবং তাঁর ভাবমূর্তি দেশেক দলীয় সদস্য পদ দেওয়ার অনুমতি দিয়েছেন নেত্রী মমতা এবং সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। তৃণমূল কংগ্রেস এখন দলের ভাবমূর্তিকে সারাই করার উদ্যোগ গ্রহণ করেছে। উন্নয়নের কথা নিয়ে আসতে শুরু করেছে। শিক্ষিত বেকারদের চাকরি দেওয়ার কথা ভাবতে শুরু করেছে শাসক দল তৃণমূল কংগ্রেস। কংগ্রেস এবং বাম আমলে রাজ্যের বহু বেকার ছেলেরা দলমত নির্বিশেষে চাকরি পেয়েছিল। এমনকী বামফ্রন্ট আমলেও চাকরি পেত রাজ্যের বেকাররা। সেই দিকে লক্ষ্য রেখে এখন শিক্ষিত বেকারদের চাকরি পাওয়ার সব রাস্তা খুল্েল দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। রাষ্ট্রায়াত্ত সংস্থা গুলিকে বেসরকারিকরণ করা বিরোধিতা করতে শুরু করে দিয়েছে তৃণমূল কংগ্রেস। কেন্দ্রীয় সরকার তার সামাল দিতে হিমসিম খেতে শুরু করেছে। এখন কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে ধীরে ধীরে অলাভজনক রাষ্ট্রয়াত্ত সংস্থাগুলোকে বেসরকারিকরণ করে দেওয়া হবে। ফলে সবাই এখন সরকারি চাকরিতে স্থায়ীত্ব হওয়ার সম্ভাবনা কম দেখতে শুরু করে দিয়েছে। বহু কেন্দ্রীয় সরাকরি পদ এখনও খালি পড়ে রয়েছে। সেখানে কোনও নিয়োগ নেই বলতে গেলে চলে। রেলের নতুন কোনও নিয়োগ নেই। সরকারি সংস্থাগুলি লোকের অভাবে ধুঁকতে শুরু করে দিয়েছে। নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এখন সেই দিকে নজর দিতে শুরু করেছেন। মহিলাদের নিরাপত্তা দেওয়ার ব্যাপারে তিনি লক্ষ্য রাখছেন বলে জানতে পারা গিয়েছে। সদ্য মণিপুরের নারী নির্যাতনের ঘটনায় নেত্রী খুবই আঘাত প্রাপ্ত। সেই কারণে তিনি বলেছেন বিরোধী জোট 'ইণ্ডিয়া' নিয়ে মণিপুর সফর করবেন। দলকে শক্তিশালী করে রাখতে উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করতে হবে। রাজ্য সরকার এখন যা অবস্থা সেখান থেকে উঠে আসা খুবই মুশকিল। কেন্দ্রীয় সরকার যেখানে সরকার চালতে গিয়ে হিমসিম খেতে শুরু করে দিয়েছে সেখানে পশ্চিমবঙ্গ সরকার রাজ্যটাকে দক্ষতার সঙ্গে পরিচালনা করতে শুরু করে দিয়েছে। শাসক দল হিসাবে তৃণমূল কংগ্রেস জনপ্রিয়তা অর্জন করতে সমর্থ হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সব কিছুই বোঝেন। তিনি দক্ষ রাজনীতিবিদ। তবে তিনি রাজনীতির কৌশলটা ভালো করেই জানে বলে এতদিন ধরে তৃণমূল কংগ্রেস দলটাকে দক্ষতার সঙ্গে পরিচালনা করে নিয়ে যেতে সক্ষম হয়েছেন। বহুবার তৃণমূল কংগ্রেসের ওপরে ঝড় বয়ে গিয়েছে। সেই ঝড়কে তিনি সহ্য করেছেন এবং দক্ষতার সঙ্গে তার মোকাবিলা করেছেন। চিটফাণ্ড থেকে শুরু করে বহু আর্থিক কেলেঙ্কারীর মধ্যে জড়িয়ে পড়েছিল দলের নেতারা। সেই সব নেতাদের দল থেকে ধীরে ধীরে সরিয়ে দিয়ে দলটাকে একটি নতুনভাবে গড়ে তোলার চেষ্টা করে চলেছেন ক্রমাগত। ফলে আজকে দলের মধ্যে কোনও দুর্নীতিগ্রস্ত ব্যক্তিদের দেখতে পাওয়া যায় না। অতীতে চিটফাণ্ড কেলেঙ্কারীর নেতারা দলের মধ্যে রয়েছেন বটে। কিন্তু তাদের কার্যকারিতা নেই বলতে গেলে চলে। দল থেকে একেবারে সরিয়ে দিচ্ছেন না নেত্রী। তিনি তাদেরকে দলের মধ্যে রাখছেন বটে। কিন্তু প্রকাশ্যে দলীয় কাজ করতে দিচ্ছেন না। তারা আড়াল করে দিয়েছেন নেত্রী। ফলে তৃণমূল কংগ্রেস দলটা একেবারে ভেঙে পড়ছে না। নতুন শক্তিশালী দল হিসাবে পরিচিতি হওয়ার চেষ্টা করতে শুরু করেছে তৃণমূল কংগ্রেস। পশ্চিমবঙ্গে এই মুহূর্তে শক্তিশালী দল বলতে তৃণমূল কংগ্রেসকে বোঝায়। লোকসভার ভোট এসে গিয়েছে। তার আগে দলীয় শক্তি বৃদ্ধি করতে পর্যবেক্ষণ করতে শুরু করে দিয়েছেন নেত্রী।কাটমানি খাওয়া জনপ্রতিনিধিদের বিরুদ্ধে তিনি সরব হয়েছিলেন। এমনকী এ ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করতে তিনি 'দিদিকে বলো' কর্মসূচি চালু করেছিলেন। দলীয় প্রার্থীদের স্বচ্ছ ভাবমূর্তির দিতে তাকিয়ে দলীয় মনোনয়ন করতে দেওয়া হবে বলে জানতে পারা গিয়েছে। জনপ্রিয়তা বিচার করে তবেই তাকে দলের টিকিট দেওয়া হবে। লোকসভার নির্বাচন হওয়ার আগেই নেত্রী দলের অবস্থান সম্পর্কে কঠোর সিদ্ধান্তের কথা জানিয়ে দিলেন। দলের মধ্যে সমন্বয় গড়ে তোলার কথা বলতে শুরু করে দিয়েছেন নেত্রী মমতা। নেত্রী নির্দেশ দিয়েছেন, দলীয় সব নেতা এবং কর্মীরা রীতিমতো কেন্দ্রীয় দফতরের সঙ্গে কথা বলে কাজ করবেন। কেন্দ্রীয় সদর দফতর যা নির্দেশ দেবে তাই কিন্তু মেনে চলতে হবে। তার বাইরে গিয়ে কাজ করা চলবে না। কোনও রকম ভাবে দলীয় নির্দেশ অগ্রাহ্য করে কেউ যদি কাজ করে তাহলে তাকে দল থেকে বহিস্কার করা হবে তা নয়, প্রয়োজন হলে দৃষ্টান্ত মূলক শাস্তিও দেওয়া হতে পারে। দল প্রয়োজন হলে দলীয় শাস্তি বিধান দিতে পারে দলীয় কর্মীদের। লোকসভার নির্বাচন শুরু হওয়ার আগেই দলকে পরিস্কার পরিচ্ছন্ন করতে লেগে গিয়েছেন নেত্রী। লোকসভায় নির্বাচন হওয়ার আগে কোনও দলীয় নেতা বা কর্মীরা স্থানীয় বাসিন্দাদের বিরক্তির কারণ যাতে না হয়তার দিকে লক্ষ্য রাখা হচ্ছে বলে জানতে পারা গিয়েছে।

হেরিটেজ বাংলার বৈষ্ণব মন্দির

১৩৩৩ সালে ৩০ কার্তিক বৈষ্ণব মন্দিরটি প্রতিষ্ঠা লাভ করে। বিগ্রহটি পুজো করতেন রামদেব। তারপরে রাধাকৃষ্ণ পুজো করেছেন রামকৃষ্ণদেব। তখন কলকাতায় বৈষ্ণব মন্দির কম ছিল। রাধাকৃষ্ণ পুজো করার সময়ে পুজারি মন্দিরে চলে আসেন। এই কারণে এই মন্দিরের একটি উজ্জ্বল ইতিহাস রয়েছে। পুরোহিত রাধাকৃষ্ণ মূর্তি দর্শন করে ভাবসমাধিস্থ হয়ে যেতেন। এখানে এখন শ্রীশ্রীরামকৃষ্ণ সংঘ প্রতিষ্ঠিত হয়। রাজ বাড়ির দরজার পাশেই প্রতিষ্ঠিত রয়েছে শিবলিঙ্গ, নারায়ণ শিলা, গোপাল, নৃসিংহদেব, বৃন্দাবনেশ্বর ও অনন্তদেব বিগ্রহ। বাংলায় রাধাকৃষ্ণকে নিয়ে আসেন কবি জয়দেব। তিনি গীতগোবিন্দম এবং মেঘদূত কাব্য রচনা করে রাধাকৃষ্ণ প্রেমকে মর্যাদা দিয়েছিলেন। তাঁর পথ ধরে পরবর্তীকালে বাংলায় চণ্ডীদাস এবং মিথিলার কবি বিদ্যাপতি রাধাকৃষ্ণ

প্রেম নিয়ে কাব্য রচনা করলেন। তখন মিথিলা ছিল একটি প্রসিদ্ধ শিক্ষাকেন্দ্র। এখানে বহু বাঙালি পণ্ডিতেরা এসে শিক্ষা গ্রহণ করতো। তারাই রাধাকৃষ্ণকে বাংলায় নিয়ে আসে। পরে রাধাকৃষ্ণ পদাবলী রচনা করা হয়। বাংলা ছিল তন্ত্র সাধনার দেশ। সেই দেশে প্রেম ধর্ম প্রবেশ করতে শুরু করলো। চৈতন্যদেব রাধাকৃষ্ণ প্রেম ধর্মকে মানুষের জীবনে প্রবেশ করিয়ে দিলেন। তিনি একাধারে বৈষ্ণব পদাবলী রচনা করতে যেমন উৎসাহ দিয়েছিলেন পাশাপাশি তিনি হরি সাধনা করতে জাতিকে উৎসাহ দেন। সেই সুত্র ধরে বাংলায় বিশেষ করে কলকাতায় বহু রাধাকৃষ্ণ মন্দির তৈরি হতে থাকে। শ্রীশ্রীশ্যামসুন্দর জীউর মন্দির প্রতিষ্ঠা হয়েছিল বেচু চ্যাটার্জি স্ট্রিটে। নবদ্বীপ হচ্ছে বৈষ্ণব চর্চার প্রাণ কেন্দ্র। সেখান থেকে চৈতন্যদেব সারা ভারত জুড়ে বৈষ্ণব ধর্মকে ছড়িয়ে দিয়েছিলেন। নবদ্বীপে বহু বৈষ্ণব মন্দির রয়েছে।

অজয় রায়কে পাঁচ দিনের পুলিশি হেফাজতে রাখার নির্দেশ দিল দিনহাটা আদালত

দুরন্ত বার্তা, কোচবিহার, ২২ জুলাই ঃ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী নিশীথ প্রামাণিকের ঘনিষ্ঠ দিনহাটার বিজেপি নেতা অজয় রায়কে গ্রেফতার করেছে পুলিশ। শুক্রবার রাতে তিনি যখন অসম থেকে ফিরছিলেন সেসময় তাঁকে অসম-বাংলা সীমান্তের বক্সিরহাট থেকে গ্রেফতার করে পুলিশ । গ্রেফতার হওয়া বিজেপি নেতা অজয় রায়কে পাঁচ দিনের পুলিশি হেফাজতে রাখার নির্দেশ দিল দিনহাটা আদালত। কোচবিহার বক্সিরহাট আসাম সীমান্ত থেকে শুক্রবার রাতে তাকে গ্রেফতার করা হয়েছিল। শনিবার তাকে দিনহাটা আদালতে তোলা হলে পুলিশ ১৪ দিনের জেল হেফাজতের আবেদন জানালে, বিচারক তাকে পাঁচ দিনের পুলিশি হেফাজতে রাখার নির্দেশ দেয়। কোর্ট থেকে বেরিয়েই নিজের মাকে জড়িয়ে ধরেন এবং প্রণাম করে গাড়িতে ওঠার আগে অজয় রায় বলেন, আমি চক্রান্তের শিকার। আমার শেষ রক্তবিন্দু থাকা পর্যন্ত ভারত মাতা কি জয় কথাটি আমার মুখ দিয়ে বেরোবে। বুড়িরহাটের গণ্ডগোল- সহ একাধিক মামলায় তিনি অভিযুক্ত। এই বিজেপি নেতা গত ১০ জুলাই দিনহাটার স্ট্রংরুমে ঢুকে বিতর্কে জড়িয়েছিলেন। সেই মামলা-সহ আরও দু'টি মামলায় তাঁকে গ্রেফতার করা হয়েছে। পাশাপাশি গত ফেব্রুয়ারি মাসে দিনহাটার বুড়িরহাটে নিশীথ প্রামাণিকের কনভয়ে হামলার পর তৃণমূল ও বিজেপি সংঘর্ষের ঘটনায় অন্যতম অভিযুক্তও ছিলেন এই অজয় । কোচবিহারের অতিরিক্ত পুলিশ সুপার কুমার সানিরাজ বলেন, দু'টি মামলায় তাঁকে গ্রেফতার করা হয়েছে। পুরো বিষয়টি নিয়ে বিজেপির কোচবিহার জেলা কমিটির সদস্য জয়দীপ ঘোষ বলেন, গত ১০ জুলাই স্ট্রংরুমে প্রশাসনের পক্ষ থেকে অজয় রায়কে ডাকা হয়েছিল। সেখানে অজয় রায় দেখেন স্ট্রংরুম খোলা। এর কারণ তিনি জানতে চান এবং তার প্রতিবাদ করেন। পরবর্তীতে উদয়ন গুহের নেতৃত্বে তাঁর ওপর হামলা হয়। তাঁর গাড়ি ভাঙচুর হয়। অথচ অজয় রায়কেই আবার গ্রেফতার করা হল! রাজ্য তৃণমূলের মুখপাত্র তথা প্রাক্তন সাংসদ পার্থপ্রতীম রায় বলেন, যতদূর শুনেছি আইন অনুযায়ী তাঁকে গ্রেফতার করা হয়েছে। এর সঙ্গে রাজনীতির কোনও সম্পর্ক নেই। জানা গিয়েছে, অজয় রায় আগে তৃণমূল করলেও ২০২১ সালের বিধানসভা নির্বাচনের আগে বিজেপিতে যোগ দেন। পরবর্তী সময়ে তাকে দিনহাটা শহর মণ্ডলের দায়িত্ব দেওয়া হয়। পুলিশের দাবি, দীর্ঘদিন তিনি পলাতক ছিলেন। পরবর্তী কালে হাইকোর্ট থেকে জামিন নিয়ে বাড়ি ফেরেন। এরপর পঞ্চায়েত নির্বাচনে সামনে থেকে দলকে নেতৃত্ব দেন। গত ১০ জুলাই দিনহাটা হাইস্কুলের ডিসিআরসি সেন্টারের মধ্যে থাকা স্ট্রংরুমে ঢুকে বিতর্কে জড়িয়েছিলেন। খবর পেয়ে উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ তাঁর অনুগামীদের নিয়ে ডিসিআরসি সেন্টারে ঢুকলে উত্তেজনা ছড়ায়। ধুন্ধুমার বেঁধে যায়। এরপর শুক্রবার রাতে তিনি যখন অসম থেকে ফিরছিলেন সেসময় অজয় রায়কে অসম-বাংলা সীমান্তের বক্সিরহাট থেকে গ্রেফতার করে পুলিশ ।

চিকিৎসক -নার্সকে মারধরের অভিযোগে তালা বন্ধ স্বাস্থ্যকেন্দ্র, গ্রেপ্তার ২

দুরন্ত বার্তা, রামপুরহাট, ২২ জুলাই ঃ এক যুবকের চিকিৎসাকে কেন্দ্র করে কাষ্ঠগড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চার দিন ধরে বন্ধ। জানা গেছে, রোহন খান নামে এক যুবকের চিকিৎসা করাকে কেন্দ্র করে রামপুরহাট ১নং ব্লকের কাষ্ঠগড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসকের সাথে শুরু হয় বচসা। কাঠগড়া গ্রামের ফরিদ খান ও মারফত খান নামে দুই ব্যাক্তিকে গ্রেফতার করে পুলিশ । তাদের রামপুরহাট আদালত তোলা হয়। ঘটনার জেরে স্বাস্থ্যকেন্দ্রে আসেন মুখ্য স্বাস্থ্য আধিকারিক শোভন দে। জখম চিকিৎসক ও নার্সকে বর্তমানে রামপুরহাট মেডিক্যাল কলেজে চিকিৎসাধীন স্বাস্থ্যকেন্দ্রের কর্তব্যরত চিকিৎসক মৃণাল মণ্ডলের গলায় রয়েছে গভীর ক্ষত। চিকিৎসক সংগঠন আইএমএ অভিযোগ করে যে এই পরিস্থিতিতে কোনও চিকিৎসক ওই স্বাস্থ্যকেন্দ্রে গিয়ে কাজের পরিবেশ পাবেন না। রামপুরহাট ১ নং ব্লক স্বাস্থ্য আধিকারিক সপ্তর্ষি কীর্তনীয়া (বি এম ও এইচ) রামপুরহাট থানায় অভিযোগ করেন। একই সঙ্গে রামপুরহাট স্বাস্থ্য জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক, মহকুমা শাসক ও মহকুমা পুলিশ আধিকারিক এবং রামপুরহাট ১নং ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিকেও বিষয়টি জানানো হয়। এদিকে স্বাস্থ্য কেন্দ্রটি চারদিন থেকে তালা বন্ধ থাকায় দূর দুরন্ত থেকে আসা রোগীদের বেহাল অবস্থা। চিকিৎসার জন্য ছুটতে হচ্ছে রামপুরহাট।

ডোবা থেকে উদ্ধার এক মহিলার মৃতদেহ, চাঞ্চল্য এলাকায়

দুরন্ত বার্তা, চালসা, ২২ জুলাই ঃ ডোবা থেকে উদ্ধার করা হল এক মহিলার মৃতদেহ। শনিবার সকালে চাঞ্চল্যকর এই ঘটনা ঘটেছে জলপাইগুড়ি শহর সংলগ্ন রাখালদেবী এলাকায়। জানা গেছে, মৃত মহিলার নাম মঞ্জু মজুমদার। তাঁর স্বামীর নাম বঙ্কিম মজুমদার। মৃতার আত্মীয় জানান, দীর্ঘদিন ধরেই মানসিকভাবে অসুস্থ ছিলেন তিনি। চিকিৎসা করিয়ে ওষুধ খাওয়ানো হতো। তবে সম্প্রতি ওষুধ খাওয়া বন্ধ করে দিয়েছিলেন তিনি। খাবারও ঠিকমতো খেতেন না। এজন্য শরীর ক্রমশই দুর্বল হয়ে পড়েছিল। যদিও ডোবার জলে তিনি কিভাবে পড়ে গিয়েছেন তা বুঝে উঠতে পারছেন না কেউ। এই ঘটনা হত্যা নাকি আত্মহত্যা তাও স্পষ্ট নয়। ঘটনার তদন্ত শুরু করেছে জলপাইগুড়ি কোতোয়ালি থানার পুলিশ। মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জলপাইগুড়ি মেডিক্যাল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

বিনা চিকিৎসায় রোগী মৃত্যুকে ঘিরে উত্তেজনা মালদা হাসপাতাল চত্বর

দুরন্ত বার্তা, মালদা, ২২ জুলাই ঃ বিনা চিকিৎসায় রোগী মৃত্যুকে ঘিরে উত্তেজনা মালদা মেডিকেল কলেজ হাসপাতাল চত্বরে। খবর পেয়ে

ঘটনাস্থলে ইংরেজ বাজার থানার বিশাল পুলিশ বাহিনী। স্থানীয় পুলিশ সূত্রে জানা যায় শনিবার সকালে মালদা জেলার হবিবপুর থানার মধ্যম কেন্দুয়া এলাকার জয় কুন্ডু বয়স (২৩) বছর এর নামে এক যুবক কালিয়াচক থেকে কাজ ছেড়ে মোটরবাইকে করে বাড়ি ফিরছিলেন। ফেরার সময় মালদার বাধা পুকুরের বাইপাস এলাকায় পথদুর্ঘটনার কবলে পরে গুরুতর আহত হন। স্থানীয় ও পুরুষের সাহায্যে ওই যুবককে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয় সকালে। রোগীর পরিবারের দাবি সকালে ভর্তি করার পরেও চিকিৎসক ও নার্স ঠিকমতো চিকিৎসা করেননি ওই রোগীকে। এরপর দুপুর ১২ টা নাগাদ ওই রোগীর মৃত্যু হয় বলে জানা যায় পরিবারের কাছে। মৃত্যু হতেই পরিবারের লোকেরা কর্মরত চিকিৎসক ও নার্সদেরকে ঘিরে বিক্ষোভ দেখান। এরপর খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় ইংরেজবাজার থানার বিশাল পুলিশ বাহিনী। পরে পরিস্থিতি অনেকটাই স্বাভাবিক হয়। পরে মৃত দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মালদা মেডিকেল কলেজের মর্গে পাঠানো হয়।

চ্যাংরাবান্ধা সীমান্তে বিদ্যুতের তারের সংস্পর্শে পণ্যবাহী ট্রাকে আগুন

দুরন্ত বার্তা, চ্যাংরাবান্ধা, ২২ জুলাই ঃ কোচবিহার জেলার চ্যাংরাবান্ধা স্থলবন্দর এলাকায় বিদ্যুতের তারের সংস্পর্শে এসে একটি ট্রাকে আগুন লেগে যায়। শনিবার ঘটনাটি ঘটে । স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন চ্যাংরাবান্ধা সীমান্তের বিবেকানন্দ পাড়া এলাকায় বিদ্যুতের তারের সংস্পর্শে একটি পণ্যবাহী ট্রাকে আগুন লেগে যায়। খবর দেওয়া হয় মেখলিগঞ্জ দমকলকেন্দ্রে। দমকল আসার আগেই অবশ্য স্থানীয়দের তৎপরতায় আগুন নিয়ন্ত্রণে আসে। ঘটনায় ক্ষয়ক্ষতির পরিমান এখনও জানা যায়নি। বারবার পণ্যবাহী ট্রাকে আগুন লাগার ঘটনায় স্থলবন্দরে দমকলকেন্দ্রের দাবি উঠেছে।

লক্ষাধিক টাকার জাল নোট সহ এসিটিএফের হাতে ধৃত দুই পাচারকারী

দুরন্ত বার্তা, মালদা, ২২ জুলাই ঃ পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স ১.৪৬ লক্ষ টাকার জাল নোট সহ দুই পাচারকারীকে গ্রেফতার করেছে। তাদের নাম বসির মিয়া ও সাদ্দাম হোসেন । এসটিএফ এসপি ইন্দ্রজিত বসু শনিবার বিকেলে জানিয়েছেন, শুক্রবার গভীর রাতে সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে এই দুই সন্দেহভাজনকে মালদা জেলার আংরেজি বাজার থানার অন্তর্গত বান্ধু কুকুর এলাকায় ঘিরে ফেলা হয়েছিল এবং আটক করা হয়। তল্লাশি করার পরে তাদের কাছ থেকে ৫০০ টাকার জাল নোট উদ্ধার করা হয়েছিল। জানা গিয়েছে, দু'জনেই জাল নোট মালদায় নিয়ে গিয়েছিলেন এবং বিহারে নিয়ে গিয়ে খরচ করতে চলেছেন। তাদের জিজ্ঞাসাবাদের জন্য অন্য সহযোগীদের বিষয়ে খোঁজ নেওয়া হচ্ছে।

এবছরও আদালতের নির্দেশে চ্যানেল মারফত ঢালতে হবে জল, বন্ধ হলো গর্ভগৃহে প্রবেশ

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২২ জুলাই ঃ ঐতিহ্যবাহী জল্পেশ শ্রাবণী মেলায় ফের জটিলতা শুরু। আদালতের নির্দেশে এবছরেও বন্ধ থাকবে মন্দিরের গর্ভ গৃহ। চ্যানেল মারফত ঢালতে হবে জল। গত বছরের মতো এ বছরেও শ্রাবণী মেলা উপলক্ষ্যে মন্দিরের গর্ভগৃহে প্রবেশ করে শিবের মাথায় জল ঢালতে পারবেন না ভক্তরা। তার পরিবর্তে গত বছরের মতো তৈরি করা হবে চ্যানেল। যার মাধ্যমে জল গিয়ে পৌঁছাবে গর্ভ গৃহে। আর সেটা জায়ান্ট স্কিনের মাধ্যমে দেখতে পারবে ভ্ক্তরা। এদিন জল্পেশ মন্দিরে আসেন ময়নাগুড়ির ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিক শুভ্র নন্দী, ময়নাগুড়ি থানার আইসি তমাল দাস সহ অন্যান্য পুলিশ আধিকারিকেরা। তারা ঘটনাস্থলে এসে মন্দির কমিটির সম্পাদক কে ঘটনাস্থলে ডাকলে তিনি আসেননি। পরবর্তীতে জল্পেশ মন্দির কমিটির অফিস ঘরের দেওয়ালে কোর্টের নির্দেশিকা পত্রটি সাটিয়ে দেওয়া হয়। বিডিও জানান, একটি জনস্বাস্থ্য মামলা হয়েছে। কলকাতা হাইকোর্টের চিফ জাস্টিস নির্দেশ দিয়েছে আগের বছর যে নিয়ম ছিল সেই নিয়ম বলবৎ থাকবে। এই একই নিয়মে জল ঢালা হবে। এদিন কাজ শুরু করে দেওয়া হল চ্যানেল তৈরির জন্য। জায়ান্ট স্ক্রিন বসানো হবে। এদিকে ইতিমধ্যেই সেই চ্যানেল তৈরির কাজ শুরু করেছেন মন্দির কর্তৃপক্ষ। তবে আদালতের নির্দেশিকার ফলে আপাতত টিকিট বন্ধ থাকবে ভক্তদের জন্য। যেহেতু মন্দির কর্তৃপক্ষ থেকে বেশ কিছু ভলেন্টিয়ার নিয়োগ করা হয়েছে ফলে তাদের খরচ বহন করতে না পারায় তাদের আপাতত বসিয়ে রাখা হবে। ফলে নিরাপত্তার পুরো বিষয়টি পুলিশ প্রশাসন দেখবেন বলে জানিয়েছেন মন্দিরের সম্পাদক গীরিন দেব।

ইসলামপুরে জোর করে টাকা আদায়ের চেষ্টার প্রতিবাদ করায় ধারাল অস্ত্র নিয়ে হামলা দুষ্কৃতীর

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ২২ জুলাই ঃ ইসলামপুর শহরের বীজ হাট্টি এলাকায় জোর করে টাকা আদায়ের চেষ্টার প্রতিবাদ করায় ধারাল অস্ত্র নিয়ে হামলা চালাল এক দুষ্কৃতী। ঘটনায় জখম দুই। শনিবার সকালে এই চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে রতন সাহা নামে এক কাপড় ব্যবসায়ীর কাছে পাওনা টাকা আদায় করতে আসে তোফিক নামে এক যুবক। এরপরই দুই পক্ষের মধ্যে বচসা শুরু হয়। সেই সময় ঘটনাস্থলে এসে প্রতিবাদ করেন রতন সাহার ভাগ্নে অসীম সাহা। আচমকাই সাহিল ছুরি বের করে ক্রমাগত আঘাত করে অসীমকে। তাঁকে বাঁচাতে এসে ছুরিকাহত হন স্থানীয় আরও এক বাসিন্দা। এরপরই ঘটনাস্থল থেকে পালিয়ে যায় অভিযুক্ত যুবক। জখম দুইজনকে উদ্ধার করে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয় ইসলামপুর হাসপাতালে। এই ঘটনায় অভিযুক্ত যুবকের বিরুদ্ধে হত্যার চেষ্টার অভিযোগ দায়ের করেছেন দোকানমালিক। সমস্ত ঘটনা সিসিটিভ ক্যামেরায় বন্দী। স্থানীয় সূত্রে জানা যায়, দীর্ঘদিন ধরে তোফিক নামে এক যুবক মিথ্যা গল্প সাজিয়ে বকেয়া টাকার নাম করে জোর করে টাকার জন্য ওই ব্যবসায়ীকে চাপ দিতে শুরু করে বলে অভিযোগ। ওই যুবক কিছুদিন আগে তার কিছু বন্ধুবান্ধবকে নিয়ে ওই কাপড় ব্যবসায়ীর কাছে টাকা আদায়ের জন্য দোকানে এসে ঝামেলা সৃষ্টি করে। এবং ওই কাপড় ব্যবসায়ীকে দেখে নেওয়ার হুমকি দেয় অভিযুক্তরা। শনিবার সকালে ওই কাপড় ব্যবসায়ীর দোকানে তোফিক নামে এক যুবক আবার টাকা আদায়ের জন্য ঝামেলা সৃষ্টি করে। তখন দোকান মালিকের ভাগ্নে অসিম সাহা নামে এক যুবক প্রতিবাদ করায় তাকে ছুরি দিয়ে একাধিক জায়গায় আঘাত করে বলে অভিযোগ। তাকে বাঁচাতে গেলে এই ঘটনায় স্থানীয় আরও এক যুবক জখম হয়। এরপর ওই অভিযুক্ত যুবক ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। জখমদের উদ্ধার করে ইসলামপুর মহকুমা হাসপাতালে নিয়ে আসা হয় চিকিৎসার জন্য। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় ইসলামপুর থানার পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

মাংস কিনলেই বিনামূল্যে মিলবে হাঁড়ি কড়াই! উপচে পড়ছে ভিড়

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২২ জুলাই ঃ মাংস কিনলেই বিনামূল্যে মিলবে হাঁড়ি- কড়াই! উপচে পড়ছে ভিড়। আপনি জানেন কি কোথায় পাওয়া যাচ্ছে এই সুবিধা? সপ্তাহে ছয়টি দিন অনেকেই ভিন্ন ভিন্ন কাজে ব্যস্ত থাকেন, অনেকে অফিসের কাজে ব্যস্ত থাকেন, কিন্তু রবিবার সকলেরই কম বেশি ছুটি থাকেই। অনেকেই মনে করেন এই রবিবারের দিনটি নিরিবিলি বা প্রাকৃতিক সৌন্দর্য্যের দেশে একটু ঘুরে আসতে। আবার অনেকে মনে করেন বন্ধুবান্ধব নিয়ে পিকনিক করতে যেতে। কিন্তু যেখানেই যান খরচের পরিমাণও বেশি। এই খরচ থেকে বাঁচতে এবং প্রাকৃতিক সৌন্দর্য্যকে উপভোগ করতে হলে আসতেই হবে বৈকন্ঠপুর ফরেস্টের মাঝে রয়েছে সরস্বতী পুর হাটে। গভীর জঙ্গলের মধ্যে দিয়ে কাঁচা রাস্তা দিয়ে প্রকৃতির সৌন্দর্য্যের আনন্দ উপভোগ করতে করতে আসতে পারেন এই হাটে। এখন বর্ষার দিন অতি বৃষ্টির পর আকাশে উকি দিচ্ছে সূর্য। তার মাঝেই রোদ ঝলমলে পাহাড়। আবহাওয়া একটু ভালো হতেই ফের জমে উঠলো জঙ্গলের মাঝে সাপ্তাহিকহাট। দীর্ঘ সাত দিন পর হাট মুখী হতে দেখা গেল চা বাগান শ্রমিক থেকে শুরু করে বন বস্তিবাসীদের। এবং বনবস্তি ছাড়াও শিলিগুড়ি জলপাইগুড়ি ও বিভিন্ন জায়গার লোকের সমাগম এই জঙ্গলের হাটে। চারদিক ঘন জঙ্গলে ঘেরা, রয়েছে জীব জন্তুর ভয়। জঙ্গলের মাঝখান দিয়ে চলে গেছে মাটির রাস্তা, আর সেই রাস্তা দিয়েই পৌঁছাতে হয় সাপ্তাহিক হাটে। যায় নাম সরস্বতীরপুর আবার কেউ বলেন এটা নাগপুরের হাট। প্রতি রবিবার হাট বসলেও বৃষ্টির কারণে কয়েকদিন ঠিকমতো হাট বসেনি। বৃষ্টি কমতেই ফের জমে উঠেছে সরস্বতীপুর হাট। অন্যান্য জিনিসের থেকেও এই হাটের বিখ্যাত মাংস। এখানে পাওয়া যায় মুরগির মাংস, খাঁসির মাংস, এমনকি শুয়োরের মাংসও। নিজেদের পছন্দমতো মাংস কিনতে প্রতি রবিবার ভিড় জমায় ক্রেতারা। মাংস কেনার সাথে এখানে এক বিশেষত্ব রয়েছে। ইচ্ছে হলেই জঙ্গলের মাঝে নিরিবিলি পরিবেশে আপনার সেই কেনা মাংস দিয়ে মধ্যাহ্ন ভোজন করে আসতে পারেন। সরস্বতীপুর হাটে সেই ব্যবস্থাও আছে। মাংস কিনলেই সেই মাংস রান্না করার হাঁড়ি, কড়াই যাবতীয় বাসনপত্র বিনামূল্যে দেয় দোকানদাররা। জঙ্গলের মাঝে রান্না করে পুনরায় সেই হাঁড়ি, কড়াই দোকানে ফেরত দিতে হয়। দীর্ঘদিন ধরে চলছে এই ব্যবস্থা। এতে ক্রেতারাও যেমন খুশি তেমনি দোকানদারদের বেড়েছে মাংস বিক্রি। জঙ্গলের মাঝে মাংস রান্না করে খেতে প্রতি রবিবার হাটের দিন ভিড় জমায় বনবস্তির বাসিন্দা থেকে শুরু করে বিভিন্ন এলাকার মানুষ।

ধানখেত থেকে তাজা বোমা উদ্ধার, আতঙ্ক এলাকায়

দুরন্ত বার্তা, মালদা, ২২ জুলাই ঃ মালদার হরিশ্চন্দ্রপুরে ৩ টি তাজা বোমা উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকা। শুক্রবার গভীর রাতে ইটভাটা সংলগ্ন ধানখেত থেকে তাজা বোমাগুলি উদ্ধার করে হরিশ্চন্দ্রপুর থানার পুলিশ। ঘটনায় আতঙ্ক ছড়িয়েছে এলাকায়। খবর দেওয়া হয় বম্ব স্কোয়াডকে। এদিন বম্ব স্কোয়াডের তরফে বোমাগুলি নিস্ক্রিয় করা হবে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, হরিশ্চন্দ্রপুর গ্রামীণ হাসপাতালের পেছনেই একটি ইটভাটা রয়েছে। সেই ইটভাটার পাশে একটি ধানের জমিতে শুক্রবার গভীর রাতে সুতলি বোমার মতো বস্তু দেখতে পান স্থানীয় বাসিন্দারা। খবর দেওয়া হয় হরিশ্চন্দ্রপুর থানায়। পুলিশ এলাকায় পৌঁছে তিনটি বোমা দেখতে পান। তৎক্ষণাত বোমাগুলি মাটির তলায় পুঁতে দেওয়া হয়। শনিবার সকাল থেকে এলাকায় মোতায়েন করা হয় বিশাল পুলিশবাহিনী। পুলিশ জানিয়েছে, কে বা কারা ওই এলাকায় বোমা রেখেছে তা তদন্ত করে দেখা হচ্ছে।

খাঁচা বন্দি চিতা

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২২ জুলাই ঃ ছাগলের টোপ দিয়ে খাঁচা বন্দি হলো চিতা বাঘ। ডুয়ার্সের নাগরাকাটা ব্লকের ভগৎপুর চা বাগানের ঘটনা। জানা গিয়েছে, বেশ কিছুদিন ধরে ভগৎপুর চা বাগানে চিতা বাঘের উপস্থিতি লক্ষ্য করছিলেন চা শ্রমিকরা। আতঙ্ক ছড়িয়েছিল গোটা চা বাগানে। এরপর চিতা বাঘটিকে ধরার জন্য ছাগলের টোপ দিয়ে শ্রমিক মহল্লার কাছে ১৫ নম্বর সেকশনে খাঁচা পাতে বন দপ্তর। খাবারের লোভে শনিবার ভোরে অবশেষে খাঁচাবন্দি হলো পূর্ণ বয়স্ক চিতাবাঘটি। এদিন চিতাবাঘের গর্জন শুনে স্থানীয় বাসিন্দারা ছুটে আসেন। খবর পেয়ে চিতাবাঘটিকে উদ্ধার করার জন্য ঘটনাস্থলে পৌঁছায় খুনিয়া রেঞ্জের বনকর্মীরা। বনদপ্তর সূত্রে খবর, এদিন উদ্ধার হওয়া পুরুষ চিতা বাঘটিকে সকালেই জঙ্গলে ছেড়ে দেওয়া হয়েছে।

মাল বোঝাই গাড়ির ধাক্কায় মৃত্যু বৃদ্ধার

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২২ জুলাই ঃ নকশাল বাড়ির এশিয়ান হাইওয়ে ২ জাতীয় সড়কে চার চাকার মাল বোঝাই গাড়ির ধাক্কায় মৃত্যু এক বৃদ্ধার । জানা গিয়েছে ওই বৃদ্ধা শনিবার সকালে প্রাত ভ্রমণের জন্য বাড়ির থেকে বেরিয়ে হয় । ঠিক সেই সময় নকশালবাড়ি রথখোলার এশিয়ান হাইওয়ে ২ জাতীয় সড়কে চার চাকার মাল বোঝাই গাড়ির ধাক্কায় ঘটনাস্থলেই মৃত্যু হয় বৃদ্ধার। মৃতের নাম ঊষা মধু (৫৫) , সে নকশালবাড়ির উওর রথখোলার বাসিন্দা। এর পর স্থানীয়রা দীর্ঘ খন এশিয়ান হাইওয়ে ২ সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান। পরে ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় নকশাল বাড়ি থানার পুলিশ। পুলিশি আশ্বাসে অবরোধ তুলেনেন স্থানীয় বাসিন্দারা। তবে ঘটনার জেরে দীর্ঘক্ষণ যানজটের সৃষ্টি হয়। মৃতদেহ উদ্ধার করে নকশাল বাড়ি গ্রামীন হাসপাতালে নিয়ে আসা হয়েছে। এরপর ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে।

বুনো হাতির হানা



দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২২ জুলাই ঃ বুনো হাতি হানা দিয়ে ভেঙ্গে গুঁড়িয়ে দিল ঘর । গতকাল গভীর রাতে বক্সা জঙ্গল থেকে বুনো হাতির দল রাধারাণী চা বাগানে প্রবেশ করে এলাকার দুটি ঘর ক্ষতিগ্রস্ত করে। বুনো হাতি এলাকার বাসিন্দা ফুলজেন টেটের পাকা ঘর ভেঙ্গে গুঁড়িয়ে দেয় এমনকি ঘরে রাখা আসবাবপত্র সমস্ত কিছু ভেঙ্গে দেয় । বাসিন্দারা জানান প্রতিনিয়ত হাতি হানা দিচ্ছে। হাতির হানায় সবাই দিশেহারা ।

বর্বরতায় মণিপুরকেও টেক্কা মালদায়, বিক্ষোভ মিছিল আদিবাসী সংগঠনের

দুরন্ত বার্তা, মালদা, ২২ জুলাই ঃ বর্বরতায় মণিপুরকেও টেক্কা দিচ্ছে মালদা। পুলিশ ফাঁড়ির পাশেই সিভিক ভলেন্টিয়ারদের সামনেই দুজন

মহিলাকে নগ্ন করে অকথ্য মার প্রকাশ্যে, দিনে দুপুরে, হাটের মাঝখানে। অসংখ্য মানুষের ভিড় তো আছেই, রয়েছে সিভিক ভলেন্টিয়াররাও। আর শ্রী ছবি এখন সোস্যাল মিডিয়ায়। মালদার বামোনগোলা থানার পাকুয়াহাট এর ঘটনা। মঙ্গলবার করে এখানে বড় হাট বসে। আর সেই হাটের মধ্যে দুই মহিলাকে পকেটমার সন্দেহে আটক করে পেটাতে থাকে মানুষ। নগ্ন করে প্রকাশ্যে বাধা দেয়। কিছু সিভিক ভলেন্টিয়ার প্রথমে বাধা দিলেও পরে তাঁরা সরে যায়। দ্রুত পুলিশ ঘটনাস্থলে এলো না কেন, তা নিয়ে উঠেছে প্রশ্ন। কারণ দীর্ঘ সময় ধরে চলে এই তান্ডব। বর্বরতা। জানা যাচ্ছে, দুই মিহিলা মানিকচকের বাসিন্দা। মণিপুরে আদিবাসী নারীদের ধর্ষণ ও হত্যার প্রতিবাদে শনিবার মালদার গাজোলে বিক্ষোভ প্রতিবাদ মিছিল করলেন সংশ্লিষ্ট ব্লকের একটি আদিবাসী সংগঠনের সদস্যরা। এদিন দুপুরে গাজোল ব্লকের বিদ্রোহী মোড় এলাকা থেকে আদিবাসীদের সংগঠনের পক্ষ থেকে একটি র‍্যালি বের হয়। সেটি গাজোলের ৩৪ নম্বর জাতীয় সড়ক পরিক্রমা করে। এই র‍্যালির শেষে মনিপুরের মুখ্যমন্ত্রী কুশপুত্তলিকা দাহ করা হয়। পরে ওই আদিবাসী সংগঠনের কার্যালয়ের সামনেই সংক্ষিপ্ত বক্তব্যের মাধ্যমেই এদিনের এই কর্মসূচি সমাপ্ত হয়।

কেরল থেকে কফিন বন্দি দেহ ফিরল শিলিগুড়ির গ্রামে

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২২ জুলাই ঃ আবার ভিনরাজ্যে কাজে গিয়ে মৃত্যু হল পরিযায়ী শ্রমিকের। শনিবার সকালে শেষবারের মতো কফিনবন্দি হয়ে যুবকের দেহ ফিরল গ্রামে। স্কুলের গণ্ডি পেরোতে না পেরেতেই সংসারের ঘানি টানতে গত সাত মাস আগে কাজের সন্ধানে ২৫ বছরের যুবক পার্থ রাভাকে কেরলে যেতে হয়েছিল কাজের সন্ধানে। সেখানে বেসরকারি কোম্পানিতে মাইন ব্লাস্টিং-এর কাজে যোগ দেয়। গত ১৯ জুলাই সেই মাইন ব্লাস্টিং-এর কাজে গিয়েই প্রাণ হারাতে হল বানারহাট ব্লকের মোরাঘাট রেঞ্জের রাভা বনবস্তির যুবক পার্থ রাভাকে। কেরল থেকে আকাশ পথে শিলিগুড়ি ও তারপরে অ্যাম্বুলেন্স করে নিজের বাড়িতে মৃতদেহ বনবস্তির বাড়িতে পৌঁছাতেই শোকের ছায়া এলাকায়। পার্থকে শেষ দেখা দেখতে পার্শ্ববর্তী বনবস্তির রাভা সম্প্রদায়ের মানুষের ঢল নামে। এদিন রাভা সম্প্রদায়ের বিশেষ রীতি অনুযায়ী, পার্থর শেষকৃত্য সম্পন্ন হয়। নিজেদের রাজ্যে কর্মসংস্থান নেই, তাই ভিন রাজ্যে কাজে গিয়ে উত্তর বাংলার ছেলেদের বেঘোরে প্রাণ হারাতে হচ্ছে বলে দাবি এলাকাবাসীর।

জমি সংক্রান্ত বিবাদে তৃণমূল কর্মীকে মারধরের অভিযোগ বিজেপির বিরুদ্ধে

দুরন্ত বার্তা, খড়গ্রাম, ২২ জুলাই ঃ গ্রাম্য বিবাদ হোক কিংবা পারিবারিক! রাজনৈতিক রঙ যেন পিছুন ছা।ছে না। জমি সংক্রান্ত বিবাদের জেরে বিজেপির হাতে আক্রান্ত তৃণমূল কর্মী। ঘটনাটি মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম ব্লকের পারুলিয়া গ্রামের। জানা গিয়েছে, এক তৃণমূল কর্মী জমি সংক্রান্ত কাজের জন্য বিজেপির এক কর্মীর কাছে গিয়েছিলেন। অভিযোগ, তখনই তাঁকে বেধড়ক মারধর করেন বিজেপি কর্মী। তার চিৎকার শুনে চলে আসেন আরও বেশ কয়েকজন। অন্যান্য তৃণমূল কর্মীরা এলে তাঁদের ওপরেও চড়াও হন অন্যান্য বিজেপির কর্মীরা। স্থানীয় বাসিন্দারাই জানাচ্ছেন, নিতান্ত জমি সংক্রান্ত একটি বিষয় রাজনৈতিক চেহারা নেয়। ঘটনায় গুরুতর জখম হযেছেন তৃণমূলের ৪ জন বিজেপির দুজন । প্রাথমিক চিকিৎসার পর দুজনকে ছেড়ে দেওয়া হলেও। অষ্টম বাইন এবং তপন বাইন নামে দুজন তৃণমূল কর্মীর অবস্থা গুরুতর , তারা কান্দি মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। ঘটনায় ব্যাপক উত্তেজনা গোটা এলাকায়। সামগ্রিক ঘটনার তদন্ত ইতিমধ্যেই শুরু করেছে খড়গ্রাম থানার পুলিশ। এ বিষয়ে আক্রান্ত এক তৃণমূল কর্মী অষ্টম বাইন বলেন, আমি তৃণমূল করি। আর ওরা বিজেপি। আমার আসলে একটি জমি নিয়ে সমস্যা। ওর ভাই জমি রেকর্ড করে। কিন্তু আমার জমি ওর ভাই সেই জমি অন্যের নামে রেকর্ড করে দিয়েছিল। কেন এমন করেছিল, সেটাই জানতে গিয়েছিলাম। তাতেই বেধড়ক মারধর করে। তিনি দাবী করেন দোষীদের শাস্তি হোক এবং আমার জমির নাম সংশোধন করুক। যদিও স্থানীয় বিজেপির বক্তব্য, জমি নিয়ে সমস্যা এখানে রাজনৈতিক কোনো সম্পর্ক্য নেই। দু' বিঘা জমি নিয়ে সমস্যা। এক বিঘা করে দুজনে নিয়েছিল। যতটুকু জানি জমির রেকর্ড নিয়ে সমস্যা হয়েছে। তবে এটা একান্তই ব্যক্তিগত বিষয়।

কাটিহার ডিভিশনে এসএন্ডটি কাজগুলি

টেন্ডার বিজ্ঞপ্তি নং.: এস-২০২৩-কেঁ৭, তারিখ: ২০-০৭-২০২৩। নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হয়: টেন্ডার নং.: এস-২০২৩-কেঁ৭; কাজের নাম: উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়েতে কাটিহার ডিভিশনে কুমেদপুর, হরিশ্চন্দ্রপুর, লাভা, তালুকা রোড এবং মালদা কোর্ট স্টেশনে অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে স্টেশনগুলির উন্নয়ন সম্পর্কিত এসএন্ডটি কাজগুলি। টেন্ডার মূল্য: ৭,৩১,৫১,৬৮৩.১১ টাকা; বায়না মূল্য: ৫,১৫,৮০০/-টাকা; টেন্ডার বন্ধের তারিখ ও সময় ১৪-০৮-২০২৩ তারিখে ১৫:০০ ঘণ্টায়। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য ১৪-০৮-২০২৩ তারিখে ১৫:০০ ঘণ্টা পর্যন্ত http://www.ireps.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে।

ডিআরএম (এসএন্ডটি), কাটিহার

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

হোমি ভাবা সেন্টার ফর সায়েন্স এডুকেশন

টাটা ইনস্টিটিউট অফ ফান্ডামেন্টাল রিসার্চ

জাতীয় অলিম্পিয়াড প্রোগ্রাম ২০২৩-২০২৪

জ্যোতির্বিদ্যা, জীববিজ্ঞান, রসায়ন, পদার্থবিদ্যা, জুনিয়র বিজ্ঞান এবং গণিত

প্রোগ্রামে অংশগ্রহণ করতে ইচ্ছুক সকল শিক্ষার্থীকে বিজ্ঞান বিষয়ের জন্য ২৫ এবং ২৬ নভেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত সংশ্লিষ্ট ন্যাশনাল স্ট্যান্ডার্ড এগ্জামিনেশন (NSE) এবং গণিতের জন্য ৩ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত ইন্ডিয়ান অলিম্পিয়াড কোয়ালিফায়ার ইন ম্যাথমেটিক্স (IOQM) পরীক্ষায় অবশ্যই উপস্থিত হতে হবে।

NSE/IOQM-এ যোগ্যতা হল ২০২৪ সালের সংশ্লিষ্ট আন্তর্জাতিক অলিম্পিয়াডে অংশগ্রহণের প্রথম ধাপ।

শিক্ষার্থীদের জন্য অনলাইন তালিকাভুক্তি:

IOQM: https://www.mtai.org.in (১০ জুলাই – ৩ অগাস্ট, ২০২৩)

NSE: https://www.iapt.org.in (২১ অগাস্ট - ১৪ সেপ্টেম্বর, ২০২৩)

আরও তথ্যের জন্য: https://olympiads.hbcse.tifr.res.in https://www.iapt.org.in https://www.mtai.org.in

cbc 48143/12/0001/2324

রসনা

তেল ছাড়া দুধ দিয়েই বিরিয়ানি

রাজমা দিয়েই বানিয়ে ফেলুন গলৌটি কাবাব

বিরিয়ানি খেতে ভালোবাসেন না এমন মানুষ খুঁজে পাওয়া মুশকিল মোটেই নয়। এটি মূলত মুঘল ঘরানার খাবার। এখন গোটা বিশ্বেই বেশ জনপ্রিয়। কারুর পছন্দ সবজি বিরিয়ানি, আবার কেউ ভালোবাসেন চিকেন বা মটন বিরিয়ানি। তবে যে ভাবেই রান্না করা হোক না কেন, বিরিয়ানির স্বাদের কোনও তুলনা হয় না। কখনও দুধ বিরিয়ানি খেয়েছেন কি? একবার খেলে মুখে লেগে থাকবে এর স্বাদ। রইল রেসিপি- উপকরণ- আধা কেজি মটন, বাসমতি চাল, ২ কাপ দুধ, পেঁয়াজ কুচি, আদা থেঁতো, রসুন থেঁতো, কাঁচা লঙ্কা কুচি, গোটা গরম মশলা, শাহী জিরা, স্বাদমতো নুন, পরিমাণমতো ঘি, ধনে পাতা কুচি, পুদিনা পাতা কুচি।

প্রণালী- বাসমতি চাল ভালো করে ধুয়ে জল ঝরিয়ে নিন। মাংসও ভালো করে ধুয়ে জল ঝরিয়ে নিন। হাঁড়িতে জল গরম করে নুন ও চাল দিন। চাল আধা সিদ্ধ হয়ে এলে ফ্যান গড়িয়ে নিন। কোনও একটি থালায় ভাত ঢেলে ছড়িয়ে দিন। একটি পরিষ্কার পাতলা সাদা কাপড়ে ধনে পাতা, পুদিনা পাতা এবং কাঁচা লঙ্কা কুচি ভরে সুতো দিয়ে কাপড়ের মুখটা ভালো করে বেঁধে দিন। আরেকটি কাপড়ে শাহী জিরা, এলাচ, লবঙ্গ, দারুচিনি ভরে একই রকমভাবে সুতো দিয়ে মুখ বেঁধে দিন। আরও একটা কাপড়ে থেঁতো করা আদা, রসুন এবং পেঁয়াজ কুচি বেঁধে দিন। প্রেশার কুকারে মাংস নিন, তাতে এই তিনটি পুঁটলি রাখুন। এর সঙ্গে এক চামচ ঘি, দেড় কাপ জল, স্বাদ অনুযায়ী লবণ এবং দুই কাপ দুধ দিন। কুকারের ঢাকনা বন্ধ করে ৪-৫টি সিটি দিয়ে নিন। কুকারের ঢাকনা খুলে তিনটি পুঁটলি তুলে নিন। হাতা দিয়ে মাংস ভালো করে নেড়েচেড়ে দিন। এবার একটি বড় হাঁড়িতে ঘি মাখিয়ে নিন। এতে প্রথমে ভাত ছড়িয়ে দিন। এর উপরে ছড়িয়ে দিন মাংসগুলি। একটু নাড়াচাড়া করে তার উপর ঘি ছড়িয়ে দিন। মাংসের গ্রেভি চামচে

করে উপরে ছড়িয়ে দিন। পাত্রটি ঢাকা দিয়ে উপরে ভারি কিছু চাপিয়ে দিন। এ ভাবে রান্না হতে দিন বেশ কিছুক্ষণ। এতেই চাল ভালো মতো সিদ্ধ হয়ে যাবে। তারপর ঢাকনা খুলে হাতা দিয়ে একটু নাড়াচাড়া করে নিন। ব্যস, তৈরি হয়ে গেল দুধ বিরিয়ানি! পরিবেশন করুন গরম গরম।

গলৌটি কাবাব

কাবাব বলতে মাছ, মাংসের কাবাবই মাথায় আসে। কিন্তু নিরামিষ কাবাবও যে হয়, তা কি জানেন? ঘরে রাজমা থাকলে তা দিয়ে বানিয়ে ফেলুন সুস্বাদু রাজমা গলৌটি কাবাব। একবার এর স্বাদ পেলে, বারবার খেতে মন চাইবে। কী ভাবে বানাবেন দেখে নিন। রাজমা গলৌটি কাবাবের উপকরণ- ২৫০ গ্রাম রাজমা, পেঁয়াজ কুচি, কাঁচা লঙ্কা কুচি, আদা বাটা, রসুন বাটা, গোটা জিরে, টম্যাটো পিউরি, হিং পাউডার, লঙ্কা গুঁড়ো, গরম মশলা গুঁড়ো, জিরে গুঁড়ো, আমচুর গুঁড়ো, ধনেপাতা কুচি, ব্রেড ক্রাম্বস, আন্দাজ মতো সাদা তেল, স্বাদমতো নুন। রাজমা গলৌটি কাবাব তৈরির পদ্ধতি- রাজমা সারা রাত জলে ভিজিয়ে রাখুন। পরের দিন জলে সামান্য নুন দিয়ে রাজমাগুলো সেদ্ধ করে নিন। জল ঝরিয়ে রাজমা ঠান্ডা হতে দিন। তারপর মিক্সিতে মিহি করে বেটে নিতে হবে। ফ্রাইং প্যানে তেল গরম করে হিং আর গোটা জিরা ফোড়ন দিন। ফোড়ন একটু নেড়েচেড়ে নিয়ে পেঁয়াজ কুচি দিন। পেঁয়াজ লালচে হয়ে এলে আদা বাটা, রসুন বাটা দিয়ে ভাজুন। আদা-রসুনের কাঁচা গন্ধ চলে গেলে কাঁচা লঙ্কা কুচি, লঙ্কা গুঁড়ো, গরম মশলা গুঁড়ো, জিরে গুঁড়ো, আমচুর গুঁড়ো দিয়ে কষাতে থাকুন। এর সঙ্গে টম্যাটো পিউরি দিয়ে দিন। মশলা থেকে তেল না ছাড়া পর্যন্ত মশলা কষাতে থাকুন। মশলা থেকে তেল ছেড়ে এলে রাজমা বাটা দিয়ে আরও একবার কষিয়ে নিন। রাজমার পুর রান্না হয়ে গেলে আঁচ নিভিয়ে ঠান্ডা করে নিন। এর সঙ্গে ব্রেড ক্রাম্বস মাখিয়ে নিন। মিশ্রণ থেকে অল্প অল্প করে নিয়ে চ্যাপ্টা করে কাবাবের আকারে গড়ে ফেলুন। তাওয়া গরম করে সামান্য তেল ব্রাশ করে নিন। কাবাবগুলো উল্টেপাল্টে সেঁকে নিন ভালো করে। ব্যস, তৈরি হয়ে গেল রাজমা গলৌটি কাবাব! পেঁয়াজের স্লাইস, লেবুর টুকরো আর চাটমশলা ছড়িয়ে পরিবেশন করুন।

রান্না করুন চিকেন চাউমিন, মুখে লেগে থাকবে এর স্বাদ!

চাইনিজ খেতে কার না ভালো লাগে! বিশেষ করে ভারতীয় ঢঙে চিনের চাউমিন ছাড়া তো আমাদের এক মুহূর্ত চলবে না। আট হোক বা আশি, খিদে পেলে অনেকেরই সবচেয়ে পছন্দের খাবার চাউমিন। নানা রকমের সবজি, ডিম, মাংস দিয়ে বানানো চাউমিনের স্বাদ সত্যিই অনবদ্য। চটজলদি বানিয়েও ফেলা যায়, আর পেটও ভরে। আজ আপনাদের জন্য রইল জিভে জল আনা চিকেন চাউমিনের রেসিপি। চিকেন চাউমিনের উপকরণ চাউমিন পরিমাণমতো, ২৫০ গ্রাম বোনলেস চিকেন, রসুন কুচি, পঁয়োজ কুচি, বাঁধাকপি কুচানো, গাজর কুচি, ক্যাপসিকাম কুচি, স্বাদ অনুযায়ী লবণ, গোলমরিচ গুঁড়ো, সযা. সস, গ্রিন চিলি সস, রেড চিলি সস, সাদা ভিনেগার, বেকিং সোডা, রান্নার জন্য সাদা তেল। ওপ্পত্মণ ঔটঁপ্ঞ ২০২৩ শুক্রের উদয়ে ভাগ্য খুলবে ৩ রাশির, সুখ-সমৃদ্ধিতে ভরে উঠবে জীবন! চিকেন চাউমিন তৈরির পদ্ধতি জলে সামান্য সাদা তেল আর নুন দিয়ে চাউমিন সেদ্ধ করে নিন। তারপর চাউমিনের জল ঝরিয়ে ঠান্ডা জলে ধুয়ে নিন। এতে বেশ ঝরঝরে হবে চাউমিন। চিকেন ভালো করে জলে ধুয়ে ছোটো ছোটো টুকরো করে নিন। চিকেনের সঙ্গে নুন, গোলমরিচ গুঁড়ো, সযা. সস, ভিনেগার, বেকিং সোডা মাখিয়ে ৩০ মিনিট ঢাকা দিয়ে রাখুন। কড়াইতে তেল গরম করে রসুন কুচি দিন। একটু নেড়েচেড়ে ম্যারিনেট করা চিকেন দিয়ে দিন। মাংস বাদামী রঙ হওয়া পর্যন্ত ভেজে নিন ভালো করে। এতে এক এক করে পঁয়োজ কুচি, বাঁধাকপি কুচানো, ক্যাপসিকাম কুচি, গাজর কুচি দিয়ে নাড়তে থাকুন। নুন, গোলমরিচ গুঁড়ো দিয়ে সব উপকরণ ভেজে নিন ভালো ভাবে। এবার কড়াইতে সেদ্ধ চাউমিন দিয়ে সবজি ও মাংসের সঙ্গে মিশিয়ে নিন। এর মধ্যে সযা. সস, ভিনেগার, গ্রিন চিলি সস, রেড চিলি সস দিয়ে মিক্স করে নিলেই তৈরি হয়ে যাবে চিকেন চাউমিন!

পনির টিক্কা মশালা

বাড়িতে নিরামিষ কিছু রাঁধতে হলে প্রথমেই পনিরের কথা মাথায় আসে। আর মেনুতে পনির থাকলে তার সঙ্গে বেশি পদ না বানালেও চলে। কিন্তু পনিরের নাম শুনলেই আবার অনেক বিরক্তি হন। পনিরের নিজস্ব কোনও স্বাদ নেই। তবে ভালো করে রান্না করলে খেতে মন্দ লাগে না। আজ আপনাদের জন্য রইল পনির

টিক্কা মশালার রেসিপি। রকমারি মশলার সমন্বয়ে তৈরি পনিরের এই পদ খেতে যেমন সুস্বাদু, বানিয়ে ফেলাও তেমনই সহজ। দেখে নিন কী ভাবে বানাবেন।

উপকরণ- ২৫০ গ্রাম পনির, গোটা জিরা, ২-৩টে পঁয়োজ, আদা ও রসুন বাটা, ৩ টেবিল চামচ টক দই, ১ টেবিল চামচ বেসন, টমেটো পিউরি, সবুজ ক্যাপসিকাম কুচানো, লাল ক্যাপসিকাম কুচানো, হলুদ ক্যাপসিকাম কুচানো, আধা চা চামচ হলুদ গুঁড়ো, দেড় চা চামচ লঙ্কা গুঁড়ো, আধা চা চামচ জিরা গুঁড়ো, আধা চা চামচ ধনে গুঁড়ো, আধা চা চামচ গরম মশলা গুঁড়ো, আধা চা চামচ তঃদুরি মশলা পাউডার, ১৪ চা চামচ জোয়ান, আধা চা চামচ কসৌরি মেথি, রান্নার জন্য পরিমাণমতো তেল। ওপ্পত্মণ ঔটঁপ্ঞ ২০২৩ শুক্রের উদয়ে ভাগ্য খুলবে ৩ রাশির, সুখ-সমৃদ্ধিতে ভরে উঠবে জীবন! প্রণালী পনিরকে চৌকো আকারে টুকরো টুকরো করে কেটে নিন। এ বার পঁয়োজ চৌকো করে কেটে তার লেয়ারগুলো আলাদা করুন। একটা বাটিতে টক দই, বেসন, জোয়ান, হলুদ গুঁড়ো, লঙ্কা গুঁড়ো, ধনে গুঁড়ো, জিরা গুঁড়ো, গরম মশলা গুঁড়ো, তঃদুরি মশলা পাউডার, অল্প তেল, নুন নিয়ে ভালো ভাবে সমস্ত উপকরণ মিশিয়ে নিন। এই মশলায় পনিরের কিউবগুলো মাখিয়ে নিন। ক্যাপসিকাম এবং পঁয়োজও মিশিয়ে নেবেন এতে। এবার ঢাকা দিয়ে ২০ মিনিট ফ্রিজে রেখে দিন। ফ্রাইং প্যানে অল্প তেল গরম করে মশলা মাখানো পনির পুরোটা দিয়ে দিন। মাঝারি আঁচে মিনিট পাঁচ সাতেক রান্না করুন। একটু পর পর উল্টেপাল্টে দেবেন। পনির বাদামী রঙ হয়ে এলে নামিয়ে নিন। তৈরি হয়ে গেল পনির টিক্কা। এতে আলাদা করে কোনও জল দেবেন না। কড়াইয়ে তেল গরম করে গোটা জিরা ফোড়ন দিন। এতে পঁয়োজ কুচি দিয়ে ভাজুন। পঁয়োজ লালচে হয়ে এলে দিয়ে দিন আদা রসুন বাটা। খানিকক্ষণ নেড়েচেড়ে ভেজে নিন। এক এক করে সব গুঁড়ো মশলা দিয়ে কষিয়ে নিন ভালো করে। এর পর টমেটো পিউরি দিয়ে মিশিয়ে নিন। মশলা থেকে তেল বেরিয়ে এলে পরিমাণমতো জল, নুন দিয়ে দিন। গ্রেভি ফুটতে শুরু করলে পনির টিক্কা দিয়ে মিশিয়ে নিন। ঢাকা দিয়ে মিনিট দশেক রান্না করুন। ঢাকনা খুলে গরম মশলা গুঁড়ো এবং কসৌরি মেথি ছড়িয়ে দিন। আঁচ নিভিয়ে মিনিট পাঁচেক ঢাকা দিয়ে রাখুন। পরোটা, নান, কুলচা, রুটির সঙ্গে পরিবেশন করুন পনির টিক্কা মশালা।

বেঙ্গালুরুতে নিহত পাথারকান্দির যুবকের মৃতদেহ বাড়িতে আনতে সরকারি সাহায্যের আর্জি পরিবারের

পাথারকান্দি (অসম), ২২ জুলাই ঃ বেঙ্গালুরুতে সড়ক দুর্ঘটনায় মৃত করিমগঞ্জ জেলার পাথারকান্দির যুবক নারায়ণ দাসের মৃতদেহ বা।তিতে আনতে সরকা্রি সাহায্যের আর্জি জানিয়েছেন পরিবারের সদস্যরা। প্রিবার প্রতিপালনের তাগিদে কর্মসূত্রে কর্ণাটকের বেঙ্গালুরুতে গিয়ে সিকিউরিটির কাজ করতেন পাথারকান্দি থানাধীন কুর্তিছড়া গ্রামের নিরঞ্জনচন্দ্র দাসের বছর ২১-এর ছেলে নারায়ণ দাস। কিন্তু গত বুধবার নিজের বাই-সাইকেলে চড়ে কর্মক্ষেত্রে যাওয়ার পথে দ্রুতগামী একটি গানির ধাক্কায় গুরতর আহত হন নারায়ণ। তড়িঘড়ি তাঁকে সেখানকার একটি হাসপাতালে নিয়ে ভরতি করা হয়। কিন্তু শেষ রক্ষা হয় নি। গতকাল শুক্রবার সকাল ১১টা নাগাদ নারায়ণ দাস হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। এমতাবস্থায় মৃতের গরিব পরিবারের পক্ষে বেঙ্গালুরু থে্ক নারায়ণ দাসের মৃতদেহ তাঁর নিজের বা।তিতে নিয়ে আসারও সামর্থ নেই। এ নিয়ে দুশ্চিন্তায় পড়েছেন মৃতের প্রিয় লো্কজন। তাই এ ব্যাপারে তাঁরা সরকারি সাহায্যের জন্য এলাকার বিধায়ক কৃষ্ণেন্দু পাল, পাথারকান্দির রাজস্ব সার্কল অফিসার তথা প্রশাসনিক ম্যাজিস্ট্রেট এবং ডিস্ট্রিক্ট কমিশনার (জেলাশাসক) মৃদুল যাদব (আইএএস)-এর হস্তক্ষপ কামনা করেছেন।

‘সার্চ’, ‘আনলক’ পিছনে লুকিয়ে থাকা রহস্যের সমাধান

কলকাতা, ২২ জুলাই ঃ সারা দেশে ডাস্টবিনের পাশে পাওয়া ‘আনলক, ‘ডাউনলোড’ এবং ‘সার্চের’ লেবেলযুক্ত বিশাল বোতামগুলির রহস্য আরও গভীর হওয়ার সাথে সাথে, স্মার্ট লক স্ক্রিন প্ল্যাটফর্ম গ্ল্যান্সের সোশ্যাল মিডিয়া চ্যানেলগুলিতে পোস্ট করা একটি ভিডিও অবশেষে এই সাসপেন্সের ওপর থেকে পর্দা তুলেছে। বুধবার সোশ্যাল মিডিয়া চ্যানেলগুলিতে পোস্ট করা এই ভিডিওটিতে, গ্ল্যান্স তার স্মার্ট লক স্ক্রিনের জন্য এই বিশাল প্রতীকী বোতামগুলি ফেলে দেওয়ার ফটোগ্রাফ এবং ভিডিওগুলি দেখিয়েছে, যার জন্য ব্যবহারকারীদের তাদের ফোন আনলক করতে এবং ইন্টারনেটে বিভিন্ন কনটেন্ট অ্যাক্সেস করার জন্য ডাউনলোড এবং সার্চ করতে হবে না।

Name Change

I, PARVIN KHATOON BIBI (old name) W/O SAWGAT ALI MALLICK Presently residing at MONDAL PARA PANCHUR, PO BIDHANGARH, DIAMONDA HARBOUR-700066 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) PARVEEN BIBI, vide an affidavit sworn before Notary Public at Kolkata on 22/07/2023. PARVIN KHATOON BIBI and PARVEEN BIBI both are same and one identical person.

Name Change

I, ASROF ALI (old name) S/O ABDUR RAHMAN Presently residing at UTTAR MAYNA, PO JAUGRAM, Purba Bardhaman, 713166 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) ASRAF ALI, vide an affidavit sworn before Notary Public at Kolkata on 22/07/2023. ASROF ALI and ASRAF ALI both are same and one identical person.

Name Change

I, AMINUR GAIN (old name) S/O AJIJUL GAYEN Presently residing at N0032, DASBERIA PASCHIMPARA,PO DIGHALGRAM, PS HARINGHATA, RANAGHAT, 741257 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) AMINUR GAYEN, vide an affidavit sworn before Notary Public at Kolkata on 22/07/2023. AMINUR GAIN and AMINUR GAYEN both are same and one identical person.

Name Change

I, AJIJUL GAIN (old name) S/O IYAKUB GAYEN Presently residing at N0032, DASBERIA PASCHIMPARA, PO DIGHALGRAM, PS HARINGHATA, RANAGHAT, 741257 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) AJIJUL GAYEN, vide an affidavit sworn before Notary Public at Kolkata on 22/07/2023. AJIJUL GAIN and AJIJUL GAYEN both are same and one identical person.

Name Change

I, TAPAN GHOSAL (old name) S/O BALARAM GHOSHAL Presently residing at 23/A/8, Jessore Road, Sridurga Colony, Dumdum(M), North 24 Parganas-700028 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) TAPAN KUMAR GHOSHAL, vide an affidavit sworn before Notary Public at Kolkata on 22/07/2023. TAPAN GHOSAL and TAPAN KUMAR GHOSHAL both are same and one identical person.

Name Change

I, FAHIMUDDIN (old name) S/O JAYVANT SHETH Presently residing at 13/H/7, Elliot Road, PO+PS-Park Street, Kolkata-700016 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) MD FAHIMUDDIN, vide an affidavit sworn before Notary Public at Kolkata on 22/07/2023. FAHIMUDDIN and MD FAHIMUDDIN both are same and one identical person.

Name Change

I, DIBYENDU KUMAR MITRA residing at F1-17, Kolkata Police Abasan, HC Block, Sector-III, Salt Lake City, PO-Bidhannagar IB Market, PS-Bidhannagar South, Dist-North 24 Pgs, Kolkata-700106 West Bengal, India, do hereby solemnly affirm & declaring my father’s actual name JOGY BHUSAN MITRA instead of DIBYENDU KUMAR MITRA, vide an affidavit sworn before The Judicial Magistrate 1 st Class at Alipore on 21/07/2023.

Name Change

I, SONATON BISWAS residing at Vill-Samaddar Para, PS-Gobardanga, Habra, Dist-North 24 Pgs, Pin-743252 West Bengal, India, do hereby solemnly affirm & declaring my father’s actual name DHIRENDRA NATH BISWAS instead of DHIRENDRA MATH BISWAS, vide an affidavit sworn before The Judicial Magistrate 1 st Class at Alipore on 21/07/2023.

Name Change

, ANANDA CHANDRA ROY (old name) S/O LATE GOBINDA ROY Presently residing at 69/34, Barui Para Lane, PO- Alambazar, PS-Baranagar, Dist-24 Pgs(N), Kolkata-700035 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) ANANDA ROY, vide an affidavit sworn before Notary Public at Kolkata on 22/07/2023. ANANDA CHANDRA ROY and ANANDA ROY both are same and one identical person.

বাংলাদেশে নিয়ন্ত্রণ হারিয়ে পুকুরে পড়ল যাত্রীবাহী বাস, নিহত ১৭জন

ঝালকাঠি, ২২ জুলাই ঃ বাংলাদেশের ঝালকাঠিতে একটি যাত্রীবাহী বাস পুকুরে প।ে নিহত হয়েছেন ১৭জনযাত্রী । এ ঘটনায় আহত হয়েছেন আরও ২৫-৩০ জন। তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাস্থলে উদ্ধার অভিযান চালাচ্ছে ফায়ার সার্ভিসের দুটি ইউনিট, পুলিশ ও স্থানীয়রা। শনিবার সকাল ১০টায় সদর উপজেলার ধানসঁ।ি ইউনিয়ন পরিষদের সামনে বরিশাল-খুলনা মহাস।কে ঘটনাটি ঘটে। জানা গেছে, ভান্ডারিয়া থেকে বরিশাল যাওয়ার পথে বাসটি উল্টে পুকুরে প।ে যায়। বাসটিতে আনুমানিক ৫০-৬০ জন যাত্রী ছিল। নিহতদের মধ্যে আটজন নারী, ছয়জন পুরুষ ও তিনজন শিশু। ঘটনার পর ঝালকাঠি সদর হাসপাতালে ভি। জমিয়েছেন হতাহতদের স্বজনরা। গোটা হাসপাতাল চত্বর তাদের আহাজারিতে ভারী হয়ে উঠেছে। প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে

ভান্ডারিয়া থেকে বাশার স্মৃতি পরিবহন নামে একটি যাত্রীবাহী বাস ঝালকাঠির দিকে যাচ্ছিল। পথে ছত্রকাঃদা এলাকায় পৌঁছে বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে পাশের একটি পুকুরে প।ে উল্টে যায়। তাক্ষণিকভাবে স্থানীয়রা উদ্ধার কাজ শুরু করেন। খবর পেয়ে ফায়ার সার্ভিস ও পুলিশের সদস্যরা ঘটনাস্থলে উপস্থিত হয়ে উদ্ধার কাজে যোগ দেয়। ঝালকাঠি ফায়ার সার্ভিসের উপ-সহকারী পরিচালক ফিরোজ কুতুবী তাদের দলের উদ্ধার অভিযানের বিষয়টি নিশ্চিত করেছেন। হাসপাতালে ভর্তি আহতদের সঙ্গে কথা বলে জানা গেছে, মাঝপথে যাত্রী তোলার কারণে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগে। কম সময় ব্যয়ের জন্য চালক বাসটি বেপরোয়া গতিতে চালাচ্ছিল। কিছু বুঝে ওঠার আগেই বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে স।কের পাশের পুকুরে প।ে যায়। সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাসির উদ্দিন সরকার ১৭ যাত্রীর মরদেহ উদ্ধারের তথ্য নিশ্চিত করেছেন। তিনি আরও বলেন, হাসপাতালে ভর্তি আহতদের মধ্যে কজনের অবস্থা আশঙ্কাজনক । গা।রি ভেতরে কতজন আটকে আছে তা ধারণা করা যাচ্ছে না। বাসটি উদ্ধারের পর বিস্তারিত বলা যাবে।এদিকে উদ্ধার কাজ চলায় দুর্ঘটনার পর থেকে খুলনা-ঝালকাঠি মহাস।কে যান চলাচল বন্ধ আছে।

আদ্রা বিভাগে উন্নয়নমূলক কাজের কারণে ট্রেনের নিয়ন্ত্রণ

কলকাতা, ২২শে জুলাই ঃ দক্ষিণ পূর্ব রেলওয়ের আদ্রা ডিভিশনে তালগোরিয়া. এবং বোকারো এন কেবিনের মধ্যে নতুন লাইন (ডাবলিং) নির্মাণের ক্ষেত্রে প্রাক-নন ইন্টারলকিং এবং নন ইন্টারলকিং কাজের পরিপ্রেক্ষিতে, নিম্নলিখিত ট্রেনগুলিকে নিয়ন্ত্রিত করা হবে- ট্রেন বাতিল ১। ১৩৫০৩।১৩৫০৪ বর্ধমান-হাতিয়া-বর্ধমান মেমু এক্সপ্রেস, ২৫.০৭.২০২৩ থেকে ২৮.০৭.২০২৩ পর্যন্ত শুরু হওয়া যাত্রা বাতিল থাকবে। ২। ১৩৩১৯।১৩৩২০ দুমকা-রাঁচি-দুমকা এক্সপ্রেস, ২৫.০৭.২০২৩ থেকে ২৮.০৭.২০২৩ পর্যন্ত শুরু হওয়া যাত্রা বাতিল থাকবে। ট্রেনের সংক্ষিপ্ত সমাপ্তি উপত্তি ৩। ১৮০১৯১৮০২০ ঝাড়গ্রাম-ধানবাদ-ঝাড়গ্রাম এক্সপ্রেস, ২৫.০৭.২০২৩ থেকে ২৮.০৭.২০২৩ পর্যন্ত শুরু হওয়া যাত্রা বোকারো স্টিল সিটি থেকে উদ্ভূত সংক্ষিপ্ত সময়ে শেষ হবে। ট্রেনের ডাইভারশন ৪। ১৩৩৫১ ধানবাদ-আলাপ্পুঝা এক্সপ্রেস, ২৫.০৭.২০২৩ থেকে ২৮.০৭.২০২৩ পর্যন্ত যাত্রা শুরু চন্দ্রপুরা-বরকাকানা-মুড়ি হয়ে বাঁকানো রুটে চলবে।৫। ১৮৬২৮।১৮৬২৭ রাঁচি-হাওড়া-রাঁচি এক্সপ্রেস, ২৫.০৭.২০২৩ তারিখে শুরু হওযা. যাত্রা কোটশিলা-পুরুলিয়া-চান্ডিল-টাটানগর-খড়গপুর হয়ে ডাইভার্ট রুটে চলবে। ৬। ১২৩৬৫।১২৩৬৬ পাটনা-রাঁচি-পাটনা জন শতাব্দী এক্সপ্রেস, ২৫.০৭.২০২৩ থেকে ২৮.০৭.২০২৩ পর্যন্ত যাত্রা শুরু চন্দ্রপুরা-বরকাকানা-মুড়ি হয়ে ডাইভার্ট রুটে চলবে। ৭। ১২৮০১।১২৮০২ পুরী-নযা. দিল্লি-পুরী এক্সপ্রেস যাত্রা ২৫.০৭.২০২৩ থেকে ২৮.০৭.২০২৩ পর্যন্ত পুরুলিয়া-আনারা-ভোজুডিহ-খানুদিহ-গোমোহ হয়ে বাঁকানো রুটে চলবে। ৮। ১২৮১৮ আনন্দ বিহার-হাতিয়া এক্সপ্রেস, ২৫.০৭.২০২৩ এবং ২৮.০৭.২০২৩ থেকে শুরু হওয়া যাত্রা চন্দ্রপুরা-বরকাকানা-মুড়ি হযে. ডাইভার্ট রুটে চলবে। ৯। ০২৮৩২০২৮৩১ ভুবনেশ্বর-ধানবাদ-ভুবনেশ্বর স্পেশাল, ২৮.০৭.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রা মুরি-বরকাকানা-চন্দ্রপুরা হয়ে বাঁকানো রুটে চলবে।

মন্ট্রিয়াল টাইগার্সকে ক্ষমতায়ন করবে

নয়াদিল্লী, ২২ জুলাই ঃ বহুল প্রত্যাশিত জিটি ২০ কানাডা ২০২৩, উত্তর আমেরিকার প্রথম বড় ক্রিকেট লিগ বাবু ৮৮ কে মন্ট্রিয়াল টাইগার্সদের গর্বিত স্পনসর হিসাবে পাবে। ছয়টি শক্তিশালী দল এবং গেমের কিছু সবচেয়ে বড় সুপারস্টার সমন্বিত এই ক্রিকেট টুর্নামেন্ট টি, ২৫টি রোমাঞ্চকর ম্যাচ জুড়ে ২০শে জুলাই থেকে ৬ই আগস্ট, ২০২৩ পর্যন্ত পিচকে আলোকিত করতে প্রস্তুত। বাবু ৮৮ ব্র্যাম্পটন স্পোর্টস পার্কের টিডি ক্রিকেট এরিনায় আসন্ন ম্যাচগুলি নিয়ে মন্ট্রিয়াল টাইগার্সদের সাথে গর্জন করতে তৈরি। এটি হবে প্রধান বিনোদন প্ল্যাটফর্ম বাবু ৮৮’র প্রথম আনুষ্ঠানিক অংশীদারিত্ব এবং ক্রিকেট টীম স্পনসরশিপ। এই অংশীদারিত্বটি বাবু ৮৮ এর ব্যতিক্রমী ক্রীড়া প্রতিভাকে সমর্থন ও প্রচার করার প্রতিশ্রুতির প্রমাণ এবং ভক্তদের খেলার সাথে ঘনিষ্ঠভাবে জড়িত হওয়ার সুযোগ দেয়।

Name Change

I, GOURI BISWAS CHATTERJEE (old name) D/O Late Krishna Biswas Presently residing at 3/27, Sucheta Nagar, p,o - Haltu, p,s - Garfa, Kolkata -700078 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) GOURI BISWAS, vide an affidavit sworn before the Ld. Metropolitan Magistrate 1 st Class at Kolkata on 14/07/2023. GOURI BISWAS CHATTERJEE and GOURI BISWAS both are same and one identical person.

Name Change

I, TANVEE JAGATRAMKA alias JAGATRAMKA TANVEE ARUNKUMAR D/O Arun Kumar Jagatramka presently residing at 1, Clyde Row, PO - Hastings, Kolkata – 700 022, West Bengal, India, have always been known as TANVEE JAGATRAMKA, vide affidavit sworn before 1st Class Judicial Magistrate at Alipore on 19/07/2023. JAGATRAMKA TANVEE ARUNKUMAR and TANVEE JAGATRAMKA both are same and one identical person.

Name Change

I HASINA BIBI D/O SK KUDRAT ALI W/O SEKH FASIUR RAHAMAN R/O VILL- PASCHIM NEKRA UTTAR PARA PO &PS- PANSKURA DIST-EAST MEDINIPUR. UNFORTUNATELY MY NICK NAME THAT IS PARJAN BIBI HAS BEEN MENTIONED TO MY SON & # 39;S PASSPORT BEING NO-G8213561. NOW I DECLARE VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC TAMLUK EAST MEDINIPUR ON 20/07/2023. THAT HASINA BIBI AND PARIJAN BIBI ARE SAME AND ONE IDENTICAL LADY.

কাছাড়ের শিলডুবিতে দায়ের কোপে স্ত্রী খুন, থানায় আত্মসমর্পণ পত্নীহন্তা স্বামীর

সোনাই (অসম), ২২ জুলাই ঃ কাছাড় জেলার অন্তর্গত সোনাই থানা এলাকার শিলডুবিতে স্বামীর হাতে খুন হয়েছেন পত্নী। ঘটনাটি আজ শনিবার সকালে সংগঠিত হয়েছে শিলডুবির ধনেহরি দ্বিতীয় খণ্ড গ্রামে। দুই সন্তানের জননী বছর ২৯-এর আলিফা বেগম ব।ভুইয়াঁকে ধারালো দা দিয়ে কুপিয়ে খুন করার পর থানায় গিয়ে আত্মসমর্পণ করেছে পত্নীহন্তা স্বামী আনোয়ার হোসেন ব।ভুইয়াঁ। লোমহর্ষক ঘটনাকে কেঃদ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে গোটা শিলডুবিতে। জানা গেছে, ছোট ছোট দুই সন্তান নিয়ে আনোয়ার হোসেন ব।ভুইয়াঁ এবং আলিফা বেগমের সুখের সংসার ছিল। বিগত কয়েক বছর ধরে কর্মসূত্রে আনোয়ার ছিলেন মণিপুরে। সম্প্রতি মণিপুরে অশান্ত পরিবেশের ফলে সে শিলডুবিতে তার বা।ি চলে আসে। গ্রামের কতিপয় জানান, মণিপুর থেকে আসার পর আর্থিকভাবে কিছু ঋণগ্রস্ত হয়ে পড়ে আনোয়ার হোসেন ব।ভুইয়াঁ। ঋণ, কর্মহীন, পরিবার প্রতিপালন ইত্যাদি নানা বিষয়ে আনোয়ারের সবসময় মাথা গরম থাকত। মাদকাসক্তও ছিল। গতকাল রাত থেকে অজ্ঞাত কোনও কারণে ঝগড়া শুরু হয় স্বামী-স্ত্রীর মধ্যে। ঝগড়া আজ শনিবার সকাল পর্যন্ত গড়ায়। এরই মধ্যে সকাল প্রায় নয়টা



নাগাদ হঠা মেজাজ হারিয়ে হাতে ধারালো দা তুলে স্ত্রী আলিফা বেগমের মাথায় (মতান্তরে গলায়) কোপ বসিয়ে দেয় আনোয়ার হোসেন। দায়ের কোপে রক্ত ঝরিয়ে ধরাশায়ী হয়ে যান আলিফা। ঘটনাস্থলে মৃত্যু বরণ করেন আলিফা বেগম বড়ভুইয়াঁ।

ইত্যবসরে গ্রামের মানুষ খবর দেন সোনাই থানায়। খবর পেয়ে ছুটে আসে পুলিশের দল। ঘটনা সম্পর্কে পুলিশের কাছ থেকে এ খবর লেখা পর্যন্ত কোনও বয়ান পাওয়া যায়নি। তবে জানিয়েছে, পত্নীকে কুপিয়ে খুন করে পুলিশ আসার আগেই আনোয়ার বা।ি থেকে পালিয়ে যায়। অবশ্য কয়েক ঘণ্টা পর সে নিজে সোনাই থানায় গিয়ে আত্মসমর্পণ করেছে বলে জানান পুলিশের জনৈক কর্মী। জানা গেছে, পুলিশ সংশ্লিষ্ট ঘটনা সম্পর্কে আনোয়ার হোসেনকে জিজ্ঞাসাবাদ করছে।

যাত্রীদের সুবিধার্থে জনপ্রিয় এলাকাকে স্টেশনের নামের সাথে লিঙ্ক করার অভিনব পদ্ধতি ভারতীয় রেলওয়ের

মালিগাঁও, ২২ জুলাই ঃ জনপ্রিয় এলাকাশহর সহ ছোট স্টেশনকে চিহ্নিত করার জন্য যাত্রীদের যাতে সুবিধা হয় তার জন্য ভারতীয় রেলওয়ে স্টেশনের নামের সাথে জনপ্রিয় এলাকাকে যুক্ত করতে অভিনব পদ্ধতি গ্রহণ করেছে। এই নতুন পদ্ধতির ফলে যাত্রার আরও ভালো পরিকল্পনা পাওয়া যাবে এবং ওয়েবসাইট ও মোবাইল অ্যাপে টিকিট বুকিঙের সময় যাত্রীরা ব্যক্তিগতকৃত অভিজ্ঞতাও লাভ করবেন। এছাড়াও এই পদ্ধতির ফলে সহজে স্টেশন অনুসন্ধান করতে পর্যটকদের সুবিধা হবে। পাশাপাশি যাত্রীদের জন্য উন্নত সংযোগ ব্যবস্থাও উপলব্ধ হবে। এই পদক্ষেপের মধ্যে রেলওয়ে স্টেশনগুলিকে স্যাটেলাইট সিটির সাথে যুক্ত করা হবে যেমন, নয়ডা থেকে নিউ দিল্লি। কিছু সময় দেখা যায় স্থানীয়জনপ্রিয় নামগুলি রেলওয়ে স্টেশন থেকে পৃথক, যার ফলে যাত্রার পরিকল্পনার সময় যাত্রীদের বিভ্রান্ত হতে হয়, তাই এই সংযুক্তিকরণের ফলে বিভ্রান্তিও দূর হবে।এই উদ্দেশ্য পূরণের জন্য, প্রযুক্তির প্রয়োগে পরিবর্তন ঘটানো হয়েছে এবং ১৭৫টি জনপ্রিয় শহরএলাকাকে ৭২৫টি স্টেশনের সাথে যুক্ত করা হয়েছে। এই পরিবর্তনগুলিকে ই-টিকিট বুকিং

ওয়েবসাইটের ভ্রমণ পরিকল্পনাকারী স্টেশন অনুসন্ধানে অন্তর্ভুক্ত করা হয়েছে। এই কার্যকারিতা যাত্রা পরিকল্পনাকারী ও টিকিটের ইলেকট্রনিক রিজার্ভেশন স্লিপে দেখা যাবে।পরিচালনামূলক কারণের জন্য স্টেশনের পরিবর্তনের ক্ষেত্রে এই কার্যকারিতা সহজ যোগাযোগ প্রদান করবে যেমন, যদি পরিচালনামূলকরক্ষণাবেক্ষণের কার্যকলাপের জন্য একটি নির্ধারিত স্টেশন পরিবর্তন করা হয় তাহলে অনুসন্ধানের সময় যাত্রা পরিকল্পনাকারী বিকল্পমূলক স্টেশন দেখাবে। এছাড়া এমআইএস (ম্যানেজমেঃট ইনফর্মেশন সিস্টেম) উপন্ন হলে নতুন ট্রেন ও স্টেশনের সুবিধাগুলির আরও উন্নত পরিকল্পনাকে সক্ষম করে তুলবে।

রিহ্যাব সেন্টারের বিরুদ্ধে যুবককে পিটিয়ে খুনের অভিযোগ, গ্রেফতার ম্যানেজার

দুরন্ত বার্তা, দুর্গাপুর, ২২ জুলাই ঃ নেশামুক্তি কেন্দ্রে এক যুবককে পিটিয়ে মেরে ফেলার অভিযোগে সরব পরিবার। এই ঘটনায় শনিবার সকাল থেকে ব্যাপক উত্তেজনা ছড়িয়েছে দুর্গাপুরে। তদন্তে নেমেছে দুর্গাপুর থানার পুলিশ। জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে রিহ্যাব হোমের ম্যানেজারকে। দুর্গাপুরের ২২ নম্বর ওয়ার্ডের সিটি সেন্টারের প্রবানন্দ অ্যাভিনিউতে এক স্বেচ্ছাসেবী সংস্থার নেশামুক্তি কেন্দ্রে সুমিত দাসকে (২৬) পিটিয়ে মেরে ফেলার অভিযোগে সরব তার পরিবার। হোমে সুমিতকে ঠিকঠাকভাবে খেতে দেওয়া হত না বলে অভিযোগ। এমনকী, মারধরও করা হত। এই হোমে ২০ জনের মতন আবাসিক রয়েছেন। পরিবার সূত্রে খবর, নিজের একমাত্র ছেলেকে নেশার হাত থেকে বাঁচানোর জন্য মা উমা দাস তাঁর ছেলেকে শহরের প্রাণকেন্দ্র সিটি সেন্টারের এই হোমে রেখেছিলেন। প্রায় ১৮ মাস এই হোমে ছিল সুমিত। দুর্গাপুরের নিউটাউনশিপ থানার অন্তর্গত ২৬ নম্বর ওয়ার্ডের মামরা বাজার সংলগ্ন সুভাষ পল্লির বাসিন্দা সুমিতের পরিবার স্বপ্নেও ভাবেননি পরিবারের প্রিয়জনের এমন নির্মম পরিণতি হবে। অভিযোগ, শুক্রবার রাত দেড়টা নাগাদ হোম কর্তৃপক্ষ মৃতের মামাকে হোম থেকে ফোন করে বলা হয় সুমিত অসুস্থ। সুমিতকে দেখতে দুর্গাপুর মহকুমা হাসপাতালে আসার জন্য বলা হয়। হাসপাতালে গিয়ে পরিবার দেখে সুমিত মারা গিয়েছে। হাসপাতালের সুপার ধীমান মণ্ডল জানান, বুকে ব্যথা নিয়ে ভর্তি করা হয়। দেহে আঘাতের চিহ্ন ছিল না। দেহ বর্ধমান মেডিক্যাল কলেজে ময়নাতদন্ত করা হবে। সুমিতের মা উমা দাসের অভিযোগ, ছেলেকে ঠিকঠাক মতো খেতে দিত না হোমে। এমনকী, মারধরও করা হত ছেলেকে। যার ফলে তার একমাত্র ছেলের মৃত্যু হয়েছে। যখন শারীরিক অবস্থা অবনতির হচ্ছে সুমিতের তখন তড়িঘড়ি তাঁকে হাসপাতালে ভর্তি করে সেখান থেকে পালিয়ে যায় হোমের লোকজন। ওঁকে পিটিয়ে মেরে ফেলা হয়েছে বলে অভিযোগ সুমিতের কাকা শশাঙ্ক দাসের। শনিবার সকালে সিটি সেন্টারের ওই হোমের সামনে সুমিতের পরিবার ও পড়শিরা পুলিশের সামনে ক্ষোভে ফেটে পড়েন। এমনকী, ওই হোমের আশপাশের বাসিন্দাদের অভিযোগ, মারধর করা হত হোমে থাকা আবাসিকদের। পুলিশ অভিজিত ভাওয়াল নামে হোমের ম্যানেজারকে আটক করে দুর্গাপুর থানার সিটি সেন্টার ফাঁড়িতে নিয়ে যায়। আসানসোল দুর্গাপুর পুলিশের এসিপি (দুর্গাপুর) তথাগত পাণ্ডে জানান, শারীরিক অসুস্থতার কারণে হাসপাতালে ভর্তি করা হয়েছিল। হাসপাতালে মৃত্যু হয়েছে। ময়নাতদন্ত না হলে মৃত্যুর কারণ বলা সম্ভব নয়।

সপ্তম রোজগার মেলায় যোগ দিয়ে পুনঃনির্বাচনের দাবি তোলেন কেন্দ্রীয় মন্ত্রী জন বারলা

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২২ জুলাই ঃ রাজ্যে পুনরায় পঞ্চায়েতে নির্বাচনের দাবি জানালেন কেন্দ্রীয় মন্ত্রী জন বারলা। শিলিগুড়ির উত্তরবঙ্গ মারোয়ারী ভবনে সপ্তম রোজগার মেলায় শনিবার যোগদান করেন কেন্দ্রীয় সংখ্যালঘু

উন্নয়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী জন বারলা। সপ্তম রোজগার মেলা থেকে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে প্রায় ১০০ জন যুবক- যুবতীকে চাকরীর নিয়োগ পত্র তুলে দেওয়া হয়। কেন্দ্রীয় সরকারের তরফে প্রকাশিত পরিসংখ্যানে উল্লেখ করা হয়েছে, ২০২২ সাল থেকে এখনও পর্যন্ত রোজগার মেলার মঞ্চ থেকে মোট ২ লাখ ৬২ হাজারের বেশি নবীনকে নিয়োগপত্র পাঠিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। যাঁরা এই সময়কালে সরকারি চাকরিতে যোগ দিয়েছেন, তাঁদের কাছে আগামী পাঁচ বছরের মধ্যে ভারতকে উন্নত দেশ হিসেবে গড়ে তোলার লক্ষ্য রয়েছে। সপ্তম রোজগার মেলায় নিয়োগ পত্র প্রদান করে কেন্দ্রীয় মন্ত্রী জন বারলা সাংবাদিক বৈঠক করে বলেন, রাজ্যে যে সন্ত্রাসের মধ্য দিয়ে ভোট হয়েছে তা গণতন্ত্রের হনন হয়েছে। ভোটের দিন থেকে গণনার দিন পর্যন্ত যে তিন দিনের সময় ছিল, সে কদিনের মধ্যে তৃণমূল ব্যালট বক্স থেকে শুরু করে ব্যালট পেপার চুরি করেছে। তিনি পুনরায় পঞ্চায়েতে নির্বাচনের দাবি জানানোর পাশাপাশি কেন্দ্রীয় বাহিনী দিয়ে নির্বাচন করানোর দাবি জানান। কেন্দ্রীয় বাহিনী দিয়ে নির্বাচন হলে তৃণমূল কখনই জয়ী হতে পারবে না বলে দাবি করেন। রোজগার মেলা থেকে নিয়োগপত্র পেয়ে স্বাভাবিক ভাবেই খুশি যুবক- যুবতীরা।

খেলার মাঠ দখলের অভিযোগ কাউন্সিলারের বিরুদ্ধে

দুরন্ত বার্তা, বোলপুর, ২২ জুলাই ঃ খেলার মাঠ দখল করতে আসার অভিযোগ তৃণমূল কাউন্সিলর ও তার দল বলের বিরুদ্ধে। বিরভূমের বোলপুর পৌরসভার ১৮ নম্বর ওয়ার্ডে তৃণমূলের কার্যালয় ঘেরাও করলো এলাকাবাসী। রাতভর চললো, বিক্ষোভ। স্বাভাবিকভাবেই এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। এলাকাবাসীর দাবি বোলপুর পৌরসভা এলাকার কাশিমবাজারের কাছে একটি সরকারি জমিতেই রয়েছে। সেই জমি স্থানীয় তৃণমূল কাউন্সিলর দখল করে প্রোমোটারি করতে চাইছে বলে অভিযোগ। যদিও স্থানীয় কাউন্সিলরের দাবি, বোলপুর পৌরসভা পিএইচপি যৌথভাবে একটি জল প্রকল্প করার চিন্তাভাবনা করছে। সেই জমিতে পৌরসভার পক্ষ থেকে জল প্রকল্প করতে যাওয়া নিয়েই স্থানীয় কাউন্সিল তাপস সরকারের সঙ্গে বচসা এলাকাবাসীর। গতকাল সন্ধ্যায় এলাকায় গিয়ে স্থানীয় কাউন্সিলার স্থানীয় বাসিন্দাদেরকে পুলিশের হুমকি দিয়েছে বলে অভিযোগ। পাশাপাশি তাদেরকে মারধরও করা হয়েছে বলে অভিযোগ। তারপরই মধ্যরাতে ১৮ নম্বর ওয়ার্ডেই তৃণমূলের যে দলীয় কার্যালয় রয়েছে, সেই কার্যালয় বিক্ষোভ দেখায় স্থানীয় লোকেরা গিয়ে পার্টি অফিস দীর্ঘক্ষণ ধরে ঘেরাও করে রাখে।

সামসীতে জাতীয় সড়কে দুর্ঘটনার কবলে সরকারি বাস, জখম একাধিক

দুরন্ত বার্তা, সামসী, ২২ জুলাই ঃ মালদার সামসী-আলাল রুটে মাগুরা এলাকায় ৮১ নম্বর জাতীয় সড়কে দুর্ঘটনার কবলে পড়ল সরকারি বাস। ঘটনায় জখম হয়েছেন কমপক্ষে ৮ জন যাত্রী। শনিবার ঘটনাটি ঘটেছে। জখমদের উদ্ধার করে সামসী গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কারও আঘাত তেমন গুরুতর নয়। প্রত্যেককেই প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়েছে। জানা গিয়েছে, এদিন বেসরকারি বাসটি চাঁচল থেকে মালদার দিকে যাচ্ছিল। পেছন থেকে আসছিল সরকারি বাসটি। মাগুরা বাসস্ট্যান্ড ঢোকার আগে এক মহিলাকে বাঁচাতে গিয়ে বেসরকারি বাসটি হঠাৎই ব্রেক কষে। সেই সময় পেছনে থাকা সরকারি বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে ওই বেসরকারি বাসে গিয়ে ধাক্কা মারে। এর জেরে সরকারি বাসটি রাস্তার পাশে কলা বাগানে গিয়ে আটকে যায়। অল্পের জন্য বড়সড়ো দুর্ঘটনা থেকে রক্ষা পায় বাসটি।

শিয়ালদা মেইন লাইনে অবরোধে বাতিল একাধিক ট্রেন

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাই ঃ সপ্তাহের প্রথম দিনেই ব্যাপক ভোগান্তির মুখে পড়েন ট্রেনের নিত্যযাত্রীরা। শিয়ালদা মেইন শাখায় সোমবারের সাত সকালে ট্রেন অবরোধ হয়। এর জেরে বেহাল হয় ট্রেন পরিষেবা। ব্যারাকপুর ১৪ নং রেল গেটের সামনে অবরোধের জেরে দেড় ঘণ্টার বেশি সময় বন্ধ থাকে আপ-ডাউন লোকাল ট্রেন চলাচল। শিয়ালদা কৃষ্ণনগর শাখায় ট্রেন যাতায়াত একদম বন্ধ হয়ে যায়। বিভিন্ন স্টেশনে অফিসের ব্যস্ত সময়ে থমকে পড়ে একের পর এক লোকাল ট্রেন। ফুট ওভারব্রিজের দাবিতে রেল অবরোধে নামেন জয় নাগরিক প্রতিরোধ মঞ্চ ব্যারাকপুর শাখা। পূর্বঘোষিত সূচি অনুযায়ী সকাল সাড়ে আটটা নাগাদ শুরু করে রেল অবরোধ। অফিসটাইমে একের পর এক ট্রেন আটকে পড়ে। রেলের তরফ থেকে জি আর পি গিয়ে অবরোধকারীদের বুঝিয়ে অবরোধ তোলার চেষ্টা করেন কিন্তু রেলের তরফে কোনও লিখিত প্রতিশ্রুতি না পেলে তারা অবরোধ তুলবে না বলে জানিয়ে দেন। ঘণ্টা দেড় অবরোধ চলার পর স্টেশন ম্যানেজার সহ জিআরপি-দের সঙ্গে বিক্ষোভকারী নাগরিক প্রতিরোধ মঞ্চের প্রতিনিধিদের বৈঠকে মেলে সমাধান সূত্র। অবরোধ তুলে নেওয়া হয়।

শিশু কন্যা ধর্ষণ ঃ দোষীদের কঠোর শাস্তির দাবি জানিয়ে ডেপুটেশন বিশ্ব হিন্দু পরিষদের

আগরতলা, ২২ জুলাই ঃ শিশু কন্যাকে ধর্ষণের প্রতিবাদে বিশ্বহিন্দু পরিষদের এক প্রতিনিধি দল আজ খোয়াই জেলা শাসক এবং খোয়াই মহিলা থানায় ডেপুটেশনে মিলিত হয়েছে। সংগঠনের পক্ষ থেকে দাবি উঠেছে দোষীদের কঠোর শাস্তি দেওয়া হোক। সংগঠনের জৈনক নেতা জানিয়েছেন, গত ২০ জুলাই বিকেলে খোয়াই থানাধীন বনকর এলাকায় নয় বছরের এক শিশু কন্যাকে ধর্ষণের অভিযোগ উঠে দুই নাবালকের বিরুদ্ধে। পরবর্তী সময়ে পরিবারের পক্ষ থেকে দুই নাবালকের বিরুদ্ধে খোয়াই মহিলা থানার মামলা দায়ের করা হয়েছিল। ওই দিন রাতেই পুলিশ অষ্টম শ্রেণীর পড়ুয়া ১৪ বছরের দুই নাবালককে আটক করেছে। তিনি আরও জানিয়েছেন, অভিযুক্ত দুই নাবালকের মধ্যে একজন সংখ্যালঘু এবং অন্যজন হিন্দু সম্প্রদায়ের ছিল। এই বিষয়টি সামনে আসতেই গোটা জেলায় চাঞ্চল্য ছড়িয়েছে। তাই শনিবার সকালে খোয়াই কোহিনুর কমপ্লেক্স প্রাঙ্গণ থেকে বিশ্ব হিন্দু পরিষদের খোয়াই জেলা কমিটির উদ্যোগে কয়েকে শতাধিক যুবক মিছিল করে গোটা শহর পরিক্রমা করেছে। সংগঠনের এক প্রতিনিধি দল জেলা শাসক ও মহিলা থানায় ডেপুটেশনে মিলিত হয়েছে। সংগঠনের পক্ষ থেকে দাবি জানানো হয়েছে, দোষীদের কঠোর শাস্তির প্রদান করা হোক।

জমি সংক্রান্ত বিবাদ, মঙ্গলকোটে বধূকে পুড়িয়ে মারার চেষ্টা

দুরন্ত বার্তা, বর্ধমান, ২২ জুলাই ঃ জমি সংক্রান্ত বিবাদের জেরে ভাইয়ের বউকে পুড়িয়ে মারার চেষ্টার অভিযোগ উঠল ভাসুর ও তার ছেলের বিরুদ্ধে। দগ্ধ ও আশঙ্কাজনক অবস্থায় গৃহবধূ ভর্তি রয়েছেন বর্ধমান মেডিকেল কলেজের বার্ন বিভাগে। মঙ্গলকোট থানার পুলিশ আটক করেছে ভাসুর ও তার ছেলেকে। পূর্ব বর্ধমানের মঙ্গলকোটের কুরুম্বে গ্রামের মাঝের পাড়ায় হঠাৎ শনিবার ভোরে আর্তনাদের শব্দে নবকুমার গড়াইয়ের বাড়িতে ছুটে আসেন গ্রামবাসীরা। তাঁরা দেখতে পান, নবকুমারবাবুর স্ত্রী বিথীকা গড়াইকে হাত-পা ও মুখ বাঁধা। গায়ে কে বা কারা কেরোসিন তেল ঢেলে আগুন লাগিয়ে দিয়েছে। মূল অভিযুক্ত ছিল তারই ভাসুর সুবল চন্দ্র গড়াই ও তার ছেলে পূর্ন চন্দ্র গড়াই। এরপর গ্রামবাসীরা ওই গৃহবধূকে উদ্ধার করে বর্ধমান মেডিকেল কলেজে নিয়ে যায়। ওই গৃহবধূ বর্তমানে দগ্ধ ও আশংকাজনক অবস্থায় বর্ধমান মেডিকেল কলেজের বার্ন ওয়ার্ডে ভর্তি রয়েছেন। এলাকাবাসীরা জানিয়েছেন, নবকুমার গড়াইয়ের সঙ্গে তার ভাইদের জমি সংক্রান্ত বিবাদ চলছিল বেশ কিছুদিন ধরে। তার ভাইয়ের অর্থাৎ সুবল চন্দ্রের পর্যাপ্ত জায়গা না থাকায় তার বাড়িতে প্রাচীর করতে বাধা দিচ্ছিল নবকুমার। এই নিয়ে কাটোয়া আদালতে মামলাও চলছে বেশ কয়েক বছর ধরে। শুক্রবার ফের দুই ভাইয়ের মধ্যে জমি সংক্রান্ত বিষয় নিয়ে বিবাদ সৃষ্টি হয়। অভিযোগ, শনিবার ভোরে সুবলচন্দ্র ও তার ছেলে পূর্ণ চন্দ্র, নব কুমার গড়াইয়ের বাড়িতে গিয়ে চড়াও হয়। এবং তার স্ত্রীর হাত-পা মুখ বেঁধে তার গায়ে কেরোসিন তেল ঢেলে আগুন লাগিয়ে দেয়। এই ঘটনার পর আজ সকালে মঙ্গলকোট থানার পুলিশ সুবলচন্দ্র ও তার ছেলে পূর্ণচন্দ্রকে আটক করে নিয়ে আসে। এই নির্মম ঘটনার পর এলাকায় ছড়িয়েছে চাঞ্চল্য। তবে পুলিশ পুরো বিষয়টি খতিয়ে দেখছে।

দেশ-বিদেশে মাহালী জনজাতির শিল্পকর্মের প্রসার ও প্রচারের উদ্যোগ নিল ভারতীয় ডাক বিভাগ

দুরন্ত বার্তা, বোলপুর, ২২ জুলাই ঃ 'মাহালী' জনজাতির মূল পেশা ও শিল্পকর্ম হল বাঁশের তৈরি সামগ্রী ও কারুকার্য। দেশ-বিদেশে এই শিল্পকর্মের প্রসার ও প্রচারের উদ্যোগ নিল ভারতীয় ডাক বিভাগ। এই জনজাতির শিল্পসম্ভারকে সম্মান জানাতে ও তাদেরকে আয়ের মুখ দেখানোর উদ্দেশ্যে ডাক টিকিট সহ খামের কভার প্রকাশ করল ডাক বিভাগ। দেশের মধ্যে বোলপুর-শান্তিনিকেতন থেকেই এই উদ্যোগ নিল জনসংযোগ মন্ত্রণালয়ের অধীনস্থ ভারতীয় ডাক বিভাগ। প্রাচীন কাল থেকে ভারতীয় উপমহাদেশে বসবাসকারী জনজাতি হল 'মাহালী'। পশ্চিমবঙ্গ সহ অসম, ঝাড়খণ্ড প্রভৃতি রাজ্যে বেশি বাস করে এই মাহালী জনজাতি। বাংলাদেশেও রয়েছে মাহালী জনজাতির মানুষজন। এই গোষ্ঠীর মানুষের মূল পেশা হল বাঁশ দিয়ে তৈরি নিত্যপ্রয়োজনীয় সামগ্রী উৎপাদন করা। পাশাপাশি বাঁশের শিল্পকর্ম প্রস্তুত করা। যেমন বাঁশের তৈরি কুলো, টুপি, ঝুড়ি, ফুলের সাজি, ডালা, ল্যাম্প সেট সহ বিভিন্ন ঘর সাজানোর কারুকার্য। মাহালী জনজাতির শিল্পকর্মকে মর্যাদা দিতে ও তাদের শিল্প সামগ্রী দেশ-বিদেশে প্রসার ঘটাতে উদ্যোগ নিল ভারতীয় ডাক বিভাগ। বোলপুর উচ্চ বিদ্যালয়ের গীতবিতান সভাগৃহে জনসংযোগ মন্ত্রণালয়ের অধীনস্থ ডাক বিভাগের একটি অনুষ্ঠানের মধ্য দিয়ে মাহালী জনজাতিকে সম্মান দিতে প্রকাশিত হল ডাক টিকিট সহ খামের কভার। এক মাহালী জনজাতির মহিলা শিল্পী ব্যস্ত বাঁশের সামগ্রী প্রস্তুতিতে এই রকম একটি ছবি সহ বাঁশের শিল্পসামগ্রীর ছবি দিয়ে প্রকাশিত হল কভারটি। এই কভার প্রকাশের জন্য দেশের মধ্যে বোলপুর পীঠস্থান হিসাবে বোলপুর-শান্তিনিকেতনকেই বেছে নিয়েছে ভারতীয় ডাক বিভাগ। উপস্থিত ছিলেন ডাক বিভাগের কলকাতা রিজিওনের পোস্ট মাস্টার জেনারেল সঞ্জীব রঞ্জন, ডিএসপি বিপাশা সিংহ ও গৌরব সিংহ। এছাড়াও ছিলেন মাহালী ওয়েলফেয়ার সোসাইটির সম্পাদক কালাচাঁদ মাহালী ও মাহালী জনজাতির শিল্পীরা। জানা গিয়েছে, বাঁশের তৈরি সামগ্রী দেশ-বিদেশে বিক্রির ব্যবস্থাও করবে ডাক বিভাগ। সেই টাকা ডাক বিভাগের মাধ্যমে পৌঁছে যাবে সংশ্লিষ্ট শিল্পীর একাউন্টে। ডাক বিভাগের এই স্বীকৃতিতে খুশি মাহালী শিল্পীরা। ডাক বিভাগের কলকাতা রিজিওনের পোস্ট মাস্টার জেনারেল সঞ্জীব রঞ্জন বলেন, মাহালী জনজাতির শিল্প সামগ্রীকে মর্যাদা দিতে ও দেশ-বিদেশে পৌঁছে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। তার জন্য একটা বিশেষ কভার বা আবরণ প্রকাশ করা হল। ডাক বিভাগই তাদের শিল্পসামগ্রী বিক্রি করবে। সেই টাকা তাদের হাতে তুলে দেওয়া হবে। শান্তিনিকেতন হল শিল্পের জায়গা, সম্মান জানাতে দেশের মধ্যে শিল্পের এই স্থানকে বেছে নেওয়া হল। মাহালী জনজাতির ওয়েলফেয়ার সোসাইটির সম্পাদক কালাচাঁদ মাহালী বলেন, আমরা খুবই খুশি। মাহালী জাতি নতুন করে একটা পরিচিতি পেল ভারতীয় ডাক বিভাগের মাধ্যমে। বাঁশ হল পচনশীল, দূষণ হয় না। তাই মাহালী জনজাতির তৈরি বাঁশশিল্পের চাহিদা বেশি। সেগুলো আরও প্রচার পাবে, এটাই খুশির বিষয়।

পূর্ব বর্ধমানে অস্বাভাবিক মৃত ৬

দুরন্ত বার্তা, বর্ধমান, ২২ জুলাই ঃ পৃথক কয়েকটি ঘটনায় পূর্ব বর্ধমানে অস্বাভাবিক মৃত্যু হ'ল ৬ জনের। প্রথম ঘটনায় সাপের ছোবলে মৃত্যু হল এক ব্যক্তির। মৃতের নাম সঞ্জিত কর্মকার (২৭)। তার বাড়ি জামালপুরের জৌগ্রামে। শুক্রবার রাস্তা দিয়ে হেঁটে যাওয়ার সময় তার বাম পায়ে সাপে ছোবল মারে। আহত অবস্থায় তাকে বর্ধমান মেডিক্যাল কলেজে ভর্তি করা হলে সেখানেই ওইদিন রাতে তিনি মারা যান। অন্যদিকে, বুধবার সাপের ছোবলে আক্রান্ত হন মমতা ঘোষ (৫৮) নামে এক প্রৌঢ়া। তার বাড়ি মেমারির মণ্ডলগ্রামে। তাকে বর্ধমান মেডিক্যাল কলেজে ভর্তি করা হলে সেখানেই শনিবার সকালে তিনি মারা যান। অন্য আরেকটি ঘটনায় পুকুরে ডুবে মৃত্যু হল এক শিশুর। মৃতের নাম প্রিয়াঙ্কা হাঁসদা (৯)। তার বাড়ি মেমারির নবস্তায়। শুক্রবার বাড়ির পাশে খেলা করার সময় সে পুকুরে নেমে যায় এবং তলিয়ে যায়। সঙ্গে সঙ্গে তাকে উদ্ধার করে বর্ধমান মেডিক্যালে নিয়ে আসা হলে সেখানেই তাকে মৃত ঘোষণা করা হয়। অপর একটি ঘটনায় অস্বাভাবিক মৃত্যু হল এক ব্যক্তির। মৃতের নাম তরুণ পোড়েল (৩৫)। তার বাড়ি রায়নার শ্যামসুন্দরে। মৃতের পরিবার জানাচ্ছে, মাসখানেক আগে তিনি বিষ খান। সেই সময় তাকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছিল। দিন কয়েক আগেই তিনি হাসপাতাল থেকে ছুটি পেয়ে বাড়ি ফেরেন। কিন্তু শুক্রবার সকালে ফের তিনি অসুস্থ হয়ে পড়ে তাকে বর্ধমান হাসপাতালে ভর্তি করা হলে সেখানেই ওইদিন দুপুরে তিনি মারা যান। মৃত্যুর সঠিক কারণ নিশ্চিত হতে দেহটি ময়নাতদন্তের জন্য পাঠান হয়েছে। আর একটি ঘটনায় টিউশন পড়তে গিয়ে শনিবার সকালে রাস্তায় পরে মৃত্যু হলো এক ১৬ বছরের নাবালকের। বাড়ি বর্ধমানের আউশগ্রাম থানার অন্তর্গত বননবগ্রাম এলাকায় বাসিন্দা। সকালে গুসকরা রেলগেট পার হতে গিয়েই হোঁচট খেয়ে পরে যায়। প্রথমে একবার পরে যায় তারপর আবার দ্বিতীয়বার হোঁচট খেয়ে পরে যায় সে। সেখান থেকে তড়িঘড়ি তার বন্ধুবান্ধবরা তাকে তুলে গুসকরা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা তাকে মৃত বলে ঘোষনা করে এদিন। মৃতদেহ শনিবার ময়নাতদন্ত হয় বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে। আর একটি ঘটনায় পুকুরে জলে ডুবে মৃত্যু হল এক বৃদ্ধার। ঘটনাটি ঘটেছে শনিবার সকালে মন্তেশ্বরের দেনুর গ্রামে। মৃতের নাম রাজশ্রী রায়, বয়স আনুমানিক ৭৫ বছর বয়সী বৃদ্ধা সকালে ঘুম থেকে উঠে পুকুরে ঘাটে মুখ - হাত ধুতে গিয়েছিলেন সেই সময় পুকুরে ঘাটে পড়ে গিয়ে জলে ডুবে যায়। পরিবারে পরিবারের সদস্যরা বাড়িতে দেখতে না পেয়ে এদিক সেদিক খোঁজাখুঁজি করে অবশেষে পুকুরের জলে নেমে খোঁজাখুজি করে পুকুরে জল থেকে উদ্ধার করে বৃদ্ধাকে। এরপর তারা তড়িঘড়ি মন্তেশ্বর ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসে, মন্তেশ্বর ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক মৃত বলে ঘোষনা করেন। মন্তেশ্বর থানার পুলিশ খবর পেয়ে মৃতদেহ থানায় নিয়ে যায়।

ভুয়ো পিআরটিসি, থানায় মামলা এনএসইউআই-র

আগরতলা, ২২ জুলাই ঃ ভুয়ো পিআরটিসি বানানোর অভিযোগে ১০ জনের বিরুদ্ধে পশ্চিম আগরতলা থানায় এনএসইউআই -র পক্ষ থেকে মামলা দায়ের করা হয়েছে। সংগঠনের দাবি, অনতিবিলম্বে অভিযুক্তদের গ্রেফতার করা হোক। এনএসইউআই প্রদেশ সভাপতি সম্রাট রায় বলেন, ত্রিপুরায় বিভিন্ন দপ্তরে নিয়োগের ক্ষেত্রে পিআরটিসি বাধ্যতামূলক করেছে রাজ্য সরকার। ফলে বহিঃরাজ্যের যুবকরা টাকার বিনিময়ে বাঁকা পথে পিআরটিসি বানিয়ে নিচ্ছেন। তাঁর অভিযোগ, উত্তরপ্রদেশ, বিহার ও বাংলাদেশ থেকে যুবকরা ত্রিপুরায় এসে ভুয়ো পিআরটিসি বানিয়ে নিচ্ছেন। তাই ভুয়ো পিআরটিসি বানানোর অভিযোগে ১০ জনের বিরুদ্ধেই আজ পশ্চিম আগরতলা থানায় এনএসইউআই-র পক্ষ থেকে মামলা দায়ের করা হয়েছে। তাদের দাবি, অনতিবিলম্বে অভিযুক্তদের গ্রেফতার করা হোক।

ওভারহেডের তার ছিঁড়ে বিপত্তি, বালি বেলুড়ের মাঝে থমকে ট্রেন চলাচল

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাই ঃ ফ্লাশ হয়ে ওভারহেডের তার ছিঁড়ে যাওয়ায় বালি এবং বেলুড় স্টেশনের মাঝে শনিবার বেশ কিছুক্ষণ দাঁড়িয়ে থাকে আপ ব্যান্ডেল লোকাল। এর জেরে বড়সড় দুর্ঘটনা না ঘটলেও অনেকক্ষণ ট্রেন চলাচল অবরুদ্ধ হয়ে পড়ে। পূর্ব রেল সূত্রে জানা গিয়েছে, এদিন বিকেল ৪ টে ২০ মিনিট নাগাদ বালি এবং বেলুড় স্টেশনের মাঝে এই অপারেটরে তারে ফ্লাশ হওয়ায় ওই লোকাল ট্রেনটি দাঁড়িয়ে পড়ে। পরবর্তীকালে রেলের আধিকারিকরা এবং ইঞ্জিনিয়াররা ঘটনাস্থলে এসে সেটি মেরামত করার পর প্রায় কুড়ি মিনিট পর ট্রেনটি আবার রওনা হয় ব্যান্ডেলের উদ্দেশ্যে। ওভারহেড তার ছিঁড়ে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। আর তাতেই ঘটে বিপত্তি। হাওড়ার মতো ব্যস্ত শাখায় ট্রেন চলাচল ব্যাহত হয়। এই লাইনে রাজ্যের মধ্যে সব থেকে বেশি সুপারফাস্ট ট্রেন যাতায়াত করে। শুধু তাই নয়, চেন্নাই বন্দে ভারত, রাজধানী, দুরন্ত, শতাব্দী এক্সপ্রেসের মতো ট্রেনও। তাই শনিবারের ঘটনাকে ঘিরে চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে রেলের অভ্যন্তরে। তদন্ত শুরু হয়েছে বলে জানানো হয়েছে পূর্ব রেলের তরফে। রেলের এক আধিকারিক এই বিষয়ে বলেছেন, 'বিকেল ৫ টার একটু আগে ট্রেন চলাচল আবার স্বাভাবিক হয়েছে। গোটা ঘটনার তদন্ত শুরু হয়েছে। কেন হঠাৎ এই অপারেটরে তারে ফ্লাশ হল তা এই মুহূর্তে বলা সম্ভব নয়। বিশেষ কিছু ক্ষয়ক্ষতি হয়নি এই কারণে'। তবে বারবার ওভারহেড তারে বিপত্তি হওয়ার কারণে রেলের বিরুদ্ধে গাফিলতির অভিযোগও উঠেছে। পূর্ব রেলের বিভিন্ন খাদ মাঝে মধ্যেই তার ছিঁড়ে যাওয়ার মতো ঘটনা ঘটছে।

বিশ্ব উষ্ণায়নের হাত থেকে রক্ষায় গাছ লাগানোর আহ্বান জানিয়ে পথ হাটলো দিব্যাঙ্গ ও হোম আবাসিকরা

দুরন্ত বার্তা, তমলুক, ২২ জুলাই ঃ বিশ্ব উষ্ণায়নের হাত থেকে রক্ষায় গাছ লাগানোর আহ্বান জানিয়ে পথ হাটলো দিব্যাঙ্গ ও হোম আবাসিকরা। বৃক্ষরোপণবার অরণ্য সপ্তাহ উপলক্ষ্যে এই গাছ লাগানোর আহ্বান জানিয়ে কয়েক হাজার চারাগাছ পথচারীদের মধ্যে বিতরণ করার পাশাপাশি বৃক্ষরোপণ করল তারা। নিমতৌড়ি তমলুক উন্নয়ন সমিতি ও হোম আবাসিকরা ও দিব্যঙ্গজনেরা অরণ্য সপ্তাহ পালনের শেষ দিনে সুপারি, আম, জাম, চন্দন, পেঁপে, মেহগনি, অশোক গাছ বিতরণ করেন। এদিনের এই বৃক্ষরোপণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক ও প্রতিষ্ঠানের সহ- সভাপতি অধ্যাপক ব্রহ্মময় নন্দ, সম্পাদক যোগেশ সামন্ত প্রমুখ। ব্রহ্মময়বাবু বললেন, গাছ আমাদের পরম বন্ধু। তাই সকলের উচিত সারা বছর যেখানে সুযোগ আছে সেখানে গাছ লাগানোর সাথে সাথে উপযুক্ত পরিচর্যা করে বড় করে তোলা। সাধারণ সম্পাদক যোগেশ সামন্ত বলেন, সৌন্দর্যায়নের পাশাপাশি পরিবেশের ভারসাম্য রক্ষায় আমাদের এই বৃক্ষরোপণ কর্মসূচি নেওয়া হয়েছিল। আর শুধু গাছ লাগানোই নয় উপযুক্ত পরিচর্যার মাধ্যমে প্রকৃতভাবেই আমরা সবুজায়ন ঘটাতে চাই। মূলতঃ তরুণ প্রজন্ম এবং সমাজের কাছে সবুজায়নের বার্তা তুলে ধরতেই দিব্যাঙ্গদের এই উদ্যোগ।

সেপটিক ট্যাঙ্কে মৃত ৩ নির্মাণ শ্রমিক

দুরন্ত বার্তা, সিউড়ি, ২২ জুলাই ঃ সেপটিক ট্যাঙ্কে নেমে মৃত্যু তিনজনের। শনিবার সন্ধ্যেয় মর্মান্তিক ঘটনাটি ঘটেছে বীরভূমের খয়রাশোলের হজরতপুরে। প্রথমে এক নির্মাণ শ্রমিক ট্যাঙ্কে নেমে নিখোঁজ হয়ে গিয়েছিলেন। তাঁকে খুঁজতে নেমে আরও দুজনে নিখোঁজ হয়ে যান। পরে তিনজনেরই দেহ উদ্ধার করা হয়। এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। জানা গিয়েছে, সনাতন ধীবরের সেপটিক ট্যাঙ্ক পরিস্কার করতে নেমে প্রথমে নিখোঁজ হন নির্মাণ শ্রমিক বীরবল বাদ্যকার (৪৫)। তাঁর খোঁজে নেমে একইভাবে নিখোঁজ হন সনাতন ধীবর (৪৮)। দুজনকে এভাবে নিখোঁজ হতে দেখে এরপর সেপটিক ট্যাঙ্কে নামেন ঘটনাস্থলে থাকা আরেক যুবক অমৃত ধাত্রী (৩২)। তারও একই হাল হয়। তিনজনই এলাকার বাসিন্দা। বেশ কিছুক্ষণ তিনজনকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। এলাকায় ভিড় জমে যায়। তারা তিন যুবককে উদ্ধারের চেষ্টা করে। কিন্তু কোনও লাভ হয়। খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুলিশ। সিউড়ি থেকে দমকল বাহিনী আসে ঘটনাস্থলে। এরপর পুলিশ জানায়, তিনজনেরই দেহ উদ্ধার করা গিয়েছে। এই ঘটনায় এলাকায় শোকের ছায়া।

'যোগ ও স্বাস্থ্যশিক্ষা' শীর্ষক চার দিবসীয় সেমিনার তথা কর্মশালা সম্পন্ন করিমগঞ্জ ডায়েট-এ

অসম, ২২ জুলাই ঃ জেলা শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান সংক্ষেপে ডায়েট করিমগঞ্জ-এর উদ্যোগে বিএড দ্বিতীয় ষাণ্মাসিক প্রশিক্ষার্থীদের নিয়ে আয়োজিত চার দিবসীয় 'যোগাসন ও স্বাস্থ্যশিক্ষা' শীর্ষক এক সেমিনার তথা কর্মশালা সম্পন্ন হয়েছে। আজ শনিবার ডায়েট করিমগঞ্জ-এর পক্ষ থেকে এক প্রেস বিবৃতিতে জানানো হয়েছে, গত সোমবার অধ্যক্ষ মন্তুল চৌধুরীর বক্তব্যর মধ্য দিয়ে সেমিনার তথা কর্মশালার উদ্বোধন হয়েছিল। তাঁর পৌরোহিত্যে অনুষ্ঠিত সেমিনারে মেন্টর ছিলেন ডায়েট করিমগঞ্জ- এর জ্যেষ্ঠ প্রভাষিকা মিষ্টু ভট্টাচার্য, মুখ্য প্রশিক্ষক ছিলেন যোগ শিক্ষায় স্বর্ণপদকপ্রাপ্ত তথা আন্তর্জাতিক বিচারক ড. বিনয় ভট্টাচার্য, সহযোগিতায় ছিলেন ডায়েট-এর প্রবক্তা ড. নিবেদিতা দাস সহ অন্যরা। মুখ্য আলোচক, মেন্টর তথা জ্যেষ্ঠ প্রভাষিকা মিষ্টু ভট্টাচার্য বলেন, যোগব্যায়াম এমন একটি অনুশীলন যা শরীর, শ্বাস এবং মনকে সংযুক্ত করে। আধুনিক জীবনযাত্রায় যোগের গুরুত্ব অপরিসীম। অনিয়ন্ত্রিত এবং ব্যস্ত আধুনিক জীবনপদ্ধতি গ্রহণের ফলে আজকের মানুষ অনিচ্ছাকৃতভাবে নানা বিষয়ে চাপ যেমন মানসিক চাপ, অস্থিরতা, বিশৃঙ্খলা, রোগাক্রান্ত, অনিদ্রা, হতাশা, ব্যর্থতা ইত্যাদির মধ্য দিয়ে বেদনাদায়ক পরিস্থিতিতে জীবনযাপন করে। এ সব ব্যাধির মোকাবিলায় আমাদের পৌরাণিক যোগব্যায়াম একমাত্র প্রতিষেধক হতে পারে। মুখ্য প্রশিক্ষক ড. বিনয় ভট্টাচার্য বলেন, 'স্বাস্থ্যই সকল সুখের মূল'। দৈনন্দিন জীবনকে সুন্দর করতে হলে আমাদের নানা রকমের পরিস্থিতির মধ্য দিয়ে যেতে হয়। ব্যক্তিগত এবং উপযুক্ত স্বাস্থ্যশিক্ষাই পারে আমাদের অনেক স্বাস্থ্যঝুঁকি থেকে রক্ষা করতে। স্বাস্থ্যশিক্ষা অর্জন করলে আমরা নিজেদের নানা রকমের রোগ কিংবা অসুস্থতা থেকে দূরে সরিয়ে রাখতে পারি। স্বাস্থ্যশিক্ষার লক্ষ্য হলো একজন মানুষের জীবনযাত্রার মানের উন্নতি ঘটিয়ে তাকে এমন এক পর্যায়ে নিয়ে যাওয়া যাতে সে সুস্থভাবে বাঁচতে পারে।

মুম্বইয়ে স্বামীকে হোয়াটসঅ্যাপে স্ত্রীর 'অশালীন' ছবি, বনগাঁয় ধৃত যুবক

দুরন্ত বার্তা, বনগাঁ, ২২ জুলাই ঃ মুম্বইয়ে দোকানে বসেছিলেন স্বামী। এমন সময়ই স্বামীর ফোনে টুংটাং নোটিফিকেশনের আওয়াজ। হোয়াটসঅ্যাপে 'মেসেজ' ঢুকল স্বামীর ফোনে। সেই 'মেসেজ' খুলতেই চক্ষু চড়কগাছ স্বামীর! হোয়াটসঅ্যাপে এসেছে স্ত্রীর আপত্তিকর 'অশালীন' ছবি! শুধু তাই নয়, টাকা না দিলে স্ত্রীর সেই আপত্তিকর ছবি ছড়িয়ে দেওয়া হবে বলে হুমকিও দেওয়া হয়েছিল হোয়াটসঅ্যাপ মেসেজে। এই ঘটনায় উত্তর ২৪ পরগনার বনগাঁ থেকে এক যুবককে গ্রেফতার করেছে মুম্বই পুলিশ। ধৃতের নাম আবদুল রহমান হাসনুর মণ্ডল। অভিযোগ, ৩১ বছরের হাসনুর প্রথমে স্ত্রীর ছবি বিকৃত করে। তারপর সেই বিকৃত আপত্তিকর অশালীন ছবি স্বামীকে হোয়াটসঅ্যাপে পাঠায় সে। স্বামীকে স্ত্রীর বিকৃত ছবি পাঠিয়ে টাকা দাবি করে অভিযুক্ত। ঘটনাটি ১২ মে-র। মুম্বইয়ের কালবাদেবী এলাকায় একটি দোকানের মালিক স্বামী। তাঁকে স্ত্রীর বিকৃত ছবি পাঠিয়ে ১৪০০০ টাকা দাবি করে অভিযুক্ত। হুমকি দেয়, টাকা না দিলে ওই বিকৃত ছবি ছড়িয়ে দেওয়ার হবে। এমনকি কয়েকজন আত্মীয়ের কাছে পাঠিয়েও দেয় সেই ছবি। এরপরই এই ঘটনায় পুলিশে অভিযোগ দায়ের করে অভিযুক্ত। অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে মুম্বইয়ের এলটি মার্গ থানার পুলিশ। তদন্তে নেমে ফোন নাম্বার ট্র্যাক করে পশ্চিমবঙ্গে খোঁজ মেলে অভিযুক্তের। তারপরই শুক্রবার উত্তর ২৪ পরগনার বনগাঁর ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে অভিযুক্ত আবদুল রহমান হাসনুর মণ্ডলকে গ্রেফতার করে মুম্বইয়ের এলটি মার্গ থানার পুলিস।

বদরপুরে দেড় কোটি টাকার বার্মিজ সুপারি বাজেয়াপ্ত, গ্রেফতার এক

অসম, ২২ জুলাই ঃ বরাক উপত্যকায় বার্মিজ সুপারির রমরমা বাণিজ্য অব্যাহত রয়েছে। এবার বিএসএফ ও পুলিশের যৌথ অভিযানে বাজেয়াপ্ত হয়েছে প্রায় দেড় কোটি টাকার বার্মিজ সুপারি। এর সঙ্গে গ্রেফতার করা হয়েছে এক ব্যক্তিকে। জানা গেছে, গোপন সূত্রে প্রাপ্ত এক খবরের ভিত্তিতে আজ শনিবার অভিযান চালান ১৭০ ব্যাটালিয়নের বিএসএফ ও বদরপুর থানার পুলিশ। হাইলাকান্দি জেলার মিজোরাম সীমান্তবর্তী কাটলিছড়া হয়ে পাচারের পথে করিমগঞ্জ জেলার বদরপুরঘাটে আটক করা হয় এনএল ০১ এডি ৮৯৮৮ নম্বরের বার্মিজ সুপারি বোঝাই একটি ১৪ চাকার লরি। লরি থেকে অভিযানকারী দল উদ্ধার করে ৩৩৫ বস্তায় ১৭ টন বার্মিজ সুপারি। উদ্ধারকৃত বার্মিজ সুপারিগুলির বাজারমূল্য কমপক্ষে দেড় কোটি টাকা হবে বলে বিএসএফ-সূত্র জানিয়েছে। অবৈধভাবে বার্মিজ সুপারি পাচারের অভিযোগে গ্রেফতার করা হয়েছে লরির সহ-চালককে। বদরপুরঘাট এলাকায় যৌথবাহিনী লরিটির গতিরোধ করলেও চালক নিমিষে লরি থেকে পালিয়ে গা ঢাকা দিতে সক্ষম হয়। তবে কালাইন সুন্দরা আলা বাসিন্দা আলা উদ্দিনের ছেলে তথা লরির সহ-চালক সমর উদ্দিন -কে গ্রেফতার করা হয়েছে।

জনজীবন বিপর্যস্ত মুম্বইয়ে, কমলা সতর্কতা জারি

মুম্বই, ২২ জুলাই ঃ মহারাষ্ট্রের বিভিন্ন জেলায় ফের ভারী বৃষ্টির সতর্কতা জারি করল ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি)। ভারী থেকে অতিভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে মহারাষ্ট্রের পালঘর জেলায়। এছাড়াও থানে, রায়গড়, সিন্ধুদুর্গ ও রত্নাগিরি জেলায় ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। আইএমডি-র পূর্বাভাস মত মুম্বইয়েও বৃষ্টিতে বিপর্যস্ত অবস্থা মুম্বইয়ে, সেখানে বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত। শনিবারও ভারী বৃষ্টিতে মুম্বইয়ের স্বাভাবিক জনজীবন স্তব্ধ হয়ে পড়ে। একটানা বৃষ্টির জেরে মুম্বইয়ের রাস্তায় জল জমে যায়। ফলে শ্লথ গতিতে চলাচল করে যানবাহন। মুম্বইয়ের চেম্বুর এলাকা এদিনও ছিল একেবারে জলের তলায়। রাস্তায় হাঁটু পর্যন্ত জল জমে যায়।

আগস্টে নতুন ক্যাপ্টেন পাবে টিম ইন্ডিয়া! শীঘ্রই হবে ঘোষণা

মুম্বই, ২২ জুলাইঃ বর্তমানে ভারতীয় টিম ওয়েস্ট ইন্ডিজে ২ ম্যাচের টেস্ট সিরিজে ব্যস্ত। এর পর দ্বীপরাষ্ট্রে ৩টি ওডিআই এবং ৫টি টি-২০ ম্যাচে ভারতের খেলার কথা। ১৩ অগস্ট শেষ হবে ভারত-ওয়েস্ট ইন্ডিজ সিরিজ। ক্যারিবিয়ান সফর শেষ হতেই ভারতের ক্রিকেটারদের আয়ার্ল্যান্ডে যাওয়ার সময় হয়ে যাবে। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে সফর শেষ হওয়ার ৪ দিন পর ভারতের আয়ার্ল্যান্ডের বিরুদ্ধে প্রথম টি-২০ ম্যাচ। এতদিন শোনা যাচ্ছিল আসন্ন আয়ার্ল্যান্ড সিরিজে ভারতের নেতা হিসেবে দেখা যাবে হার্দিক পান্ডিয়াকে। কিন্তু সূত্রের খবর, ওয়ার্কলোড ম্যানেজ করার পালন করেছেন। এ বার সবকিছু ঠিক ঠাক থাকলে অগস্টে মুম্বইকর সূর্যকুমার যাদবকে ভারতের অধিনায়ক হিসেবে দেখা যাবে। সংবাদসংস্থা পিটিআইয়ের রিপোর্ট অনুসারে হার্দিক পান্ডিয়া এবং শুভমন গিলকে এ বারের আয়ার্ল্যান্ড সফরের সময় বিশ্রাম দেওয়া হতে পারে। বিসিসিআইয়ের এক সূত্র সংবাদসংস্থা পিটিআইকে জানিয়েছে, এখনও কোনও চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়নি। ওয়েস্ট ইন্ডিজে ওডিআই এবং টি-টোয়েন্টি সিরিজের পর হার্দিকের পরিস্থিতি দেখে সেই অনুযায়ী সিদ্ধান্ত নেওয়া হবে। এ বছরই ঘরের মাঠে ওডিআই বিশ্বকাপ। সেখানে রোহিত

শর্মার ডেপুটি থাকবেন হার্দিক পান্ডিয়া। তাই তাঁর ওয়ার্কলোডের দিকটি নজরে রাখছে বিসিসিআই। জন্য আয়ার্ল্যান্ড সফরের সময় বিশ্রাম দেওয়া হতে পারে হার্দিক পান্ডিয়াকে। তা হলে আইরিশদের বিরুদ্ধে টিম ইন্ডিয়াকে নেতৃত্ব দেবেন কে? সূত্রের খবর, অগস্টে নতুন নেতা পেতে চলেছে ভারতীয় দল। সূত্রের খবর আগস্টে যে আয়ার্ল্যান্ড সফরে যাবে ভারতীয় দল, সেই টিমকে নেতৃত্ব দেবেন আইসিসির টি-২০ র‍্যাঙ্কিংয়ে শীর্ষে থাকা তারকা ব্যাটার সূর্যকুমার যাদব। ভারতের হয়ে তিনি ইতিমধ্যেই সহ-অধিনায়কের দায়িত্ব

এ বারের আয়ার্ল্যান্ড সিরিজে তিন ম্যাচের টি-২০ সিরিজ খেলবে ভারত। আর এই আইরিশ সফরকে অনেকেই ভারতীয় ক্রিকেটারদের জন্য এশিয়ান গেমসের প্রস্তুতির মঞ্চ হিসেবে দেখছেন। কারণ, সেপ্টেম্বরে চিনের হাংঝাওতে হবে এ বারের এশিয়ান গেমস। আর তাতে প্রথম বার অংশ নিতে চলেছে ভারত।

দুর্দান্ত গোলে মায়ামিকে জিতিয়ে অভিষেক রাঙালেন মেসি

ফ্লোরিডা, ২২ জুলাইঃ ম্যাচের ৯৪ মিনিট। সবাই তখন প্রস্তুতি নিচ্ছিলেন মাঠ ছাড়ার। গোল না পেলেও যুক্তরাষ্ট্রের ফুটবলে মেসির অভিষেক দেখার স্বাদ তো মিটেছে। কিন্তু তিনি যে মেসি! এত আয়োজনের যোগ্য উপহার দেবেন না, তা কি হয় নাকি! তাই হয়তো জাদু জমিয়ে রেখেছিলেন শেষ মুহূর্তের জন্য। মেসি জ্বললেন, গোল করলেন ট্রেডমার্ক ফ্রি-কিকে। আর লিগস কাপে ক্রুজ আজুলের বিপক্ষে ইন্টার মায়ামিও পেল ২-১ গোলের দুর্দান্ত এক জয়। অভিষেকেই মেসি বুঝিয়ে দিলেন, কেন তিনি সেরাদের সেরা। লিওনেল মেসিকে বেঞ্চে রেখে শুরুর সম্ভাবনার কথা আগেই বলেছিলেন ইন্টার মায়ামি কোচ জেরার্দো টাটা মার্তিনো। গ্যালারি ভর্তি দর্শকদের অপেক্ষায় রেখে হলোও তাই। প্রথমার্ধের পুরোটা সময় বেঞ্চে বসেই কাটান মেসি। ৪৪ মিনিটে দলের প্রথম গোলের পর সেখানে বসেই করেছেন উদযাপন। বিরতির পর সবার চোখ মাঠের চেয়ে বেশি ছিল সাইড লাইনের দিকে। 'মেসি, মেসি' রবটা যেন তখন আরও বাড়ছিল। সবার অপেক্ষা, কখন নামবেন আর্জেন্টাইন জাদুকর। একটু পর মেসিকে দেখা গেল গা গরম করতে। অবশেষে মেসিকে যুক্তরাষ্ট্রের সবুজ গালিচায় খেলতে দেখার অপেক্ষা ফুরাল ম্যাচের ৫৪ মিনিটে। মাঠে নামেন মেসি। এ সময় তাঁর সঙ্গী হন সের্হিও বুসকেতসও। মেসি নামার পর ৬৫ মিনিটে লিড হারায় ইন্টার মায়ামি। গোল করে মেক্সিকান ক্লাব ক্রুজ আজুলকে সমতায় ফেরান ইউরিয়েল আনতুনা। মাঠে নেমেই নিজের ছাপ রাখতে শুরু করেন আর্জেন্টাইন মহাতারকা। দুর্দান্ত রক্ষণচেরা পাস, বল নিয়ে চিরচেনা দৌড় এবং ড্রিবলিংয়ের জাদুতে মোহিত করেছেন সবাইকে। কয়েকবার বল নিয়ে প্রতিপক্ষ রক্ষণের আশেপাশে বেশ হুমকিও তৈরি করেছিলেন। পাশাপাশি শুরুর দিকে দলের সঙ্গে পুরোপুরি মানিয়ে নিতে না পারার ছাপও ছিল স্পষ্ট। দলের হয়ে প্রথম ম্যাচে যা অবশ্য স্বাভাবিকই ছিল। মেসিকে একাদশে না রাখলেও ডিআরবি পিএনকে স্টেডিয়াম ছিল মেসিময়। এদিন মেসির অভিষেকের উত্তাপ আরও বাড়িয়েছেন গ্যালারিতে উপস্থিত তারকারা। ইন্টার মায়ামির অন্যতম মালিক ডেভিড বেকহাম তো ছিলেনই, এ ছাড়া অন্যদের মধ্যে মেসির প্রাক্তন সতীর্থ সের্হিও আগুয়েরো, বাস্কেটবল মহাতারকা লেব্রন জেমস, টেনিস কিংবদন্তি সেরেনা উইলিয়ামস এবং মডেল কিম কারদাশিয়ানকেও দেখা গেছে দর্শক সারিতে। মেসিকে পেয়ে নতুন উদ্যমে জেগে ওঠার ছাপ

স্পষ্ট ছিল ইন্টার মায়ামির খেলাতেও। শুরু থেকেই ক্রুজ আজুলের সঙ্গে রীতিমতো পাল্লা দিয়ে খেলেছে তারা। ইন্টার মায়ামির খেলা দেখে মনেই হচ্ছিল না, এই দলটি মে মাসের ১৪ তারিখের পর আর কোনো জয় পায়নি। ইতিবাচক ফুটবলের ফল পেতে ইন্টার মায়ামিকে অবশ্য অপেক্ষা করতে হয়েছে ম্যাচের ৪৪ মিনিট পর্যন্ত। বিরতিতে যাওয়ার আগে মুহূর্তে গোল করে দলকে এগিয়ে দেন রবার্তো টেলর। যদিও শেষ পর্যন্ত সেই লিড ৬৫ মিনিটে হারিয়ে ফেলে তারা। এরপর মেসি দলকে নিয়ে বেশ চেষ্টা করছিলেন গোল আদায়ের। একাধিকবার সম্ভাবনাও জাগিয়ে তুলেছিলেন। কিন্তু ক্রুজ আজুলের রক্ষণ দেয়াল টপকে শেষ পর্যন্ত সেই কাঙ্ক্ষিত গোলটি আর পাওয়া হচ্ছিল না তাদের। ৮৭ মিনিটে একবার অবশ্য সতীর্থকে পাস দিয়ে গোলও করিয়েছিলেন মেসি। যদিও শেষ পর্যন্ত সেই গোলটি বাতিল হয়েছে অফসাইডের ফাঁদে পড়ে। এরপর ৯০ মিনিটে আরও একবার বল নিয়ে ঢুকে পড়েছিলেন প্রতিপক্ষের ডি-বক্সে। কিন্তু এবার মেসিকে আটকে দেন প্রতিপক্ষ গোলরক্ষক। আর অন্তিম মুহূর্তে ফ্রি-কিকেই জাদু দেখালেন মেসি। ধারাভাষ্যকার তখন গলা ফাটাচ্ছেন 'মে...সি...ই...ই...' বলে। ঠাসা গ্যালারির গগণবিদারী চিৎকারে প্রকম্পিত চারপাশ। গ্যালারিতে থাকা তারকারা সবাই মেতে ওঠেন উল্লাসে। মেসি তো তখন হারিয়ে গেছেন সতীর্থদের আলিঙ্গনে। ইন্টার মায়ামি পেল দারুণ এক জয়। দুর্দান্ত এ জয়ের পর নিজের অনুভূতি প্রকাশ করতে গিয়ে মেসি বলেছেন, 'আমাদের জন্য খুব ভালো একটি ম্যাচ। এখানে উপস্থিত দর্শকদের জন্য আমরা জয় দিয়ে শুরু করতে চেয়েছিলাম। যাঁরা এখানে এসেছেন, সবাইকে অনেক ধন্যবাদ। আমরা জানতাম, এই প্রতিযোগিতার শুরুতে জয় পাওয়াটা গুরুত্বপূর্ণ ছিল। আমি অনেক আনন্দিত।' বিপর্যস্ত অবস্থায় থাকা ইন্টার মায়ামিকে এই জয় নতুন করে আত্মবিশ্বাসী করে তুলবে জানিয়ে মেসি বলেছেন, 'গোল করার জন্য আমি শেষ একটি সুযোগ পেয়েছিলাম। সব সময়ের মতো আমি এবারও চেষ্টা করেছিলাম গোল করার। সৌভাগ্যবশত আমি তা পেরেছি। গোলরক্ষক সময়মতো জায়গায় পৌঁছাতে পারেনি এবং বল জালে জড়ায়। লিগে যেভাবে আমরা এগিয়েছি, সেই পরিপ্রেক্ষিতে এই জয় অনেক আনন্দের। এটি ভিন্ন চ্যাম্পিয়নশিপ হলেও এই জয় গুরুত্বপূর্ণ। আত্মবিশ্বাসের দিক থেকেও এটি পাওয়া জরুরি ছিল।' দুর্দান্ত অভিষেকে মেসিকে সমানে উৎসাহ দিয়ে গেছেন ইন্টার মায়ামির সমর্থকেরা। এমন উৎসাহ সব সময় অব্যাহত রাখার আহ্বান জানিয়েছেন মেসি, 'আমি এখানে এসে খুবই আনন্দিত। আমাকে আনুষ্ঠানিকভাবে পরিচয় করিয়ে দেওয়ার দিনও আমি বলেছি, এ জায়গা পরিবারকে সঙ্গে নিয়ে আমি নিজেই বেছে নিয়েছি। এটাকে বেছে নিতে পেরে আমি দারুণ আনন্দিত। এখানকার মানুষকে আবারও ধন্যবাদ, যাঁরা একইভাবে উৎসাহ দিয়ে গেছেন। আমরা চাই, সারা বছর তাঁরা আমাদের সঙ্গ দেবেন। এটা আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ।' লম্বা সময় পর দলের এই জয় মেসি উৎসর্গ করেছেন চোটাক্রান্ত সতীর্থ ইয়ান ফ্রাইকে। সতীর্থের দ্রুত আরোগ্য কামনা করে মেসি বলেছেন, 'সবশেষে আমি জয়টি ইয়ানকে উৎসর্গ করতে চাই। চোটের কারণে সে এখানে লকার রুমে বেশ ভুগছে। আজ দুর্ভাগ্যবশত সে মারাত্মক চোটে পড়েছে। সে এখনো তরুণ, নিশ্চিতভাবেই সে ভালোভাবে ফিরে আসবে। আশা করি, সে শিগগিরই আমাদের সঙ্গে যোগ দেবে।'

ভারত-বাংলাদেশ রুদ্ধশ্বাস ম্যাচ ও সিরিজ টাই

ঢাকা, ২২ জুলাইঃ বিরতি অনেক সময়ই অস্বস্তি তৈরি করে। যেমন ভারতের জন্য করল। বাংলাদেশ সফরে টি-টোয়েন্টি সিরিজে জিতেছিল ভারতীয় মহিলা দল। ওয়ান ডে সিরিজে পিছিয়ে থেকে ঘুরে দাঁড়িয়েছিল ভারত। তবে ঘুরে দাঁড়াতে কঠিন পরিস্থিতিতে পড়তে হয়েছে। হার দিয়ে সিরিজ শুরুর পর দ্বিতীয় ম্যাচে ঘুরে দাঁড়ায় ভারত। এ দিন নির্ণায়ক ম্যাচে বৃষ্টি বিরতির আগে দারুণ জায়গায় ছিল। মনে হয়েছিল খুব সহজেই জিতবে ভারত। কিন্তু বিরতির পর চাপের পরিস্থিতি তৈরি হয়। শেষ অবধি ২২৫ রানেই অলআউট ভারত। উচ্ছ্বাসে ভাসতে থাকে বাংলাদেশ শিবির। তৈরি হয় কনফিউশন। শেষ অবধি জানানো হয়, ম্যাচ অমীমাংসিতই। সিরিজে যুগ্মবিজয়ী ভারত ও বাংলাদেশ। টস জিতে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নিয়েছিলেন বাংলাদেশ অধিনায়ক নিগার সুলতানা জ্যোতি। ওপেনিং জুটির দারুণ শুরু। ৯৩ রানে শামিমা সুলতানার উইকেটে জুটি ভাঙে। ৫২ রানে ফেরেন তিনি। কিন্তু বাংলাদেশ ক্রিকেটে ইতিহাস গড়েন ফরজানা হক পিঙ্কি। মেয়েদের ওডিআইতে বাংলাদেশের প্রথম ব্যাটার হিসেবে

সেঞ্চুরি করেন ফরজানা। শামিমার হাফসেঞ্চুরি, ফরজানার হাফসেঞ্চুরি এবং নিগার ও শোভানার ২৪ ও ২৩ রান। নির্ধারিত ৫০ ওভারে ৪ উইকেটে ২২৫ রান করে বাংলাদেশ। রান তাড়ায় ভারতের শুরুটা ভালো হয়নি। ওপেনিং জুটিতে পরিবর্তন করা হয়। স্মৃতির সঙ্গে ওপেনিংয়ে শেফালি ভার্মা। তিনি অবশ্য রান পাননি। তিনে নামা যস্তিকা ভাটিয়াও দ্রুত ফেরেন। ব্যক্তিগত ১ রানে স্মৃতি মান্ধানার ক্যাচ পড়ে। হাইভোল্টেজ ম্যাচে স্মৃতির মতো বড় প্লেয়ারের ক্যাচ ফেলা কত গুরুত্বপূর্ণ হতে পারে, দেখিয়ে দিলেন স্মৃতি। হরলীনের সঙ্গে তাঁর জুটি ভারতকে ম্যাচে ফেরায়। স্মৃতি ৫৯ রানে ফিরলেও চাপে দেখায়নি ভারতকে। এমন ম্যাচ আন্তর্জাতিক ক্রিকেটে শেষ কবে দেখা গিয়েছিল! মনে করা কঠিন। হয়তো পুরুষদের গত বিশ্বকাপ ফাইনালকে এর সঙ্গে তুলনা করা যায়। আবার ২০১৭ মেয়েদের ওডিআই বিশ্বকাপ ফাইনালর কথাও বলা যায়। লর্ডসে ইংল্যান্ডের বিরুদ্ধে জেতার মতো পরিস্থিতি থেকে মাত্র ৯ রানে হেরেছিল ভারত। ২৮ রানে শেষ সাত উইকেট হারিয়েছিল ভারত। বাংলাদেশের বিরুদ্ধে ১৯০-৪ থেকে ২২৫ রানে অলআউট ভারত।

বিরাটকে দেখে কেঁদে ফেললেন ক্যারিবিয়ান ক্রিকেটারের মা!

ত্রিনিদাদ, ২২ জুলাইঃ বিরাট কোহলির ভক্তরা শুধু ভারতেই নেই, ছড়িয়ে রয়েছে সারা বিশ্বে। প্রতিপক্ষ দলের ক্রিকেটার থেকে শুরু করে সেই ক্রিকেটারের মা-ও যে কোহলির এত বড় ভক্ত, তা এ বার জানা গেল। বর্তমানে ক্যারিবিয়ান সফরে ব্যস্ত কোহলি। ত্রিনিদাদে তিনি ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে কেরিয়ারের ৫০০তম আন্তর্জাতিক ম্যাচে খেললেন। এবং তাতে সেঞ্চুরিও করেছেন কোহলি। বিরাটের একাধিক ভক্তদের মতো সেই সেঞ্চুরি দেখতে চেয়েছিলেন ক্যারিবিয়ান উইকেটকিপার-ব্যাটার জসুয়া দ্য সিলভার মা। দ্বিতীয় টেস্টের দ্বিতীয় দিনের শেষে জসুয়ার মা কোহলির সঙ্গে দেখা করার সুযোগ পান। দ্বিতীয় টেস্টের দ্বিতীয় দিন বিরাটের ব্যাটে সেঞ্চুরি আসে। যা দেখে স্বাভাবিকভাবেই আপ্লুত হন জসুয়ার মা। তাই দ্বিতীয় দিনের খেলার শেষে বিরাট কোহলির সঙ্গে তাঁর দেখা হওয়ায় সময় জসুয়ার মা তাঁকে জড়িয়ে ধরেন। তাঁরপর ছেলের মতোই বিরাট কোহলির গালে চুমু দিতে দেখা যায় জসুয়ার মাকে। হাসতে হাসতে একটু কথাও বলেন কোহলি ও জসুয়ার মা। এরপর জসুয়া তাঁর মায়ের সঙ্গে বিরাটের ছবি তুলে দেন। বিরাটের সঙ্গে দেখা করতে পেরে আবেগপ্রবণ হয়ে পড়েন জসুয়ার মা। তাঁর চোখের কোণে জল চিকচিক করছিল।

'শুভমনের পাশে থাকুন' দীনেশ কার্তিক

নয়াদিল্লি, ২২ জুলাইঃ ভারতীয় ক্রিকেটের ভবিষ্যৎ বলা হচ্ছিল তাঁকে। ওই তরুণ তুর্কি নিজের পারফরম্যান্সেই তা প্রমাণও করছিলেন। কিন্তু হঠাৎ করেই ফের অফ ফর্মে শুভমন গিল। দেশের মাটিতে অসাধারণ ব্যাটিং করা গিল কেন এশিয়ার বাইরে জাদু দেখাতে পারছেন না? প্রশ্ন উঠতে শুরু করে দিয়েছে। চলতি বছরে জাতীয় দলের হয়ে তিন ফর্ম্যাটে সেঞ্চুরি করেছেন গিল। কিন্তু ভারতের চলতি ওয়েস্ট ইন্ডিজ সফরে দুই টেস্টেই ব্যাট হাতে ব্যর্থ হয়েছেন গিল। যার জন্য সমালোচিত হচ্ছেন বছর তেইশের শুভমন। এই পরিস্থিতিতে ভারতের সিনিয়র উইকেটকিপার-ব্যাটার দীনেশ কার্তিক সকলকে শুভমনের পাশে থাকতে বলেছেন। সম্প্রতি এক ক্রীড়া ওয়েবসাইটকে দীনেশ কার্তিক বলেছেন, তিনি মনে করেন শুভমন গিল ক্রিকেটে বেশ ছাপ রাখতে চলেছে। এই নিয়ে তিনি বলেন, ''আমি নিশ্চিত শুভমন গিলের ভবিষ্যৎ উজ্জ্বল। সেরা ক্রিকেটারদের একজন হয়ে উঠবে ও। ওর পাশে থাকুন। ধৈর্য রাখুন।'' ডিকে আরও জানান, তিনি আইপিএলে কেকেআরে খেলার সময় শুভমনকে দেখেছিলেন। তিনি তখন যেমন ছিলেন, এখন আর তেমন নেই। কার্তিকের কথায় শুভমনের অনেক পরিবর্তন হয়েছে। কথায় বলে 'সবুরে মেওয়া ফলে' সে কথাই উল্লেখ করে কার্তিক

বলেন, ''শুভমনকে সময় দিন। ওর কৌশলগত পরিবর্তন বা মানসিক প্রস্তুতির আলাদা করে প্রয়োজন নেই। শুভমন ছাপ ফেলবেই।'' চলতি ক্যারিবিয়াব সফরে দুই টেস্টে এখনও অবধি ১৬ রান করেছেন শুভমন গিল। এতে খুব চিন্তার কিছু মনে করছেন না কার্তিক। তিনি বলেন, 'ওয়েস্ট ইন্ডিজে মাত্র ২টো টেস্ট হয়েছে। যেখানে অন্যরা রান করেছে আর ও রান পায়নি। এমনটা হতেই পারে। ওয়েস্ট ইন্ডিজের মতো জায়গায় অনেকে বড় রান করে। আবার অনেকে রান পায় না। ও কিন্তু বড় ম্যাচের প্লেয়ার। আমি মনে করি ওর হাতে এখনও অনেক সময় রয়েছে। আমি বিশ্বাস করি ও এক সেরা ক্রিকেটার হয়ে উঠবে।''

কামিন্সকে আটকাতে জোড়া ফলা ইস্টবেঙ্গলের, স্পেন, অস্ট্রেলিয়া থেকে আসছেন দুই বিদেশি

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুলাইঃ অস্ট্রেলিয়ার বিশ্বকাপার জেসন কামিন্স 'এ' লিগ কাঁপিয়ে এবার মোহনবাগানে ফুল ফোটাতে এসেছেন। শুক্রবার মাঝরাতে শহরে চলে এসেছেন তিনি। আর চির প্রতিদ্বন্দ্বী ক্লাবের তারকাকে আটকানোর কৌশল ছকতেই পাল্টা দাওয়াই তৈরি করছে ইস্টবেঙ্গলও। লাল-হলুদের রক্ষণ সামলাতে পারেন এবার স্পেন এবং অস্ট্রেলিয়ার দুই তারকা ডিফেন্ডার। স্পেনের জোস আন্তোনিয়ো পারদো লুকাস এবং অস্ট্রেলিয়ার জর্ডন এলসের সঙ্গে কথাবার্তা কার্যত চূড়ান্ত। কোচ কার্লেস কুয়াদ্রাতের পরামর্শেই এই দুই ফুটবলারকে নিতে চলেছে ইস্টবেঙ্গল। সব ঠিকঠাক থাকলে ইস্টবেঙ্গলের জার্সিতে এই দুই তারকা ফুটবলারকে খেলতে দেখা যাবে। এদিকে বিদায় নিশ্চিত হয়ে গেল ইভান গঞ্জালেসের। চুক্তি শেষ হওয়ার আগে ইভানকে ছাড়ায় তাঁকে বড় অঙ্কের ক্ষতি পূরণ দিতে হবে ইস্টবেঙ্গলকে। শোনা যাচ্ছে, ক্ষতিপূরণ দিতে রাজি হয়েছে বিনিয়োগকারী ইমামি কর্তৃপক্ষ। ৩৫ বছরের পারদোকে মূলত গঞ্জালেসের পরিবর্ত হিসেবেই নেওয়া হচ্ছে। তাঁর উত্থান ভিয়ারিয়েল এবং ভ্যালেন্সিয়ার যুব দল থেকে। গত মরশুমে তিনি খেলেছেন এলদেনসেতের হয়ে। এই ক্লাবকে তিনি তৃতীয় ডিভিশন থেকে দ্বিতীয় ডিভিশনে তুলে এনেছেন।

মহিলা ফুটবলারদের মধ্যে বেতনে শীর্ষে যাঁরা

দুরন্ত বার্তা প্রতিবেদন

শুরু হয়েছে মহিলাদের ফুটবল বিশ্বকাপ। সাম্প্রতিক সময়ে মহিলাদের ফুটবল জগতে দারুণ সব পরিবর্তন এসেছে। ফুটবলীয় দিক থেকে তো বটেই, অর্থনৈতিক দিক থেকেও মহিলা ফুটবলে নতুন দিগন্তের সূচনা হয়েছে। যুক্তরাষ্ট্র-ব্রাজিলসহ অনেক দেশ পুরুষ ও মহিলা ফুটবলারদের বেতনে সমতা এনেছে। বিশ্বকাপকে কেন্দ্র করে মহিলা ফুটবলারদের আয় কেমন, তা নিয়ে ফুটবলপ্রেমীদের মধ্যে নতুন করে আলোচনা শুরু হয়েছে। জাতীয় দলের পাশাপাশি ক্লাব থেকেও বড় অঙ্কের অর্থ পান মহিলা ফুটবলাররা। যদিও সেটা পুরুষ ফুটবলাররা ক্লাব থেকে যে অর্থ পান, তার চেয়ে অনেক কম। মহিলা ফুটবলারদের মধ্যে ক্লাব থেকে বেশি বেতন পান কারা, তা জানিয়েছে পরিসংখ্যানভিত্তিক পোর্টাল স্টাটিস্টা।

সবচেয়ে বেশি বেতন পাওয়া ৪ মহিলা ফুটবলার

- **স্যাম কার (অস্ট্রেলিয়া)**

বছরে ৫ লাখ ১৩ হাজার ডলার

স্যাম কারকে বিবেচনা করা হয় এ সময়ের সেরা ফুটবলারদের একজন হিসেবে। ২০০৮ সালে পেশাদার ফুটবলে যাত্রা শুরু করা কার বর্তমানে খেলেন চেলসির হয়ে। ২৯ বছর বয়সি এই ফুটবলারকে বছরে ৫ লাখ ১৩ হাজার ডলার বেতন দেয় চেলসি, যা তাঁকে সবচেয়ে বেশি বেতন পাওয়া খেলোয়াড়ের তালিকায় সবার ওপরে জায়গা করে দিয়েছে। ২০২০ সালে যোগ দেওয়ার পর চেলসির টানা তিনটি ওমেন সুপার লিগ জয়ে গুরুত্বপূর্ণ অবদান আছে কারের। এ ছাড়া তিনটি এফএ কাপ, দুটি এফএ লিগ কাপ এবং একটি কমিউনিটি শিল্ডও জিতেছেন কার। ২০২০-২১ সালে চেলসিকে মহিলাদের চ্যাম্পিয়নস লিগের ফাইনালে তুললেও শেষ পর্যন্ত তিনি শিরোপা জিততে পারেননি। তিনটি ভিন্ন লিগে খেলে গোল্ডেন বুট জয়ের অনন্য কীর্তিও আছে কারের। ২০০৯ সালে অস্ট্রেলিয়ার হয়ে অভিষেক হওয়ার পর ১২০ ম্যাচ খেলে ৬৩ গোল করেছেন কার।

- **অ্যালেক্স মরগান (যুক্তরাষ্ট্র)**

বছরে ৪ লাখ ৫০ হাজার ডলার

যুক্তরাষ্ট্রের কিংবদন্তি ফুটবলার অ্যালেক্স মরগান। দেশের হয়ে দুটি বিশ্বকাপ জয়ের কীর্তি আছে তাঁর। ২০১৫ সালের পর ২০১৯

সালে জিতেছেন বিশ্বকাপ শিরোপা। ২০১২ সালের অলিম্পিকে সোনাজয়ী দলের সদস্যও ছিলেন মরগান। বয়স ৩৪ পেরোলেও এখনো প্রতিপক্ষ রক্ষণে আতঙ্ক ছড়াতে পারেন এই স্ট্রাইকার। লিঁওর হয়ে ২০১৬-১৭ সালে চ্যাম্পিয়নস লিগ জেতা মরগান ২০২০ সাল থেকে খেলছেন যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ওমেনস সকার লিগের (এনডব্লিউএসএল) ক্লাব সান ডিয়াগো ওয়েবের হয়ে। এই ক্লাব তাঁকে বেতন দেয় বছরে ৪ লাখ ৫০ হাজার ডলার, যা তাঁকে দ্বিতীয় শীর্ষ বেতনধারী খেলোয়াড়ের মর্যাদা দিয়েছে। ২০১০ অভিষেকের পর মরগান জাতীয় দলের হয়ে খেলেছেন ২০৭ ম্যাচ। আর গোল করেছেন ১২১টি।

- **মেগান র‍্যাপিনো (যুক্তরাষ্ট্র)**

৪ লাখ ৪৭ হাজার ডলার

ফুটবলের বাইরে একজন আন্দোলনকর্মী হিসেবেও খ্যাতি আছে মেগান র‍্যাপিনোর। মাঠে ও মাঠের বাইরে বিভিন্ন আলোচনায়ও উঠে আসে যুক্তরাষ্ট্রের এই ফুটবলারের নাম। মরগানের মতো তিনিও যুক্তরাষ্ট্রের হয়ে জিতেছেন দুটি বিশ্বকাপ। একইভাবে ছিলেন ২০১২ সালের অলিম্পিক সোনা জেতা দলেও। ৩৮ পেরোনো র‍্যাপিনো ২০১৯ সালে জিতেছেন নারীদের ব্যালন ডি'অর। ক্লাব ফুটবলে ২০১৩ সাল থেকে খেলছেন ওএল রেজিনের হয়ে। সম্প্রতি ক্লাবটির হয়ে তাঁর নতুন করে চুক্তি বাড়ানোর পর বেতনও বেশ বেড়েছে তাঁর, যা তাঁকে সবচেয়ে বেশি বেতন পাওয়া খেলোয়াড়দের তালিকায় জায়গা করে দিয়েছে তিন নম্বরে। বছরে তাঁর বেতন এখন ৪ লাখ ৪৭ হাজার ডলার।

- **জুলি ইর্টজ (যুক্তরাষ্ট্র)**

৪ লাখ ৩০ হাজার ডলার

সবচেয়ে বেশি বেতন পাওয়া চতুর্থ খেলোয়াড়টিও যুক্তরাষ্ট্রের। বয়সে র‍্যাপিনো ও মরগানদের চেয়ে একটু ছোট মার্কিন মিডফিল্ডার জুলি ইর্টজ। ২০১৪-২০২১ পর্যন্ত তিনি খেলেছেন শিকাগো রেড স্টার্সের হয়ে। এরপর ফুটবল থেকে দেড় বছরের বিরতিতেও যান ইর্টজ। বর্তমানে খেলছেন অ্যাঞ্জেল সিটি এফসির হয়ে। ৪ লাখ ৩০ হাজার ডলার বেতন পাওয়া ইর্টজ বিরতি থেকে ফিরে জায়গা পেয়েছেন বিশ্বকাপ দলেও। যদিও মা হওয়ার পর বিশ্বকাপে খেলা নিয়ে সন্দিহান ছিলেন ইর্টজ নিজেই। তবে লম্বা সময়ের বিরতির পরও দলে ভালোভাবে জায়গা ধরে রেখেছেন এই ফুটবলার। যুক্তরাষ্ট্রকে বিশ্বকাপ ধরে রাখতে হলে জ্বলে উঠতে হবে ইর্টজকেও।

এই চারজনের পর শীর্ষ বেতন পাওয়া খেলোয়াড়ের তালিকায় যাঁরা আছেন তাঁরা হলেন নরওয়ের আডা হেগেরবার্গ। লিঁওর কাছ থেকে তিনি পান বছরে ৪ লাখ ২৫ হাজার ডলার। ব্রাজিলিয়ান কিংবদন্তি মার্তা অরল্যান্ডো প্রাইডের কাছ থেকে পান বছরে ৪ লাখ ডলার। অ্যাঞ্জেল সিটি এফসির ফরাসি ফুটবলার আমান্ডিনে হেনরি অ্যাঞ্জেল সিটি এফসি থেকে পান বছরে ৩ লাখ ৯৫ হাজার ৫০০ ডলার। হেনরির পরের অবস্থানটি তাঁর স্বদেশি ওয়েনডিয়ে রেনার্ডের। যিনি লিঁওর কাছ থেকে পান বছরে ৩ লাখ ৯২ হাজার ডলার। পরের অবস্থানে থাকা কানাডিয়ান তারকা ক্রিস্টিনে সিনক্লিয়ার তাঁর ক্লাব পোর্টল্যান্ড পাইলটসের কাছ থেকে পান ৩ লাখ ৮০ হাজার ডলার। তবে সবচেয়ে বেশি বেতন পাওয়া খেলোয়াড় কিন্তু সবচেয়ে মূল্যবান খেলোয়াড় নন। ট্রান্সফার মার্কেটের হিসাব অনুযায়ী সবচেয়ে দামি খেলোয়াড় বার্সেলোনার স্প্যানিশ তারকা অ্যালেক্সিস পুতেয়াস। ২০২১ ও ২০২২ সালে টানা দুইবার ব্যালন ডি'অর জেতা পুতেয়াসের বাজারমূল্য ৬ লাখ ১২ হাজার ডলার। দ্বিতীয় স্থানে আছেন আইতানা বুনমাতি। পুতেয়াসের বার্সা সতীর্থের বাজারদর ৫ লাখ ৫৬ হাজার ডলার। সবচেয়ে বেশি বেতন পাওয়াদের মধ্যে শুধু স্যাম কার ও হেগেরবার্গ সেরা ১০ মূল্যবান খেলোয়াড়ের তালিকায় জায়গা পেয়েছেন। তিন নম্বরে থাকা কারের বাজারদর ৫ লাখ ৫৬ হাজার ডলার। চারে থাকা হেগেরবার্গের বাজারদর ৫ লাখ ডলার।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্ল্যাক বার্ণ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013
Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 8420635501